The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 936 | 21 August 2026 | শুক্রবার ০৬ ভাদ্র ১৪৩৩



Hochul calls on Trump not to 'abruptly' end TPS for Haitian immigrants → Page 19

Cristiano Ronaldo, Georgina Rodríguez wear Gucci for intimate Portugal wedding → Page 18





Donald Trump Again Loses Sexual Abuse Case → Page 18

Mayor Mamdani finds favor in New York City → Page 19



# আলবেনির ক্যাপিটাল ভবনে ভয়াবহ হামলার পরিকল্পনা

## এফবিআইয়ের হাতে আটক কে এই নারী?

আজকাল রিপোর্ট





নিউইয়র্কের রাজধানী আলবানিতে অবস্থিত স্টেট ক্যাপিটল ভবনকে লক্ষ্য করে সম্ভাব্য সন্ত্রাসী হামলা থেকে রক্ষা পেল। আর এই ষড়যন্ত্র রুখে দিল যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। ফেডারেল তদন্তকারীদের অভিযোগ, ৩৫ বছর বয়সী আলবানি বাসিন্দা জেসিকা বোয়ি ইসলামিক স্টেট বা আইএসআইএসের পরামর্শে স্টেট ক্যাপিটলে বিস্ফোরণ ঘটানোর পরিকল্পনা করছিলেন।

ফেডারেল কর্তৃপক্ষ বিষয়টি নিয়ে বিস্তারিত জানাতে ২০ আগস্ট বিকেল ৩টায় নিউইয়র্ক এরপর ২৬ পৃষ্ঠায়




## যৌন নিপীড়ন মামলায় হেরে গেলেন ডোনাল্ড ট্রাম্প

আজকাল রিপোর্ট

যৌন নিপীড়ন মামলায় আবারো হেরে গেলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। লেখক, গবেষক ও টিভি উপস্থাপক এরপর ২৬ পৃষ্ঠায়

মহাসচিব থেকে মহামান্য

## রাষ্ট্রের অভিভাবক পরীক্ষিত ফখরুল

মাসুদ করিম, *ঢাকা থেকে*

কঠিন সময়ের পরীক্ষায় উত্তীর্ণ বিএনপি'র রাজনীতির কীর্তিমান মির্জা ফখরুল ইসলাম আলমগীরই রাষ্ট্রের অভিভাবকত্ব গ্রহণ করছেন। ৩৫ বছর পর সরাসরি ভোটে বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত হলেন বর্ষিয়ান এই রাজনীতিবিদ। জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত নির্বাচনে সংসদ সদস্যরা রাষ্ট্রপতি পদে ভোট দেন। ২৫৫ ভোট পেয়ে নির্বাচিত হন বিএনপি মনোনীত ৭৮ বছর বয়স্ক প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। কট্টর ডানপন্থী জামায়াতে ইসলামী বাংলাদেশ এবং ছাত্রদের নেতৃত্বে গঠিত প্রথম রাজনৈতিক দল এনসিপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলোর সমর্থনপুষ্ট প্রার্থী অলি আহমদ পেয়েছেন ৮৮ ভোট। তৃণমূল থেকে উঠে আসা ফখরুল বঙ্গভবনে রাষ্ট্রের সর্বোচ্চ পদে আসীন হচ্ছেন। নির্বাচনের পর পরই সরকারী গেজেট প্রকাশ করে তাকে রাষ্ট্রপতি হিসাবে ঘোষণা এরপর ২৬ পৃষ্ঠায়



*বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে লাল গোলাপ দিয়ে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী তারেক রহমান*



## সৈনিকের বাবার আকুতি : আমার ছেলেকে ফিরিয়ে আনুন

আজকাল রিপোর্ট

ইরান যুদ্ধে মার্কিন এক সৈনিকের বাবার আকুতি দাগ কেটেছে আমেরিকানদের। প্রতিটি জরিপে উঠে এসেছে প্রেসিডেন্ট ট্রাম্পের অনৈতিক ও অযৌক্তিক ইরান যুদ্ধের বিরুদ্ধে। যা নিয়ে উদ্বিগ্ন ও চিন্তিত রিপাবলিক্যান দলের নেতারা। নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে প্রভাব পড়তে পারে জনগনের যুদ্ধ নিয়ে নেতিবাচক মনোভাবের কারণে। সরকারি দল রিপাবলিক্যান পার্টি হারাতে পারে কংগ্রেসের কর্তৃত্ব। মেজোরিটি পেতে পারে বিরোধী বেঞ্চে বসে থাকা ডেমোক্র্যাটিক পার্টি। আর এতে শাসন ব্যবস্থায় এককচ্ছত্র ক্ষমতার বিলুপ্ত ঘটবে প্রেসিডেন্টের। হাতে দড়ি পড়বে ট্রাম্পের লাগামহীন ক্ষমতার। আর হয়তো এ দৃশ্যটি এরপর ২৪ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## ম্লান যুক্তরাষ্ট্র বিএনপি : উজ্জীবিত 'নিষিদ্ধ' আওয়ামী লীগ

মনোয়ারুল ইসলাম



'নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ' জানান দিচ্ছে যুক্তরাষ্ট্রে। নিউইয়র্কে তাদের তৎপরতা লক্ষনীয়। সেটা ব্রংকস, ব্রুকলিন কিংবা কুইন্স সর্বত্র। বলা যায়, কর্মসূচি নিয়ে দাবড়িয়ে বেড়াচ্ছেন তারা। দেশে নিষিদ্ধ হলেও অবাধ বাকস্বাধীণতার দেশে তো কোন অসুবিধা নেই। যদিও তাতে শুধুমাত্র আপা (সাবেক প্রধানমন্ত্রী) শেখ হাসিনাকে তুষ্ট করার প্রতিযোগিতা লক্ষ্যনীয়। সব কর্মসূচিতেই আপাকে ফোনে কানেক্ট করার অদ্যম প্রতিযোগিতা থাকে। ভারতে অবস্থানরত এরপর ২৪ পৃষ্ঠায়

## সোসাইটির নির্বাচনের নতুন তারিখ আগামী ২৫ অক্টোবর

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির নির্বাচন পিছালো। আগামী ২৫ অক্টোবর রোববার নির্বাচন অনুষ্ঠিত হবে। তা হবার কথা ছিল ১৮ অক্টোবর। হিন্দু সম্প্রদদায়ের দূর্গাপূজার কারনে এই নির্বাচন পিছনো হলো। সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার এডভোকেট আবু নাসের সাংবাদিকদের জানান, হিন্দু এরপর ২৪ পৃষ্ঠায়




## টরেন্টোতে ইতিহাসের বৃহত্তম ফোবানা কনভেনশনের ঘোষণা

আজকাল রিপোর্ট

টরেন্টোতে ইতিহাসের বৃহত্তম ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস্ ইনক নর্থ আমেরিকা'র (ফোবানা) সম্মেলনের ঘোষণা দিলেন আয়োজকরা । আগামী ৪ সেপ্টেম্বর শুক্রবার ২০২৬ টরেন্টোর ডন ভ্যালি হোটেল এন্ড সুটসে ৩ দিনব্যাপী ফোবানার ৪০তম সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। গত শনিবার ১৫ আগষ্ট নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি রেষ্টুরেন্টে 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানে ফোবানার কর্মকর্তারা এ ঘোষণা দেন। এরপর ১৫ পৃষ্ঠায়























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল

Friday, 21 August 2026, Issue 936, www.ajkalusa.com PAGE 03


# কানাডার ওপর নতুন শুল্ক স্থগিত করলেন ট্রাম্প

আজকাল রিপোর্ট



মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প বলেছেন, কানাডার বিপুল পরিমাণ পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপ তিন দিনের জন্য স্থগিত করা হবে। এর মধ্যে দুই দেশ একটি বাণিজ্য চুক্তি চূড়ান্ত করার দিকে এগোচ্ছে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, কানাডার ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ, যা বুধবার সকালে কার্যকর হওয়ার কথা ছিল, আমি তিন দিনের জন্য সেটা স্থগিত করেছি। কারণ, চূড়ান্ত নথিপত্র সম্পন্ন হওয়ার শর্তে কানাডা ও যুক্তরাষ্ট্রের মধ্যে একটি চুক্তি হয়েছে! এ খবর দিয়েছে অনলাইন বিবিসি।

প্রায় ২০০০ কোটি ডলার মূল্যের কানাডীয় পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক কার্যকর হওয়ার মাত্র দুই ঘণ্টারও কম সময় আগে এই ঘোষণা আসে। দুই দেশ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে অচলাবস্থায় ছিল। এর মধ্যে রয়েছে মার্কিন গাড়ির ওপর শুল্ক এবং কানাডার অনেক প্রদেশের আমেরিকান মদ বিক্রির ওপর নিষেধাজ্ঞা। এ সপ্তাহে ট্রাম্প ও কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি দু'বার কথা বলেছেন। জুলাই থেকে দুই দেশের বাণিজ্য আলোচনাকারীরাও তীব্র আলোচনায় ব্যস্ত ছিলেন। এর আগে ট্রাম্প ১৯ আগস্টকে নতুন শুল্ক কার্যকরের সময়সীমা নির্ধারণ করে হুমকি দেন।

নিজের পোস্টে ট্রাম্প আরও বলেন, চূড়ান্ত বাণিজ্য চুক্তি হলে কিস্টোন এক্সএল পাইপলাইন পুনরুজ্জীবিত করার সুযোগ তৈরি হতে পারে। আলবার্টা থেকে যুক্তরাষ্ট্রে তেল পরিবহনের জন্য পরিকল্পিত এই পাইপলাইনটি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা ও জো বাইডেনের প্রশাসন আটকে দিয়েছিল। পরিবেশবাদী ও আদিবাসী গোষ্ঠীগুলো দীর্ঘদিন ধরে এরপর ২৪ পৃষ্ঠায়



## কুইন্স লাইব্রেরিতে কবি শহীদ কাদরী'র ওপর আলোচনা

আজকাল রিপোর্ট

শহীদ কাদরী স্মরণে লেখকের অঙ্গন: পর্ব ২৮ নিউইয়র্কে 'কুইন্স পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত প্রবাসে বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির চর্চাকে আরও সমৃদ্ধ করার লক্ষ্যে 'লেখকের অঙ্গন-এর ২৮তম গ্রন্থালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার, ১৫ আগস্ট, নিউইয়র্কের কুইন্স পাবলিক লাইব্রেরিতে সাহিত্যপ্রেমী, কবি, লেখক ও পাঠকদের প্রাণবন্ত উপস্থিতিতে এ সাহিত্যসভা অনুষ্ঠিত হয়। এ বারের পর্বটি উৎসর্গ করা হয় বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি শহীদ কাদরীর এরপর ২২ পৃষ্ঠায়

## এনবিসির উদ্যোগে বার্ষিক বনভোজন ও ম্যাগাজিন উদ্বোধন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসকারী বাংলাদেশিদের ঐক্য, সম্প্রীতি, সংস্কৃতি ও মানবিক দায়বদ্ধতার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করল নিউইয়র্ক সিটি বিংহ্যামটন কর্পোরেশন (এনবিসি)। সংগঠনটির উদ্যোগে গত ২ আগস্ট, রোববার ওয়েস্টচেস্টার কাউন্টির মনোরম জর্জেস আইল্যান্ড পার্কে দিনব্যাপী অনুষ্ঠিত বর্ণাঢ্য বার্ষিক বনভোজন, পারিবারিক মিলনমেলা, এনবিসি ম্যাগাজিনের উদ্বোধন এবং মানবিক উদ্যোগ 'হেল্প দ্য পিপল, সেভ দ্য লাইভ'-এর শুভ সূচনা প্রবাসী বাংলাদেশিদের এক মিলনমেলায় রূপ নেয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন গোল্ডেন এজের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মফিজুর রহমান, জুয়েল ও সিনিয়র লোন অফিসার রেজা রশীদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম এরপর ২২ পৃষ্ঠায়




## গ্রেটার পাবনা অ্যাসো: অব ইউএসএ'র নতুন কমিটি গঠন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে গ্রেটার পাবনা অ্যাসোসিয়েশন অব ইউএসএ-এর নতুন কমিটি গঠন করা হয়েছে। এএসএম বাচ্চু আলীমকে সভাপতি ও আলমগীর হোসেন বেপারী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। যুক্তরাষ্ট্রে বসবাসরত পাবনা জেলার বিভিন্ন উপজেলার প্রবাসীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, ভ্রাতৃত্ব, ঐক্য ও সহযোগিতা এরপর ২২ পৃষ্ঠায়



## সিটি ডিওবি-এর কমিশনারের সঙ্গে এএবিইএ নিউইয়র্ক

আজকাল রিপোর্ট

আমেরিকান অ্যাসোসিয়েশন অব বাংলাদেশি ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস-এর একটি প্রতিনিধিদল গতকাল নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব বিল্ডিংস-এর কমিশনার আহমেদ টিগানি ডেপুটি কমিশনার (বহিঃসম্পর্ক বিষয়ক) রোসা টিলি ডেপুটি কমিশনার এবং এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভায় অংশগ্রহণ করে। এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের পক্ষ থেকে কমিশনার আহমেদ তিগানির সঙ্গে সাক্ষাৎ করতে পেরে প্রতিনিধিদল গভীর সম্মান ও আনন্দ প্রকাশ করে। সভায় নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব বিল্ডিংস এবং এরপর ২৪ পৃষ্ঠায়

## আটলান্টিক সিটিতে 'ওয়েডিং অব দ্য সী' অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউ জার্সি স্টেটের আটলান্টিক সিটিতে ১৫ আগস্ট, শনিবার সকালে অনুষ্ঠিত হয়েছে ঐতিহ্যবাহী "ওয়েডিং অব দ্য সী" অনুষ্ঠান। আটলান্টিক মহাসাগর ও নগরীর দীর্ঘদিনের সম্পর্ককে উদযাপন করতে হার্ডরক ক্যাসিনো ও আটলান্টিক মহাসাগরের তীরে আয়োজন করা হয় এই বিশেষ অনুষ্ঠান।

মহাসাগরের ঢেউ, ধর্মীয় আচার আর উৎসবের আমেজ-সব মিলিয়ে আটলান্টিক সিটিতে অনুষ্ঠিত হলো ঐতিহ্যবাহী "ওয়েডিং অব দ্য সী" অনুষ্ঠান ।

প্রতিবছর আগস্ট মাসে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে আটলান্টিক সিটির সঙ্গে মহাসাগরের ঐতিহাসিক সম্পর্ককে প্রতীকীভাবে উদযাপন করা হয়। ধর্মীয় প্রার্থনা ও এরপর ২৪ পৃষ্ঠায়



## ডালাস বাংলা উৎসবের আনুষ্ঠানিক যাত্রা শুরু

আজকাল রিপোর্ট

আগামী শনিবার, ১৪ নভেম্বর ২০২৬ অনুষ্ঠিতব্য ডালাস বাংলা উৎসব ৫ 'ডালাস বাংলা ফ্যাস্টিভেল' এর আনুষ্ঠানিক ক্ষণগণনা শুরু হলো এক প্রাণবন্ত উদ্বোধনী 'কিক-অফ' অনুষ্ঠানের মধ্য দিয়ে। রবিবার, ১৬ আগস্ট, উৎসবের অংশগ্রহণকারী, শুভানুধ্যায়ী, পৃষ্ঠপোষক, সমর্থক এবং কমিউনিটির সদস্যদের উপস্থিতিতে এই মিলনমেলা অনুষ্ঠিত হয় লুইসভিল গ্র্যান্ড থিয়েটারে-যে ভেন্যুতেই আগামী নভেম্বরে অনুষ্ঠিত হবে দিনব্যাপী মূল উৎসব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন 'ডালাস বাংলা ফ্যাস্টিভেল'-এর প্রতিষ্ঠাতা কেন কাদের। এরপর ২২ পৃষ্ঠায়


JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
- Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


Asif Mortuza

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: Ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# বাংলাদেশে গোলাপি রঙের বাস

নারী যাত্রীদের জন্য নারী চালক ও কন্ডাক্টর দিয়ে বাস সার্ভিস চালু করতে যাচ্ছে বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন (বিআরটিসি)। গোলাপি রঙের এসব বাস আজ থেকে চলবে। শুরুতে ঢাকার বিভিন্ন রুটে ১০টি, বগুড়ায় দুটি এবং চট্টগ্রামে দুটি বাস চলবে। সিসি ক্যামেরা ও পস মেশিনে টিকিট কাটার মতো আধুনিক সুবিধাও থাকবে।

যানজটপূর্ণ ঢাকা শহরে যাঁরা গণপরিবহনে চলাচল করতে বাধ্য হন, একমাত্র তাঁরাই উপলব্ধি করতে পারেন দুর্গতি কাকে বলে! যেখানে পুরুষ তো বটেই, বিশেষ করে নারী এবং বয়স্ক মানুষের জন্য কত কষ্টের ও বিড়ম্বনার। গণপরিবহনে নারী যাত্রীদের নিত্যদিনের যাতায়াত অভিজ্ঞতা যে কতটা উদ্বেগ, শঙ্কা ও মানসিক যন্ত্রণার, তা আমাদের অজানা নয়। কর্মক্ষেত্র, শিক্ষাপ্রতিষ্ঠান কিংবা ব্যক্তিগত প্রয়োজনে ঘর থেকে বের হওয়া নারীদের প্রতিদিন ভিড় ঠেলে বাসে ওঠা এবং নানা ধরনের শারীরিক ও মানসিক হয়রানির মুখোমুখি হওয়া এক নিত্য বিড়ম্বনা। নতুন উদ্যোগে এ বাসগুলো চালু হওয়া নারী যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতে একটি নতুন আশা তৈরি করেছে।

> ঢাকায় নির্দিষ্ট কয়েকটি রুটে মাত্র ১০টি বাস দিয়ে হাজার হাজার নারী যাত্রীকে সেবা দেওয়া সম্ভব নয়। কারণ, এ শহরে হাজার হাজার নারী শিক্ষা ও কর্মসংস্থানের প্রয়োজনে প্রতিদিন গণপরিবহন ব্যবহার করে থাকেন। তাই দ্রুত এই সার্ভিসটিকে আরও বিস্তৃত করতে হবে। তার চেয়েও জরুরি এই সার্ভিসের জন্য নারীদের বেশি সময় ধরে অপেক্ষা করতে যেন না হয়। বাসে উঠতে যদি অনেক বেশি সময় অপেক্ষা করতে হয়, তাহলে নারীরা এর প্রতি আগ্রহ হারিয়ে ফেলবেন। সে জন্য রুটের সংখ্যা বাড়ানোর পাশাপাশি বাসের সংখ্যা অনেক গুণ বাড়াতে হবে। নতুবা এ সার্ভিস মুখ থুবড়ে পড়তে বাধ্য। কারণ, ১০টি বাস দিয়ে কোনোভাবেই এতসংখ্যক নারীকে সঠিকভাবে সেবা দেওয়া সম্ভব না। তাই রুট এবং বাসের সংখ্যা বাড়ানোর কোনো বিকল্প নেই। এদিকে কর্তৃপক্ষকে বিশেষ দৃষ্টি দিতে হবে

তবে আশঙ্কা যে অতীতে বিভিন্ন সময়ে গ্রহণ করা এ ধরনের উদ্যোগের অভিজ্ঞতা খুব ভালো ছিল না। অনেক সময়ই দেখা গেছে, বেশ ধুমধাম করে কোনো ভালো উদ্যোগ শুরু হলেও কিছুদিন পর তদারকি ও রক্ষণাবেক্ষণের অভাব কিংবা অলাভজনক অজুহাতে একপর্যায়ে পুরোপুরি বন্ধ হয়ে গেছে। বিআরটিসির এ উদ্যোগ যেন সেই একই পুরোনো অবহেলার শিকার না হয়, তা নিশ্চিত করা জরুরি।

তবে এই উদ্যোগের পথে অন্যতম বড় বাধা হয়ে দাঁড়াতে পারে বেসরকারি পরিবহন মালিক ও শ্রমিক গোষ্ঠীর লোকজন। গণপরিবহন খাতে বেসরকারি বাসমালিকদের যে নিয়ন্ত্রণ ও প্রভাব রয়েছে, তাতে বিআরটিসির এ উদ্যোগ তাঁদের ব্যবসায়িক স্বার্থে আঘাত হানতে পারে। রুটে বাস চলাচলে বাধা দেওয়া, বিআরটিসির কর্মচারীদের ওপর চাপ সৃষ্টি করা কিংবা কৌশলে এ বাস সার্ভিসকে অকার্যকর প্রমাণ করার অপচেষ্টা চালানো অস্বাভাবিক নয়। সরকারের দায়িত্ব হলো কঠোর হাতে পরিবহন খাতের এসব সিন্ডিকেট ও অপতৎপরতা দমন করা।

ঢাকায় নির্দিষ্ট কয়েকটি রুটে মাত্র ১০টি বাস দিয়ে হাজার হাজার নারী যাত্রীকে সেবা দেওয়া সম্ভব নয়। কারণ, এ শহরে হাজার হাজার নারী শিক্ষা ও কর্মসংস্থানের প্রয়োজনে প্রতিদিন গণপরিবহন ব্যবহার করে থাকেন। তাই দ্রুত এই সার্ভিসটিকে আরও বিস্তৃত করতে হবে। তার চেয়েও জরুরি এই সার্ভিসের জন্য নারীদের বেশি সময় ধরে অপেক্ষা করতে যেন না হয়। বাসে উঠতে যদি অনেক বেশি সময় অপেক্ষা করতে হয়, তাহলে নারীরা এর প্রতি আগ্রহ হারিয়ে ফেলবেন। সে জন্য রুটের সংখ্যা বাড়ানোর পাশাপাশি বাসের সংখ্যা অনেক গুণ বাড়াতে হবে। নতুবা এ সার্ভিস মুখ থুবড়ে পড়তে বাধ্য। কারণ, ১০টি বাস দিয়ে কোনোভাবেই এতসংখ্যক নারীকে সঠিকভাবে সেবা দেওয়া সম্ভব না।

তাই রুট এবং বাসের সংখ্যা বাড়ানোর কোনো বিকল্প নেই। এদিকে কর্তৃপক্ষকে বিশেষ দৃষ্টি দিতে হবে।

# গোলাপী এখন সড়কে ...

**সজিব ঘোষ**



১৯৭৮ সালে 'গোলাপী এখন ট্রেনে' সিনেমার গোলাপী একটি ট্রেনের কামরায় উঠেছিল। ২০২৬ সালে ঢাকার সড়কে নারীদের জন্য নামছে গোলাপি বাস।

দুটি দৃশ্যের মধ্যে প্রায় পাঁচ দশকের ব্যবধান। একটি সিনেমার পর্দায়, অন্যটি বাস্তবের রাস্তায়। একটি চরিত্রের নাম 'গোলাপী', অন্যটি গোলাপি রঙের বাস। তবু দুটির মাঝখানে কোথাও যেন বাংলাদেশের সমাজের দীর্ঘ এক যাত্রার রেখা টানা যায়।

একটিতে ছিল জীবিকার জন্য পথে নামা এক দরিদ্র নারী। অন্যটিতে আছে এমন এক শহর, যেখানে লাখো নারী প্রতিদিন জীবিকার প্রয়োজনে ঘর থেকে বের হন; কিন্তু সেই বেরিয়ে পড়ার পথটি এখনো পুরোপুরি নিরাপদ, স্বস্তিদায়ক কিংবা সমান হয়ে ওঠেনি। তাই 'গোলাপী এখন ট্রেনে' থেকে 'গোলাপী এখন সড়কে'- এটি কোনো চরিত্রের গল্পের পুনরাবৃত্তি নয়; বরং একটি সমাজের বদলে যাওয়ার গল্পের সঙ্গে তার পুরনো সমস্যাগুলোর ফিরে আসার গল্প।

আমজাদ হোসেনের গোলাপী এখন ট্রেনে চলচ্চিত্র মুক্তি পেয়েছিল ১৯৭৮ সালে। তার নিজের উপন্যাস 'দ্রৌপদী এখন ট্রেনে' অবলম্বনে নির্মিত ছবিটির কেন্দ্রে ছিল গ্রামীণ দরিদ্র পরিবারের মেয়ে গোলাপী। জীবনের টানাপড়েনে তাকে নানা কাজ করতে হয়; একসময় ট্রেন হয়ে ওঠে তার কর্মক্ষেত্র; কিন্তু সে শুধু দারিদ্র্যের সঙ্গে লড়েনি, লড়েছে সমাজের চোখের সঙ্গেও। তার কাজ, চলাফেরা, জীবনযাপন- সবকিছুকেই সমাজের প্রচলিত মানদণ্ডে বিচার করা হয়েছে।

সেই অর্থে ট্রেনটি ছিল শুধু একটি যানবাহন নয়।

ট্রেন ছিল গোলাপীর জীবিকার পথ।

আর গোলাপী ছিল সেই সময়ের প্রান্তিক মানুষের প্রতিচ্ছবি।

ছবিটির শক্তি এখানেই- একজন মানুষের ব্যক্তিগত দুঃখের ভেতর দিয়ে একটি সমাজের অর্থনৈতিক কাঠামো, দারিদ্র্য, বৈষম্য ও ক্ষমতার সম্পর্ককে দেখা। আমজাদ হোসেনের চলচ্চিত্র নিয়ে আলোচনাতেও তার কাজের সমাজবাস্তবতা ও বঞ্চিত মানুষের জীবনকে তুলে ধরার বিষয়টি বারবার এসেছে।

প্রায় অর্ধশতক পরে ঢাকার রাস্তায় গোলাপি রঙের বাস নামছে। এবার গোলাপি কোনো মানুষের নাম নয়। নয় কোনো চরিত্রও। এটি একটি রঙ-একটি বাসসেবার পরিচয়। তবু সেই বাসের ভেতরে যে নারীরা উঠবেন, তাদের জীবনের সঙ্গে ১৯৭৮-এর গোলাপীর দূরত্ব যতটা মনে হয়, বাস্তবে হয়তো ততটা নয়।

ঢাকার একটি বাসে প্রতিদিন কত রকমের নারী ওঠেন?

কেউ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। কেউ পোশাক কারখানার কর্মী। কেউ ব্যাংকের কর্মকর্তা। কেউ হাসপাতালের নার্স। কেউ স্কুলশিক্ষক। কেউ দোকানে কাজ করেন। কেউ গৃহকর্মী। কেউ ছোট ব্যবসা করেন। কেউ সন্তানের চিকিৎসার জন্য শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে যান। তাদের সামাজিক অবস্থান আলাদা। আয় আলাদা। স্বপ্ন আলাদা: কিন্তু একটি জায়গায় তাদের মিল- 'তাদের চলতে হয়।' এই 'চলা'টাই আজকের নারীর অর্থনৈতিক জীবনের একটি গুরুত্বপূর্ণ শর্ত। ১৯৭৮-এর সিনেমার গোলাপী ট্রেনে উঠেছিল জীবনের প্রয়োজনে। ২০২৬-এর গোলাপি বাস সড়কে নামছে নারীর সেই প্রয়োজনটিকে একটু স্বীকৃতি দিতে। ট্রেন বদলে বাস হয়েছে।



> ২০২৬-এর গোলাপি বাস সড়কে নামছে নারীর সেই প্রয়োজনটিকে একটু স্বীকৃতি দিতে। ট্রেন বদলে বাস হয়েছে। গ্রাম বদলে মহানগর হয়েছে। জীবিকার ধরন বদলেছে; কিন্তু মানুষের বেঁচে থাকার জন্য চলার প্রয়োজন বদলায়নি। এবার দেখার বিষয়- গোলাপি বাস শুধু রঙ বদলাবে, নাকি ঢাকার রাস্তায় নারীর চলার বাস্তবতাটাও একটু বদলাবে। কারণ শেষ পর্যন্ত প্রশ্নটি কোনো গোলাপীর নয়, কোনো গোলাপি বাসেরও নয়। প্রশ্নটি- এই শহরের রাস্তা আসলে কার জন্য?

নারী ঘরের বাইরে কাজ করবেন কি না, এই প্রশ্নটি এখন আর শুধু পারিবারিক সিদ্ধান্তের বিষয় নয়। এর সঙ্গে জড়িয়ে আছে পরিবারের আয়, সন্তানের শিক্ষা, নগর অর্থনীতি, শ্রমবাজার এবং একটি পরিবারের ভবিষ্যৎ।

একজন নারী চাকরি করেন মানে শুধু তার নিজের আয় নয়; একটি পরিবারের আয় বাড়ে। একটি মেয়ে বিশ্ববিদ্যালয়ে যায় মানে শুধু তার নিজের শিক্ষা নয়; পরবর্তী প্রজন্মের সম্ভাবনাও বদলায়।

কিন্তু সেই নারী যদি কর্মস্থলে যাওয়ার জন্য প্রতিদিন একটি অনিরাপদ গণপরিবহনের ওপর নির্ভর করেন, তাহলে তার অর্থনৈতিক স্বাধীনতার সঙ্গে পরিবহনব্যবস্থার একটি অদৃশ্য সম্পর্ক তৈরি হয়।

চাকরির বিজ্ঞাপনে লেখা থাকে বেতন কত।

কেউ লেখে না- সেখানে পৌঁছাতে প্রতিদিন কতটা পথ পাড়ি দিতে হবে, কতটা ভয় সঙ্গে নিতে হবে।

দেশের শহর বড় হয়েছে। নারীর কর্মক্ষেত্র বড় হয়েছে। শিক্ষা ও চাকরিতে নারীর অংশগ্রহণ বেড়েছে; কিন্তু সেই পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে গণপরিবহন কতটা এরপর ৩৬ পৃষ্ঠায়

# রাষ্ট্র সংস্কার কোনো একক দলের কাজ নয়

**প্রফেসর ড. মোহা. হাছানাত আলী**

বাংলাদেশের রাজনীতিতে একটি পুরনো সমস্যা হলো- আমরা প্রায়ই সরকার পরিবর্তনকে রাজনৈতিক পরিবর্তনের সমার্থক মনে করি। একটি সরকার যায়, আরেকটি সরকার আসে; কিন্তু প্রশাসনের কাঠামো, রাজনৈতিক সংস্কৃতি, প্রতিষ্ঠানগুলোর দুর্বলতা এবং ক্ষমতার কেন্দ্রীভূত চরিত্র অনেকাংশে একই থেকে যায়। এই সংস্কৃতি থেকে বেরিয়ে আসাই ছিল জুলাইয়ের বড় প্রত্যাশা।

জুলাই অভ্যুত্থানের পর মানুষ এমন একটি রাষ্ট্র চেয়েছে, যেখানে চাকরি পাওয়ার জন্য রাজনৈতিক পরিচয় প্রয়োজন হবে না; প্রশাসনিক সেবা পেতে ক্ষমতাবানের সুপারিশ লাগবে না; বিচার পেতে রাজনৈতিক আশ্রয় নিতে হবে না; সংবাদ প্রকাশের জন্য সাংবাদিককে অনুমতি নিতে হবে না; বিশ্ববিদ্যালয় হবে জ্ঞানচর্চার কেন্দ্র, দলীয় আধিপত্যের ক্ষেত্র নয় এবং পুলিশ রাজনৈতিক হাতিয়ার না হয়ে নাগরিকের নিরাপত্তার প্রতিষ্ঠান হবে। অর্থাৎ জনগণের প্রত্যাশা ছিল ক্ষমতার চরিত্রের পরিবর্তন।

এই পরিবর্তন শুধু নির্বাচনের মাধ্যমে সম্ভব নয়। এর জন্য প্রয়োজন রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর সংস্কার, সাংবিধানিক ভারসাম্য, আইনের শাসন এবং রাজনৈতিক দলগুলোর আচরণে মৌলিক পরিবর্তন। এ জন্য প্রয়োজন ফ্যাসিবাদবিরোধী ঐক্য। ফ্যাসিবাদবিরোধী ঐক্য মানে সব রাজনৈতিক দলের মতাদর্শ এক হয়ে যাওয়া নয়। বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় সেটি সম্ভবও নয়, প্রয়োজনও নেই।

গণতান্ত্রিক রাষ্ট্রে বাম, ডান, মধ্যপন্থী, জাতীয়তাবাদী, ধর্মভিত্তিক কিংবা উদারনৈতিক- বিভিন্ন রাজনৈতিক মতাদর্শের অস্তিত্ব থাকবে। মতপার্থক্য থাকবে, রাজনৈতিক প্রতিযোগিতা থাকবে, নির্বাচনী লড়াই থাকবে। এটাই গণতন্ত্রের সৌন্দর্য।

রাষ্ট্র কোনো ব্যক্তি বা দলের সম্পত্তি নয়; রাষ্ট্র জনগণের। আজ যারা ক্ষমতায়, তাদের মনে রাখতে হবে- আগামীকাল তারা বিরোধী দল হতে পারে কিন্তু এর পাশাপাশি কিছু মৌলিক বিষয়ে ঐকমত্য থাকা অপরিহার্য। সেগুলো হলো- জনগণের ভোটাধিকার, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন, আইনের শাসন, বিচার বিভাগের স্বাধীনতা, গণমাধ্যমের স্বাধীনতা, মানবাধিকারের নিশ্চয়তা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নিরপেক্ষতা, রাজনৈতিক সহনশীলতা এবং ক্ষমতার জবাবদিহি। এই ন্যূনতম জায়গায় রাজনৈতিক দলগুলোর ঐকমত্য তৈরি করতে পারলে মতপার্থক্য গণতন্ত্রের শক্তিতে পরিণত হবে; আর ঐকমত্য না থাকলে সেই মতপার্থক্যই আবার সংঘাতের কারণ হতে পারে। ঐক্য হবে নীতির, ক্ষমতার নয়।



অতীতে আমরা দেখেছি, স্বৈরাচার বা কর্তৃত্ববাদের বিরুদ্ধে বিভিন্ন রাজনৈতিক শক্তি ঐক্যবদ্ধ হয়েছে। কিন্তু ক্ষমতার পরিবর্তনের পর সেই ঐক্য ভেঙে গেছে। পুরনো রাজনৈতিক সংস্কৃতি ফিরে এসেছে নতুন মুখে। জুলাই-পরবর্তী বাংলাদেশে এই ভুলের পুনরাবৃত্তি কোনোভাবেই কাম্য নয়। নেতা যত জনপ্রিয়ই হোন, তিনি রাষ্ট্রের ঊর্ধ্বে নন। কোনো দল যত বড়ই হোক, জনগণের ভোটের বাইরে তার কোনো বৈধতা নেই। কোনো সরকার যত শক্তিশালীই হোক, সংবিধান ও আইনের সীমারেখা অতিক্রম করার অধিকার তার নেই। এটাই হতে হবে জুলাই-পরবর্তী রাজনৈতিক সংস্কৃতির প্রথম শর্ত।

রাষ্ট্র কোনো ব্যক্তি বা দলের সম্পত্তি নয়; রাষ্ট্র জনগণের। আজ যারা ক্ষমতায়, তাদের মনে রাখতে হবে- আগামীকাল তারা বিরোধী দল হতে পারে। আজ যারা বিরোধীদল, আগামীকাল তারা ক্ষমতায় যেতে পারে। তাই এমন প্রতিষ্ঠানই গড়ে তুলতে হবে, যা ক্ষমতাসীন ও বিরোধী- উভয়ের অধিকার রক্ষা করে।

একটি সুস্থ গণতন্ত্রের সবচেয়ে বড় পরীক্ষা হলো- ক্ষমতাসীনরা বিরোধীদের জন্য কতটা রাজনৈতিক জায়গা রাখে এবং বিরোধীরা ক্ষমতায় গেলে আজকের ক্ষমতাসীনদের অধিকার কতটা রক্ষা করে।

জুলাই আন্দোলনে তরুণ প্রজন্ম প্রচলিত রাজনৈতিক কাঠামোর বাইরে দাঁড়িয়ে রাষ্ট্র ও সমাজকে নতুন চোখে দেখেছে। তারা শুধু চাকরিতে বৈষম্যের অবসান চায়নি; তারা মর্যাদা চেয়েছে। তারা শুধু কোটা সংস্কার চায়নি; তারা সমান সুযোগ চেয়েছে। তারা শুধু সরকার পরিবর্তন চায়নি; তারা রাষ্ট্রের জবাবদিহি চেয়েছে।

রাষ্ট্র সংস্কার কোনো একক দলের কাজ নয়। সংবিধান, নির্বাচনব্যবস্থা, বিচারব্যবস্থা, প্রশাসন, পুলিশ, দুর্নীতি দমন, স্থানীয় সরকার- প্রতিটি ক্ষেত্রেই দীর্ঘমেয়াদি সংস্কার প্রয়োজন। আর এসব সংস্কার টেকসই করতে হলে রাজনৈতিক ঐকমত্য অপরিহার্য। একটি দল ক্ষমতায় এসে নিজের মতো করে প্রতিষ্ঠান সাজাবে, পরবর্তী সরকার এসে আবার সবকিছু পাল্টে দেবে- এভাবে কোনো রাষ্ট্র এগোতে পারে না।

প্রয়োজন এমন কিছু জাতীয় নীতি ও প্রতিষ্ঠান, যেগুলো সরকার পরিবর্তনের সঙ্গে পরিবর্তিত হবে না। বিশেষ করে নির্বাচন কমিশন, বিচার বিভাগ, দুর্নীতি দমন ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশ এবং গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে একটি দীর্ঘমেয়াদি জাতীয় ঐকমত্য গড়ে তোলা জরুরি। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে দলীয় নিয়ন্ত্রণের বাইরে আনতে না পারলে শুধু নির্বাচন দিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করা এরপর ২৭ পৃষ্ঠায়

> এ লক্ষ্যেই প্রয়োজন এমন এক জাতীয় ঐক্য, যেখানে মতের ভিন্নতা থাকবে, রাজনৈতিক প্রতিযোগিতা থাকবে; কিন্তু গণতন্ত্র ও নাগরিক অধিকারের প্রশ্নে থাকবে অটুট ঐকমত্য। কারণ শেষ পর্যন্ত লড়াই কোনো ব্যক্তি বা দলের বিরুদ্ধে নয়। লড়াই এমন একটি রাষ্ট্রব্যবস্থার বিরুদ্ধে, যেখানে জনগণ রাষ্ট্রের মালিক হয়েও রাষ্ট্রের কাছে অসহায়। আর সেই লড়াইয়ের স্থায়ী বিজয় তখনই সম্ভব, যখন জুলাইয়ের বাংলাদেশে আর কোনোদিন ফ্যাসিবাদের পুনরাবির্ভাবের সুযোগ থাকবে না

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# শিক্ষককে অপমানের সংস্কৃতি: আমরা কত নিচে নামছি

কয়েক সপ্তাহ আগে গাইবান্ধার পিয়ারাপুর হাইস্কুলে প্রধান শিক্ষকের কক্ষে ঢুকে এক ছাত্র চেয়ার উঁচিয়ে হামলা চালায়। বিভিন্ন জায়গায় এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে শিক্ষকদের অকথ্য ভাষায় গালাগাল করা হয়েছে।

গত বছর কোথাও প্রধান শিক্ষককে জোরপূর্বক পদত্যাগে বাধ্য করা হয়েছে। এমনকি শিক্ষার্থীদের আচরণে মানসিকভাবে ভেঙে পড়ে একজন শিক্ষকের মৃত্যুর খবরও এসেছে।

চুয়াডাঙ্গায় এক অভিভাবক স্কুলে ঢুকে প্রধান শিক্ষিকাকে থাপ্পড় মারেন। আন্দোলনের সময় শিক্ষকদের গায়ে গরম পানি ছুড়ে মারার ঘটনাও ঘটেছে।

সম্প্রতি সিলেটের ফেঞ্চুগঞ্জ উপজেলার পিটাইটিকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিউটি রানী পাল ক্লাস শেষে বাড়ি ফেরার আগে মেঘলা আকাশ ও ঝোড়ো হাওয়া দেখে একটি ছোট ভিডিও করেন।

সেটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর হাজারো মানুষ তাঁকে নিয়ে সাইবার বুলিং ও অশ্লীল মন্তব্য করতে শুরু করে। এসব কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়; এগুলো আমাদের শিক্ষাব্যবস্থা ও সামাজিক সংস্কৃতির গভীর অসুস্থতার লক্ষণ।

গত দেড় বছরে বিশ্ববিদ্যালয়গুলোতেও শিক্ষককে জোরপূর্বক পদত্যাগে বাধ্য করা, হেনস্তা করা কিংবা শ্রেণিকক্ষে পাঠদান বন্ধ করে দেওয়ার মতো ঘটনাও ঘটেছে।

পরিস্থিতি যেন রবীন্দ্রনাথের সেই কথারই প্রতিফলন, 'যা কিছু হারায়, গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর'।

আজ শিক্ষকই যেন সবচেয়ে সহজ টার্গেট। পরীক্ষা পেছাবে কি না, শিক্ষানীতির সিদ্ধান্ত কী হবে কিংবা প্রশাসনিক ব্যর্থতার দায় কোথায়-এসবের বেশির ভাগই শিক্ষকের নিয়ন্ত্রণে থাকে না।

তবু সব ক্ষোভ, সব দোষ, সব ব্যর্থতার বোঝা তাঁর কাঁধেই চাপিয়ে দেওয়া হচ্ছে। বাংলাদেশের শিক্ষাব্যবস্থা আজ শুধু নীতিগত নয়, মূল্যবোধেরও গভীর সংকটে।

আমরা কোনো ব্যক্তি-তিনি শিক্ষক, মন্ত্রী, সরকারি কর্মকর্তা কিংবা সাধারণ নাগরিক-কাউকেই অশ্লীল ভাষায় গালাগাল বা হেনস্তা করার সংস্কৃতিকে সমর্থন করতে পারি না।

মতভেদ, প্রতিবাদ ও সমালোচনা অবশ্যই থাকবে; কিন্তু একটি সভ্য সমাজে সেগুলোরও একটি ভাষা ও সীমা থাকা উচিত। আজ প্রশ্ন জাগে, এই দেশে শিক্ষকের অবস্থান আসলে কোথায়?

মাত্র ৩০ বছর আগেও বাংলাদেশে শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক ছিল অনেক বেশি শ্রদ্ধা, স্নেহ ও পারস্পরিক সম্মানের ওপর প্রতিষ্ঠিত।

মতবিরোধ ছিল, প্রতিবাদও ছিল; কিন্তু তা প্রকাশ পেত যুক্তি, ভাষার সৌন্দর্য, সাহিত্য, কবিতা কিংবা শালীন সমালোচনার মাধ্যমে।

আজ সেই জায়গা দখল করেছে গালাগাল, অপমান, হুমকি এবং সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়ার অসুস্থ প্রতিযোগিতা।

আদনান মান্নান



একটি উদ্বেগজনক প্রবণতা হলো, আজ অনেকেই শিক্ষককে অপমান করে জনপ্রিয় হতে চান।

কোনো সরকারি কর্মকর্তা শ্রেণিকক্ষে ঢুকে শিক্ষকের ভুল ধরিয়ে ভিডিও প্রকাশ করেন। কোনো অভিভাবক স্কুলে গিয়ে শিক্ষককে হুমকি দেন বা মারধর করেন। সামাজিক যোগাযোগমাধ্যমে সেই ভিডিও ছড়িয়ে দিয়ে করতালি পাওয়ার চেষ্টা করা হয়। প্রশ্ন হলো, একটি পেশাকে অপমান করে আমরা আসলে কী অর্জন করছি?

উন্নত দেশগুলোর দিকে তাকালে দেখা যায়, অস্ট্রেলিয়া বা যুক্তরাষ্ট্রের বহু বিদ্যালয়ে শিক্ষকদের আধুনিক পাঠদানের কৌশল শেখানো হয়, অনলাইন রিসোর্স ব্যবহার করতে উৎসাহ দেওয়া হয়, উদ্ভাবনী শিক্ষণ-পদ্ধতি একে অপরের সঙ্গে ভাগ করে নেওয়ার সংস্কৃতি গড়ে তোলা হয়।

ভালো শিক্ষককে সম্মানিত করা হয়, তাঁকে অন্যদের জন্য অনুসরণীয় হিসেবে তুলে ধরা হয়। কারণ, তাঁরা জানেন, একজন ভালো শিক্ষক তৈরি হন প্রশিক্ষণ, সহযোগিতা ও সম্মানের মাধ্যমে; অপমানের মাধ্যমে নয়।

শিক্ষকদের কি ব্যক্তিগত জীবন থাকতে নেই? তাঁরা কি হাসতে পারবেন না, গান গাইতে পারবেন না, ছবি তুলতে পারবেন না, ফুটবল খেলতে পারবেন না কিংবা স্বাভাবিক আনন্দময় জীবন যাপন করতে পারবেন না?

একজন শিক্ষক কি শুধুই একটি পেশাগত পরিচয়ে সীমাবদ্ধ, নাকি তিনি একজন পূর্ণাঙ্গ মানুষও?

আমাদের সমাজে যেন একটি অলিখিত ধারণা তৈরি হয়েছে, শিক্ষককে সব সময় কষ্টে থাকতে হবে, কম বেতনেই সন্তুষ্ট থাকতে হবে, সব সময় গম্ভীর ও নিরানন্দ থাকতে হবে।

কোনো অবস্থাতেই শিক্ষককে গালাগাল করা, প্রকাশ্যে অপমান করা, জোরপূর্বক পদত্যাগে বাধ্য করা কিংবা শারীরিকভাবে হেনস্তা করা একটি সভ্য রাষ্ট্রে গ্রহণযোগ্য হতে পারে না।

এরপর ৩৬ পৃষ্ঠায়



কিন্তু প্রশ্ন হলো, আর কত দিন? যদি শিক্ষকদের জীবনমান উন্নত না হয়, তাহলে মেধাবীরা শিক্ষকতা পেশায় আসবেন না। যদি শিক্ষকতার সামাজিক মর্যাদা কমতে থাকে, তাহলে এই পেশা আর সেরা মেধার মানুষদের আকর্ষণ করবে না। এর প্রভাব সবচেয়ে বেশি পড়বে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায়, আর সেই দুর্বল ভিত্তির ওপর কখনোই একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয় ব্যবস্থা গড়ে উঠতে পারে না। আমরা এমন একটি বাংলাদেশ চাই, যেখানে শিক্ষক সম্মান নিয়ে বাঁচবেন, শিক্ষার্থী আনন্দ নিয়ে শিখবে এবং বিদ্যালয় হবে সৃজনশীলতা, মানবিকতা ও জ্ঞানের প্রাণকেন্দ্র। একটি আনন্দময় শিক্ষাব্যবস্থার ভিত্তি হলো একজন আনন্দময়, নিরাপদ এবং সম্মানিত শিক্ষক। শিক্ষককে মর্যাদা দেওয়া কোনো পেশাকে সম্মান জানানো নয়; এটি একটি জাতির ভবিষ্যতের ওপর বিনিয়োগ

# ইরানি বিপ্লব এখন তৃতীয় অধ্যায়ে

কূটনীতি এই কৌশল থেকে হারিয়ে যায়নি। কিন্তু দৃশ্যত এটিকে আর যথেষ্ট বলে মনে করা হচ্ছে না। অতএব, ইরান হয়তো কোনো 'তৃতীয় প্রজাতন্ত্রে' প্রবেশ করছে না; বরং এটি তার বিপ্লবের তৃতীয় পর্যায়ে প্রবেশ করছে-যার সূচনা হচ্ছে যুদ্ধ, প্রতিপক্ষদের সঙ্গে প্রত্যক্ষ সংঘাত এবং প্রতিরোধনীতির গভীর রূপান্তরের মধ্য দিয়ে। সম্ভবত আগের কোনো পর্যায়েই এমন একটি কৌশলগত পরিবেশে শুরু হয়নি, যা ইসলামি প্রজাতন্ত্রের প্রতিরোধ, অভিযোজন এবং শক্তি প্রদর্শনের সক্ষমতাকে এত স্পষ্টভাবে সামনে এনেছে। প্রতিপক্ষদের সর্বোচ্চ চাপের মধ্যেই ইরানি বিপ্লবের এই নতুন অধ্যায়ের সূচনা হচ্ছে-পশ্চাদপসরণের প্রকাশ হিসেবে নয়, বরং ঝড়ঝঞ্ঝা মোকাবিলা করে টিকে থাকা এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থায় নিজের অবস্থান নতুনভাবে নির্ধারণ করার সক্ষমতার প্রমাণ হিসেবে

সাইয়্যেদ মার্কোস তেনোরিও



পশ্চিমা বিশ্লেষকদের মধ্যে ইরানের রাজনৈতিক রূপান্তরকে ইউরোপীয় অভিজ্ঞতা থেকে আমদানি করা ধারণা ও শ্রেণিবিভাগের আলোকে ব্যাখ্যা করার একটি প্রবণতা বারবার দেখা যায়। যেমন ইসলামি প্রজাতন্ত্র একটি 'তৃতীয় প্রজাতন্ত্রে' প্রবেশ করছে-এমন ধারণা ফরাসি প্রজাতন্ত্রগুলোর ধারাবাহিক পরিবর্তনের মতো একটি বিচ্ছেদের ইঙ্গিত দেয়। আরও সমস্যাজনক হলো, এই কাঠামো ইরানে ক্ষমতার প্রায় বংশানুক্রমিক উত্তরাধিকারের একটি প্রাচ্যবাদী ব্যাখ্যাকে শক্তিশালী করে।

প্রথম পর্যায়টি চিহ্নিত হয়েছিল ইসলামি বিপ্লব, ইরাকের চাপিয়ে দেওয়া যুদ্ধ এবং 'ওয়ালিয়াত আল-ফাকিহ'; অর্থাৎ ইসলামি আইনজ্ঞের অভিভাবকত্ব বা শাসনব্যবস্থাভিত্তিক একটি নতুন প্রাতিষ্ঠানিক কাঠামো নির্মাণের মাধ্যমে। এই কাঠামোর মধ্যে একই সঙ্গে বিপ্লবকে সংরক্ষণ, দেশের ভূখণ্ড রক্ষা এবং বিপ্লবের নীতিগুলোকে এমন প্রতিষ্ঠানে রূপান্তর করা জরুরি ছিল, যা বিপুল বাহ্যিক চাপ মোকাবিলা করতে সক্ষম।

দ্বিতীয় পর্যায় শুরু হয় ইমাম খোমেনির মৃত্যুর পর এবং আয়াতুল্লাহ সাইয়্যেদ আলী খামেনির উত্থানের মধ্য দিয়ে। এ সময় ইরান কেবল টিকে থাকার সংগ্রামে থাকা একটি বিপ্লব হিসেবে সীমাবদ্ধ থাকেনি; বরং নিজেকে একটি আঞ্চলিক শক্তি হিসেবে সুসংহত করেছে।

এই সময়েই গড়ে উঠতে শুরু করে পরবর্তীকালে 'প্রতিরোধের অক্ষ' নামে পরিচিত রাজনৈতিক ও কৌশলগত কাঠামো। এতে এমন বিভিন্ন আন্দোলন ও শক্তি যুক্ত ছিল, যেগুলোর জাতীয় ও মতাদর্শগত পার্থক্য থাকা সত্ত্বেও যুক্তরাষ্ট্রের আধিপত্য এবং ইসরায়েলি দখলদারত্বের বিরোধিতায় তাদের অবস্থান ছিল অভিন্ন।

তৃতীয় পর্যায়টি শুরু হচ্ছে এখন, আরও নাটকীয় পরিস্থিতিতে-যুদ্ধের মধ্যেই নেতা সাইয়্যেদ আলী খামেনির শাহাদাত এবং আয়াতুল্লাহ সাইয়্যেদ মোজতবা খামেনির উত্থানের পর।

সাম্প্রতিক সামরিক ও নিরাপত্তা নেতৃত্বে পরিবর্তনগুলো থেকে মনে হচ্ছে, সাম্প্রতিক বছরগুলোর সংঘাত থেকে অর্জিত শিক্ষাগুলোকে ইরান প্রাতিষ্ঠানিক রূপ দিচ্ছে। সশস্ত্র বাহিনী, ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি), বাসিজ গণসংগঠন এবং সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদের গুরুত্বপূর্ণ পদগুলোতে নতুন নিয়োগ থেকে কমান্ড কাঠামোর অধিকতর কেন্দ্রীকরণ, গোয়েন্দা সক্ষমতা জোরদার, অভ্যন্তরীণ ফ্রন্ট প্রস্তুত করা এবং দ্রুত প্রতিক্রিয়া জানানোর সক্ষমতা বৃদ্ধির ইঙ্গিত পাওয়া যায়।

গাজা ইরানের পররাষ্ট্রনীতির কোনো প্রান্তিক ইস্যু নয়। ফিলিস্তিন এখনো সেই রাজনৈতিক ও প্রতীকী উপাদানগুলোর অন্যতম, যা এই আঞ্চলিক কাঠামোকে একসূত্রে বেঁধে রাখে।

সংবেদনশীল বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে আইআরজিসির নৌবাহিনীতে অভিজ্ঞ কমান্ডারদের নিয়োগ অতিরিক্ত গুরুত্ব বহন করে এমন এক সময়ে, যখন হরমুজ প্রণালি আঞ্চলিক সংঘাতের কেন্দ্রবিন্দুতে রয়েছে। তবে আরও গুরুত্বপূর্ণ হলো, নতুন নেতৃত্বের গ্রহণ করা ভাষা ও অবস্থান। ইরানের প্রচলিত 'কৌশলগত ধৈর্যের' নীতি যেন এখন সর্বোচ্চ পর্যায়ের প্রতিরোধক্ষমতার একটি মতবাদকে জায়গা করে দিচ্ছে, যার সঙ্গে শক্তিশালী আক্রমণাত্মক অভিযান পরিচালনার সক্ষমতার কথাও স্পষ্টভাবে যুক্ত করা হয়েছে।

এটি একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন। তবে এই রূপান্তরের অর্থ এই নয় যে ইরান তার কৌশলের আঞ্চলিক মাত্রা পরিত্যাগ করে কেবল নিজস্ব সীমান্ত রক্ষাকেন্দ্রিক নীতির দিকে এগোচ্ছে। বরং এখানেই ফিলিস্তিনের কেন্দ্রীয় গুরুত্ব বজায় রয়েছে।

সম্প্রতি হামাসের রাজনৈতিক ব্যুরোর সদস্য এবং বহির্বিশ্ববিষয়ক রাজনৈতিক সম্পর্ক বিভাগের প্রধান বাসেম নাইম বলেছেন, ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলনের প্রতি সমর্থন অব্যাহত রাখা এবং গাজা, লেবাননসহ পুরো অঞ্চলে যুদ্ধের অবসানের প্রয়োজনীয়তা নিয়ে ইরানের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদের সচিব মোহসেন রেজাই যে অবস্থান ব্যক্ত করেছেন, তা হামাস 'গভীর আগ্রহের সঙ্গে' গ্রহণ করেছে।

এই বক্তব্য তাৎপর্যপূর্ণ। ইসলামি প্রজাতন্ত্রের দ্বিতীয় পর্যায়ে যদি 'প্রতিরোধের অক্ষ' আঞ্চলিক কৌশলগত গভীরতা তৈরির একটি মাধ্যম হিসেবে গড়ে ওঠে, তাহলে তৃতীয় পর্যায়ে সেটিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে আরও প্রত্যক্ষ সংঘাতের পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নেওয়া হবে বলেই মনে হচ্ছে।

এই কাঠামোর মধ্যে গাজা ইরানের পররাষ্ট্রনীতির কোনো প্রান্তিক ইস্যু নয়। ফিলিস্তিন এখনো সেই রাজনৈতিক ও প্রতীকী উপাদানগুলোর অন্যতম, যা এই আঞ্চলিক কাঠামোকে একসূত্রে বেঁধে রাখে।

অতএব, আক্রমণাত্মক সামরিক সক্ষমতা বৃদ্ধি এবং একই সঙ্গে আঞ্চলিক যুদ্ধের অবসানের পক্ষে অবস্থান নেওয়ার মধ্যে কেবল আপাতদৃষ্টিতে একটি বিরোধ রয়েছে। ইরানের কৌশলগত চিন্তায় অধিকতর সামরিক শক্তির উদ্দেশ্য হলো আগ্রাসনের মূল্য বাড়িয়ে দেওয়া এবং এর মাধ্যমে প্রতিরোধক্ষমতাকে শক্তিশালী করা।

কূটনীতি এই কৌশল থেকে হারিয়ে এরপর ৩৬ পৃষ্ঠায়



# হাসিনার প্রত্যর্পণ: আদালত, সরকার নাকি আন্তর্জাতিক সুরক্ষা?

> আর শেখ হাসিনার সম্ভাব্য প্রতিরক্ষার জায়গায় থাকবে রাজনৈতিক অপরাধের দাবি, বিচারপ্রক্রিয়া নিয়ে আপত্তি, মানবাধিকার ও মৃত্যুদণ্ডের প্রশ্ন। সুতরাং এখন সবচেয়ে জরুরি বিষয় 'কে কাকে রাজনৈতিকভাবে চাপ দিল' নয়। আসল প্রশ্ন হলো, বাংলাদেশের প্রত্যর্পণ-অনুরোধ ভারতের আদালতের আইনি পরীক্ষায় কতটা টিকবে? সেই পরীক্ষার উত্তর কূটনৈতিক মঞ্চে নয়, শেষ পর্যন্ত আইনের ভাষাতেই লেখা হবে। আর যদি দিল্লি সত্যিই আদালতের সিদ্ধান্তের অপেক্ষায় থাকে, তাহলে ঢাকারও আবেগ নয়, প্রমাণ, আইন ও যুক্তির ওপরই নির্ভর করা উচিত। কারণ শেখ হাসিনাকে ফেরানোর লড়াই এখন যতটা রাজনৈতিক, তার চেয়ে কম নয় আইনি। আর সেই আইনি লড়াইয়ে সবচেয়ে দুর্বল অস্ত্র হলো স্লোগান; সবচেয়ে শক্তিশালী অস্ত্র হলো চুক্তির ধারা, আদালতের নথি এবং ন্যায়বিচারের বিশ্বাসযোগ্যতা

নিয়াজ মাহমুদ



শেখ হাসিনাকে বাংলাদেশে ফেরত পাঠানোর প্রশ্নটি এখন আর শুধু ঢাকা-দিল্লির কূটনৈতিক দর-কষাকষির বিষয় নেই। এটি একইসঙ্গে প্রত্যর্পণ আইন, দ্বিপক্ষীয় চুক্তি, মানবাধিকার, মৃত্যুদণ্ড এবং কথিত 'আন্তর্জাতিক সুরক্ষা' এই পাঁচটি স্তরে দাঁড়িয়ে গেছে। ফলে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামের বক্তব্য ভারতের আদালত অনুমোদন দেবে, নাকি ভারত সরকার নিজস্ব সিদ্ধান্তে তাকে পাঠাবে, সেটি ভারতের অভ্যন্তরীণ বিষয়। এক অর্থে সঠিক। কিন্তু এর সঙ্গে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন জুড়ে আছে: ভারত কি শেখ হাসিনাকে সত্যিই কোনো 'আন্তর্জাতিক সুরক্ষা' দিয়েছে? আর দিলেও সেই সুরক্ষা কি তাঁকে বাংলাদেশের প্রত্যর্পণ-অনুরোধ থেকে আইনি অব্যাহতি দিতে পারে?

এই প্রশ্নের উত্তর সরল নয়। সর্বশেষ যে তথ্য সামনে এসেছে, তাতে ভারতের একজন শীর্ষ সরকারি কর্মকর্তা দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস-কে বলেছেন, প্রত্যর্পণের চূড়ান্ত সিদ্ধান্ত ভারতের আদালতের প্রক্রিয়ার মধ্য দিয়ে হবে; বিষয়টি রাজনৈতিক বা কূটনৈতিক সিদ্ধান্ত হিসেবে দেখা হবে না। একই প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ ২০১৩ সালের ভারত-বাংলাদেশ প্রত্যর্পণ চুক্তির আওতায় প্রয়োজনীয় নথিপত্র দিয়েছে এবং ভারত তা নির্ধারিত প্রক্রিয়ায় পরীক্ষা করছে।

অর্থাৎ, এখনই 'ভারত সরকার চাইলে এক আদেশে হাসিনাকে ঢাকায় পাঠিয়ে দিতে পারে' এমন সরল ব্যাখ্যা যেমন ঠিক নয়, তেমনি 'ভারতের আদালত ছাড়া সরকার কোনো সিদ্ধান্তই নিতে পারবে না' এ কথাটিও অতিসরলীকরণ।

ভারতের Extradition Act, ১৯৬২-এর কাঠামো দেখলে বিষয়টি পরিষ্কার হয়। আইনে প্রত্যর্পণ প্রক্রিয়ায় কেন্দ্রীয় সরকারের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে; আবার নির্দিষ্ট ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের অনুসন্ধান ও আদালতীয় প্রক্রিয়াও রয়েছে। আইনের ১৭ ধারায় ম্যাজিস্ট্রেটের অনুসন্ধানের কথা বলা হয়েছে এবং ১৮ ধারায় কেন্দ্রীয় সরকারের মাধ্যমে প্রত্যর্পণের ওয়ারেন্ট জারির ব্যবস্থা আছে। একই আইনের ২৯ ধারায় কেন্দ্রীয় সরকার কিছু পরিস্থিতিতে প্রত্যর্পণ-প্রক্রিয়া স্থগিত বা বন্ধ করতে পারে। অর্থাৎ ভারতের ব্যবস্থাটি 'শুধু আদালত' অথবা 'শুধু সরকার' কোনোটিই নয়; বরং উভয়ের আইনি ভূমিকা রয়েছে।

এখানেই ভারতীয় কর্মকর্তার বক্তব্যের তাৎপর্য। আদালত যদি প্রশ্ন তোলে-বাংলাদেশে যে অভিযোগে শেখ হাসিনাকে দণ্ডিত করা হয়েছে, সেগুলো ভারতের আইনেও প্রত্যর্পণযোগ্য অপরাধ কি না-তাহলে সেটি নিছক কূটনৈতিক প্রশ্ন থাকবে না। সেটি হবে আইনি প্রশ্ন। ইন্ডিয়ান এক্সপ্রেস-এর প্রতিবেদনে ভারতীয় কর্মকর্তাও ঠিক এই বিষয়টির কথাই বলেছেন।



তবে বাংলাদেশের জন্য আশার জায়গাটিও কম নয়। ভারত-বাংলাদেশ প্রত্যর্পণ চুক্তিতে একটি সাধারণ নীতি হলো, চুক্তির শর্ত পূরণ হলে প্রত্যর্পণের বাধ্যবাধকতা রয়েছে। চুক্তিতে রাজনৈতিক অপরাধের ব্যতিক্রম রাখা হয়েছে ঠিকই, কিন্তু হত্যা, নরহত্যা, গুরুতর হামলা, আগ্নেয়াস্ত্র ব্যবহার, অপহরণ, হত্যায় প্ররোচনা এবং সন্ত্রাস-সংশ্লিষ্ট কিছু অপরাধকে রাজনৈতিক অপরাধ হিসেবে গণ্য না করার কথাও স্পষ্টভাবে বলা হয়েছে।

তাই 'এটি রাজনৈতিক মামলা, অতএব প্রত্যর্পণ হবে না'- এমন যুক্তি নিজে থেকেই চূড়ান্ত নয়। অভিযোগের প্রকৃতি, প্রমাণ, বাংলাদেশের বিচারপ্রক্রিয়া এবং সংশ্লিষ্ট অপরাধ ভারতের আইনে কীভাবে সংজ্ঞায়িত, সবই বিবেচনায় আসবে।

আরেকটি বড় প্রশ্ন মৃত্যুদণ্ড। শেখ হাসিনার বিরুদ্ধে বাংলাদেশে মৃত্যুদণ্ডের রায় হয়েছে, এই তথ্য প্রত্যর্পণ-প্রক্রিয়াকে আরও সংবেদনশীল করে তুলেছে। ভারতের প্রত্যর্পণ আইনে মৃত্যুদণ্ড-সম্পর্কিত একটি বিশেষ বিধান রয়েছে। আইনের ৩৪সি ধারায় নির্দিষ্ট পরিস্থিতিতে বলা হয়েছে, কোনো অপরাধের জন্য মৃত্যুদণ্ডের পরিবর্তে জীবন কারাদণ্ডের বিধান প্রযোজ্য হতে পারে, যখন সংশ্লিষ্ট বিদেশি রাষ্ট্রের আইনে সেই অপরাধে মৃত্যুদণ্ড নেই।

এর অর্থ এই নয় যে শেখ হাসিনার ক্ষেত্রে ভারত অবশ্যই মৃত্যুদণ্ডের নিশ্চয়তা চাইবে বা প্রত্যর্পণ মানেই মৃত্যুদণ্ড বাতিল করতে হবে। বরং এটি দেখায়, প্রত্যর্পণের পর কী ধরনের শাস্তি কার্যকর হবে, সেটিও আইনি বিবেচনার অংশ হতে পারে। সুতরাং ঢাকার জন্য কেবল 'দণ্ডপ্রাপ্ত আসামিকে ফেরত দিন' বলাই যথেষ্ট নয়; দিল্লির আদালত ও সরকার যে মানবাধিকার-সংক্রান্ত প্রশ্ন তুলতে পারে, তারও আইনসম্মত উত্তর প্রস্তুত রাখা দরকার।

এবার আসি সবচেয়ে আলোচিত 'আন্তর্জাতিক সুরক্ষা' প্রসঙ্গে। শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন এবং বিভিন্ন প্রতিবেদনে তাঁকে ভারতের নিরাপত্তা বা আশ্রয়ের আওতায় থাকার কথা বলা হয়েছে। কিন্তু এটিকে সরাসরি ১৯৫১ সালের রিফিউজি কনভেনশন-এর অধীনে স্বীকৃত শরণার্থী মর্যাদা বলে ধরে নেওয়া যাবে না। কারণ ভারত ১৯৫১ সালের রিফিউজি কনভেনশন বা ১৯৬৭ প্রোটোকলের-এর পক্ষভুক্ত রাষ্ট্র নয় এবং দেশটির কোনো পূর্ণাঙ্গ জাতীয় রিফিউজি আইনও নেই।

এখানেই 'আন্তর্জাতিক সুরক্ষা' ও 'রাজনৈতিক আশ্রয়' শব্দ দুটি নিয়ে বিভ্রান্তি তৈরি হয়।

কোনো রাষ্ট্র একজন বিদেশি নাগরিককে রাজনৈতিক বা মানবিক কারণে নিজের ভূখণ্ডে থাকতে দিতে পারে। তাকে নিরাপত্তা দিতে পারে। কিন্তু সেটি স্বয়ংক্রিয়ভাবে জাতিসংঘের শরণার্থী কনভেনশনের অধীনে refugee status তৈরি করে না। একইভাবে, কোনো ব্যক্তিকে এরপর ৪০ পৃষ্ঠায়






ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাদেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খায়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন শাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলুল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর হতবুদ্ধ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যবর্তী হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে ফলপ্রসূ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, ইতিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে আর তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইন্না'ওয়ানুহু আলান্ নিয়াক' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। আর দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহর কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ঈদুল আযহাকে বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহুকৈ বাহলপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেম দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES



## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.



Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ‘দুই বছর লাগবে’-কী বার্তা দেয়

সৈয়দ ইশতিয়াক রেজা

> একটি দেশের অর্থনীতি এক দিনে গড়ে ওঠে না; কিন্তু নীতিগত ভুল এবং জ্বালানি সংকটের মতো মৌলিক বিষয়ের সমাধানে দীর্ঘসূত্রতা বিশাল একটি অর্থনীতিকে ধ্বংস করে দেওয়ার জন্য যথেষ্ট। অর্থমন্ত্রীর দুই বছরের সময়সীমা হয়তো বাস্তবতার এক স্বীকারোক্তি, কিন্তু এই দুই বছরকে 'নিষ্ক্রিয়তার দুই বছর' হতে দেওয়া যাবে না। শিল্প বন্ধ হয়ে গেলে, বিনিয়োগ স্থবির হলে এবং কোটি কোটি মানুষ কাজ হারালে দেশের সার্বিক অর্থনৈতিক কাঠামো ভেঙে পড়বে। অর্থমন্ত্রীকে বুঝতে হবে, শিল্প না বাঁচলে দেশ বাঁচবে না। তাই গতানুগতিক কথার বাইরে এসে বেসরকারি খাতকে বাঁচানোর জন্য জরুরি ভিত্তিতে সমন্বিত রূপরেখা তৈরি করতে হবে। সময় অনেক গড়িয়েছে, আর বিলম্ব করার বিলাসিতা আমাদের অর্থনীতির নেই



অর্থনৈতিক সমৃদ্ধির চালিকাশক্তি হলো নিরবচ্ছিন্ন শক্তি বা জ্বালানি। একটি দেশের শিল্পকারখানা ও ব্যবসা-বাণিজ্য যখন সচল থাকে, তখন চাকা ঘোরে পুরো অর্থনীতির। কিন্তু বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক দৃশ্যপট যেন এক গভীর উদ্বেগের জন্ম দিচ্ছে। চলমান গ্যাস ও বিদ্যুৎ সংকটে শিল্প বাণিজ্যের চাকা যখন বন্ধের উপক্রম তখন অর্থমন্ত্রী বলে দিলেন 'বিদ্যুৎ ও গ্যাসের সংকট নিরসনে অন্তত দুই বছর সময় লাগবে'।

তার কথা দেশের ব্যবসায়ী, বিনিয়োগকারী এবং সাধারণ মানুষের আত্মবিশ্বাসকে মারাত্মকভাবে নাড়া দিয়েছে। পোশাক, ওষুধ, সিরামিক, ইস্পাতসহ নিত্যপণ্যের কারখানাগুলো যখন বিদ্যুৎ ও গ্যাসের অভাবে উৎপাদন বন্ধ রাখতে বাধ্য হচ্ছে, তখন প্রশ্ন ওঠে: এই দীর্ঘ দুই বছরের অনিশ্চয়তা সহ্য করার মতো সামর্থ্য কি আমাদের অর্থনীতির আছে? দুই বছর তাহলে বাণিজ্য ও বিনিয়োগবিহীন কাটাতে হবে বাংলাদেশকে?

দুই বছর জ্বালানি সংকট বজায় থাকা মানে কেবল সাময়িক থমকে যাওয়া নয়; বরং কাঠামোগত ধসের ঝুঁকি তৈরি হওয়া। বর্তমানে আমাদের জাতীয় অর্থনীতির যে চার প্রধান ভিত্তি-বিনিয়োগ, কর্মসংস্থান, মূল্যস্ফীতি ও রাজস্ব আয়, তার প্রতিটি ক্ষেত্রই এ জ্বালানি সংকটের কারণে সরাসরি আঘাতপ্রাপ্ত।

বিনিয়োগের মূল শর্ত হলো স্থায়িত্ব এবং পূর্বাভাসযোগ্যতা। একজন দেশি বা বিদেশি উদ্যোক্তা তখনই নতুন প্রকল্পে কোটি কোটি টাকা ঢালেন, যখন তিনি জানেন যে তিনি ন্যূনতম অবকাঠামোগত সুবিধা, বিশেষ করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও গ্যাস পাবেন।

বর্তমানে গ্যাসের অভাবে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জসহ বিভিন্ন জেলার ক্ষুদ্র, মাঝারি ও ভারী শিল্পগুলোর উৎপাদন ৩০ থেকে ৫০ শতাংশে নেমে এসেছে। অনেকে বিকল্প হিসেবে ডিজেল ব্যবহার করছেন, যা তাদের উৎপাদন খরচ বহুগুণ বাড়িয়ে দিচ্ছে। উচ্চ মূল্যস্ফীতি এবং চড়া সুদের হারের এ সময়ে ডিজেলনির্ভর উৎপাদন কোনো স্থায়ী সমাধান হতে পারে না। যখন বিদ্যমান কারখানাগুলোই টিকিয়ে রাখা দায় হয়ে পড়েছে, তখন নতুন বিনিয়োগ আসা অবাস্তব স্বপ্ন মাত্র।

দুই বছর যদি গ্যাস-বিদ্যুতের নিশ্চয়তা না থাকে, তবে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ তো দূরের কথা, দেশীয় পুঁজিও দেশ থেকে পাচার হওয়ার ঝুঁকি তৈরি হবে। বিনিয়োগ স্থবির হয়ে পড়ার সোজা অর্থ হলো-নতুন শিল্পের প্রসার ঘটবে না এবং ব্যবসা সম্প্রসারণের পথ রুদ্ধ হয়ে যাবে।




বিনিয়োগ না বাড়লে নতুন কর্মসংস্থান তৈরি হয় না, এটি অর্থনীতির এক মৌলিক নিয়ম। কিন্তু সংকট যখন গভীর হয়, তখন শুধু নতুন কর্মসংস্থান বন্ধই হয় না, পুরোনো কর্মসংস্থানও বিলুপ্ত হতে শুরু করে। গত দুই বছর ধরে একের পর এক কারখানা বন্ধ হয়েছে রাজনৈতিক কারণে। এখন যদি জ্বালানির কারণে দুই বছর বসে থাকে হয়, তাহলে গণশ্রমিক ছাঁটাইয়ের পথে হাঁটবে বহু কারখানা। ভেঙে পড়বে সামাজিক শৃঙ্খলা।

আমাদের দেশে প্রতি বছর ২০ থেকে ২২ লাখ তরুণ শ্রমবাজারে প্রবেশ করে। সরকারি খাতে কর্মসংস্থানের সুযোগ সীমিত হওয়ায় বেসরকারি শিল্প খাতই ছিল এদের প্রধান ভরসা। কিন্তু শিল্পকারখানাগুলো যদি জ্বালানির অভাবে ধুঁকতে থাকে, তবে এ বিশালসংখ্যক শিক্ষিত ও অশিক্ষিত বেকার যুবকের স্থান কোথায় হবে? শ্রমবাজারে এ সংকট কেবল অর্থনৈতিক সমস্যা হিসেবেই থাকবে না, তা সামাজিক অস্থিরতা এবং অপরাধপ্রবণতা বৃদ্ধির কারণ হয়ে দাঁড়াবে।

বর্তমানে বাংলাদেশের সাধারণ মানুষ সবচেয়ে বেশি যে সংকটের মুখোমুখি, তা হলো চড়া মূল্যস্ফীতি। চাল, ডাল, তেল থেকে শুরু করে ওষুধপত্র-সবকিছুর দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। জ্বালানি সংকটের সঙ্গে এ মূল্যস্ফীতির যোগসূত্র অত্যন্ত সরাসরি। যখন একটি কারখানা চাহিদার তুলনায় কম উৎপাদন করে, তখন বাজারে পণ্যের জোগান কমে যায়। অন্যদিকে ডিজেল চালিয়ে উৎপাদনে যুক্ত হওয়া বাড়তি খরচ শেষ পর্যন্ত পণ্যের চূড়ান্ত দামেই যুক্ত হয়। অর্থাৎ, ব্যবসায়ীর বাড়তি উৎপাদন ব্যয়ের খেসারত দিতে হচ্ছে সাধারণ ভোক্তাকে।

গ্যাস ও বিদ্যুতের দাম এমনিতেই একাধিকবার বাড়ানো হয়েছে। দাম বাড়ানোর পরও যদি পর্যাপ্ত সরবরাহ না মেলে, তবে ব্যবসার খরচ বাড়ে এবং সেইসঙ্গে বাড়ে মূল্যস্ফীতির চাপ। কাজ হারিয়ে বা সীমিত আয়ে যখন মানুষ সংসার চালাতে পারছে না, তখন পণ্যের উচ্চমূল্য তাদের জীবনকে এক বিষাদময় বাস্তবতায় রূপ দিচ্ছে।

এখন বড় প্রশ্ন হলো, দেশ আসলে কোন পথে চলেছে? আমরা কি এক দীর্ঘস্থায়ী স্থবিরতা বা 'স্ট্যাগফ্লেশন'-এর দিকে যাচ্ছি, যেখানে প্রবৃদ্ধি থমকে যাবে; কিন্তু মূল্যস্ফীতি থাকবে উঁচুতে?

আমাদের বর্তমান সংকটের পেছনে কেবল বৈশ্বিক পরিস্থিতি বা জ্বালানি বাজারের ওঠানামা দায়ী নয়; আমাদের দীর্ঘমেয়াদি অভ্যন্তরীণ নীতির নীতিগত ভুলও সমানভাবে দায়ী। দেশীয় গ্যাস অনুসন্ধানে দীর্ঘদিনের অবহেলা, স্পট মার্কেট থেকে চড়া দামে এলএনজি কেনার ওপর অতিরিক্ত নির্ভরতা এবং দ্রুত বিদ্যুৎ উৎপাদনের নামে ভুল চুক্তিগুলো আমাদের এ ফাঁদে ফেলেছে।

দুই বছর সময় লেগে যাওয়ার পেছনে যে আমলাতান্ত্রিক জটিলতা ও অর্থায়নের সংকট এরপর ২৭ পৃষ্ঠায়

# জাতীয় সংকট : বেকার সমস্যা

আবদুন নূর

এক কোটি বেকারের দু- কোটি হাত
ধরো হাল তোল পাল করো বাজিমাত।

বাংলাদেশ সরকারের বিভিন্ন হিসাব অনুযায়ী বাংলাদেশে নিবন্ধিত বা আনুষ্ঠানিকভাবে বেকারের সংখ্যা প্রায় ২৬ লাখ থেকে ২৭ লাখ। তবে অর্থনীতিবিদ ও আন্তর্জাতিক সংস্থাগুলোর মতে, খণ্ডকালীন বা মনমতো কাজ না পাওয়া ও প্রকৃত বেকার মিলিয়ে এই সংখ্যা প্রায় এক কোটি পর্যন্ত হতে পারে।বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্য অনুযায়ী দেশে বেকার মানুষের সংখ্যা প্রায় ২৬ থেকে ২৭ লাখ। এর মধ্যে প্রায় ৯ লাখ বা প্রতি তিনজন বেকারের একজন স্নাতক ডিগ্রিধারী বা উচ্চশিক্ষিত।

বাংলাদেশে কাজ করতে সক্ষম বা শ্রমশক্তির মধ্যে রয়েছে কোটির ওপরে মানুষ, যার একটি বড় অংশ দেশের সামগ্রিক পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নিতে পারছেন না।

অনেক অর্থনীতিবিদ ও বিশ্লেষকদের মতে, বেকারের সংকীর্ণ সংজ্ঞার কারণে সরকারি পরিসংখ্যানে আসল চিত্র আসে না। বিশ্বব্যাংকের মতে, সাম্প্রতিক বছরগুলোতে কর্মক্ষম তরুণদের একটি বড় অংশ চাহিদামাফিক কাজ বা উপযুক্ত চাকরি পাননি, ফলে প্রকৃত অপ্রাতিষ্ঠানিক বেকার ও কাজের বাইরে থাকা তরুণের সংখ্যা আরও বেশি। বিভিন্ন পরিসংখ্যানে দেখা যায় বাংলাদেশে বেকারের বড় অংশই শিক্ষিত তরুণ-তরুণী। উচ্চশিক্ষিত বা স্নাতক (অনার্স) ও স্নাতকোত্তর পাস বেকারের সংখ্যা প্রায় ৮ থেকে ৯ লাখ।শিক্ষাগত যোগ্যতা যত বেশি, বাংলাদেশে বেকারত্বের হার তত বেশি। সাধারণ বা কম শিক্ষিতদের মধ্যে বেকারত্বের হার তুলনামূলক কম। এছাড়া পুরুষদের তুলনায় নারীদের মধ্যে বেকারত্বের হার বেশি। বিবিএস-এর হিসাবে পুরুষ বেকারত্বের হার যেখানে ৩% এর কাছাকাছি, নারীদের ক্ষেত্রে তা ৬% এর বেশি। কর্মক্ষম নারীদের বড় অংশই এখনো শ্রমশক্তির বাইরে আছেন অথবা unpaid (মজুরিহীন) পারিবারিক কাজে নিয়োজিত। বিভাগওয়ারি হিসাবশীর্ষে ঢাকা ও চট্টগ্রাম বিভাগ। শিল্পকারখানা এবং বেশি জনসংখ্যা থাকায় ঢাকা ও চট্টগ্রাম বিভাগে বেকারের সংখ্যা সংখ্যার দিক থেকে সবচেয়ে বেশি।শতকরা বেকারের হার হিসেবে বরিশাল ও খুলনা বিভাগে বেকারত্বের হার জাতীয় হারের চেয়ে কিছুটা বেশি। অন্যদিকে, কৃষিপ্রধান রংপুর বা সিলেট বিভাগে আনুষ্ঠানিক বেকারের হার কিছুটা কম দেখা যায়। যদিও সেখানে মৌসুমি বেকারত্বের হার বেশি।

বেকার সমস্যা বাংলাদেশের অন্যতম প্রধান জাতীয় সংকট। সাম্প্রতিক বছরগুলোতে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক শ্রম সংস্থার বিভিন্ন প্রতিবেদনেও এই সংকটের ভয়াবহতা স্পষ্ট হয়ে উঠেছে।বেকারত্ব ভয়াবহ রূপ নেওয়ার মূল কারণ ও এর প্রভাবগুলো নিচে তুলে ধরা হলো :

গত এক দশকে ৫৩ লাখ তরুণ বেকারত্ব বরণ করেন। বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়াবিষয়ক প্রতিবেদন অনুযায়ী, গত এক দশকে বাংলাদেশের শ্রমবাজারে প্রায় ১ কোটি ৪০ লাখ তরুণ প্রবেশ করলেও কর্মসংস্থান হয়েছে মাত্র ৮৭ লাখের। অর্থাৎ, প্রায় ৫৩ লাখ তরুণ গত এক দশকে কোনো চাকরি বা উপযুক্ত কাজ পাননি।



বর্তমানে বাংলাদেশে সাধারণ বেকারত্বের হারের চেয়ে স্নাতক ও উচ্চশিক্ষিতদের বেকারত্বের হার (১৩.৫%) প্রায় তিন গুণ বেশি। বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়ে প্রতি বছর প্রায় ৭ লাখ শিক্ষার্থী বের হলেও বাজারমুখী বা ব্যবহারিক দক্ষতার অভাবে তারা চাকরি পাচ্ছেন না, যাকে অর্থনীতিবিদরা 'ম্যাচিং ক্রাইসিসচ বা যোগ্যতার অমিল বলছেন।'

নতুন বিনিয়োগ ও কর্মসংস্থানের অভাবদেশে বেসরকারি খাতে আশানুরূপ নতুন বিনিয়োগ না হওয়ায় নতুন শিল্পকারখানা বা কর্মসংস্থান তৈরি হচ্ছে না। সরকারি চাকরির সীমিত পদের বিপরীতে লাখ লাখ প্রার্থীর আবেদন এই তীব্র প্রতিযোগিতাকে আরও দৃশ্যমান করে তোলেছে।

সামাজিক ও মানসিক প্রভাবদীর্ঘদিন বেকার থাকার ফলে তরুণদের মধ্যে হতাশা, মানসিক চাপ এবং পারিবারিক অশান্তি বাড়ছে। অনেক ক্ষেত্রে এটি সামাজিক অপরাধ বৃদ্ধি এবং মেধা পাচারের (Brain Drain) মতো ভয়াবহ পরিণতি ডেকে আনছে। যার ফলে দেশের বাহিরে অর্থাৎ বহির্বিশ্বে যাবার প্রবণতা যুবসমাজের মাঝে পরিলক্ষিত হচ্ছে ।

নতুন প্রশাসন বেকারত্বকে দেশের এক নম্বর সমস্যা হিসেবে ঘোষণা করে বড় ধরনের কর্মসংস্থান সৃষ্টির পরিকল্পনা হাতে নিয়েছেন।

আগামী ৫ বছরের মধ্যে দেশের প্রায় ১ কোটি তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টির দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

যুবকদের দক্ষ করে গড়ে তুলতে প্রতিটি জেলায় কারিগরি, তথ্যপ্রযুক্তি (ওএ) এবং ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ শুরু হয়েছে।

তরুণদের শুধু চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হতে সহায়তার জন্য একটি বিশেষ 'উদ্যোক্তা সহায়তা তহবিল' স্টার্ট-আপ ও এন্টারপ্রেনারশিপ ফান্ড গঠন করা হয়েছে।

সর্বোপরি সরকারী উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার সুযোগ তৈরি করতে পারলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও গতিশীল হবে।বেকার সমস্যা শক্তিতে রূপান্তরিত হবে।

লেখক: কবি ও রাজনৈতিক বিশ্লেষক।



> নতুন প্রশাসন বেকারত্বকে দেশের এক নম্বর সমস্যা হিসেবে ঘোষণা করে বড় ধরনের কর্মসংস্থান সৃষ্টির পরিকল্পনা হাতে নিয়েছেন। আগামী ৫ বছরের মধ্যে দেশের প্রায় ১ কোটি তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টির দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। যুবকদের দক্ষ করে গড়ে তুলতে প্রতিটি জেলায় কারিগরি, তথ্যপ্রযুক্তি (ওএ) এবং ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ শুরু হয়েছে। তরুণদের শুধু চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হতে সহায়তার জন্য একটি বিশেষ 'উদ্যোক্তা সহায়তা তহবিল' স্টার্ট-আপ ও এন্টারপ্রেনারশিপ ফান্ড গঠন করা হয়েছে। সর্বোপরি সরকারী উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার সুযোগ তৈরি করতে পারলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও গতিশীল হবে। বেকার সমস্যা শক্তিতে রূপান্তরিত হবে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# জনগণের নাড়ির স্পন্দন বুঝতে পারছেন তিনি

ড. মাহবুব উল্লাহ্

গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে বিএনপি ২১২ আসনে জয় পেয়ে সরকার গঠন করে। নির্বাচনের ৫ দিন পর ১৭ ফেব্রুয়ারি বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকার দায়িত্ব গ্রহণ করে। এ হিসাবে ১৭ আগস্ট পূর্ণ হয়েছে সরকারের ৬ মাস। ৪৮ সদস্যের মন্ত্রিসভায় ২৫ মন্ত্রী ও ২৩ প্রতিমন্ত্রী রয়েছেন। দায়িত্ব গ্রহণের প্রথম ১৮০ দিনে অর্থনীতি পুনরুদ্ধার, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা প্রতিষ্ঠা, প্রশাসনিক পুনর্বিন্যাস, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক নিরাপত্তা ও কর্মসংস্থানের বিভিন্ন খাতে বহুবিধ উদ্যোগ গ্রহণের কথা বলেছে সরকার। সুনির্দিষ্টভাবে সরকারের পক্ষ থেকে বলা হয়েছে : প্রথম ৬ মাসের নির্ধারিত লক্ষ্যমাত্রার প্রায় শতভাগ বা অধিকাংশ পূর্ণ হয়েছে। মন্ত্রিসভার প্রথম বৈঠকে ১০ হাজার টাকা পর্যন্ত কৃষকদের কৃষিঋণ ও সুদ মওকুফ করা হয়, যার সুফল পান প্রায় ১৩ লাখ কৃষক পরিবার। ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও প্রবাসীর কার্ড চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। ইমাম, মুয়াজ্জিন ও বিভিন্ন ধর্মীয় গুরুদের জন্য সম্মানীর ব্যবস্থা করা হয়েছে। বৈদেশিক সম্পর্কের ক্ষেত্রে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিয়ে চীন ও মালয়েশিয়ার সঙ্গে বিনিয়োগ ও শ্রমবাজার নিয়ে চুক্তি ও আলোচনা হয়েছে।

সরকারের এ দাবির বিপরীতে জামায়াতে ইসলামীসহ অন্য দলগুলো বলেছে, গ্যাস ও জ্বালানি সংকট এবং দ্রব্যমূল্যের চাপ সাধারণ মানুষের জীবনে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। অপরাধ দমন ও আইনশৃঙ্খলা পরিস্থিতির কাঙ্ক্ষিত উন্নতি নিয়ে বিশ্লেষকরা প্রশ্ন তুলেছে। তারা অভিযোগ করেছে, সরকার তাদের প্রথম ৬ মাসে দৃশ্যমান অগ্রগতি দেখাতে পারেনি এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দলীয়করণের প্রবণতা রয়েছে।

সরকার ও বিরোধী দলের অবস্থান থেকে যা কিছু দাবি করা হোক না কেন, তারপরও একটি বড় কথা থেকে যায়। প্রশ্ন হলো, কী অবস্থায় বর্তমান সরকার রাষ্ট্রের দায়িত্বভার গ্রহণ করেছে? ২০২৪-এর জুলাই অভ্যুত্থানের পর দেখা গেল রাষ্ট্রের প্রতিটি প্রতিষ্ঠান দু-একটি ব্যতিক্রম ছাড়া একেবারে ধসে পড়েছে এবং অকার্যকর হয়ে গেছে। ডারন এসেমগলু ও রবিনসনস তাদের বিখ্যাত গ্রন্থ 'Why Nations Fail'-এ দেখিয়েছেন, যে জাতির রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো ভেঙে পড়ে, সে জাতি ব্যর্থ হয়ে যায় বা ব্যর্থ রাষ্ট্রে পরিণত হয়। লেনিনের ভাষায় রাষ্ট্র বলতে আমরা বুঝি সামরিক বাহিনী, পুলিশ, আমলাতন্ত্র, কারাগার, গোয়েন্দা সংস্থা ও বিচার বিভাগ। ২০২৪-এর গণ-অভ্যুত্থানের পর আমরা যদি বাংলাদেশ রাষ্ট্রের এ প্রতিষ্ঠানগুলোর প্রতি অবলোকন করি তাহলে প্রথমত দেখব, সামরিক বাহিনীতে কী ধরনের ক্ষতিকর সংক্রমণ ঘটেছিল। ২০২৪-এর অভ্যুত্থানের পর বেশ কিছুসংখ্যক উচ্চপদস্থ সামরিক অফিসার ভারতে পালিয়ে যায়। এদের মধ্যে সামরিক গোয়েন্দা সংস্থার প্রধানও রয়েছেন। এই যদি হয় একটি দেশের সামরিক গোয়েন্দা সংস্থার অবস্থা, তাহলে সেই দেশের রাষ্ট্রীয় নিরাপত্তা অনেকটা আকাশে তাসমান খেলনা বেলুনের মতো হয়ে যায়, যা সূক্ষ্ম একটি ফুটোতেই চুপসে পড়ে। এছাড়া উচ্চপদস্থ কয়েকজন সামরিক কর্মকর্তার বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের গুরুতর অভিযোগ উত্থাপিত হয়েছিল। এদের কেউ কেউ এখন বন্দিদশায় রয়েছেন এবং বিচারের মুখোমুখি হয়েছেন। আরও উদ্বেগের বিষয়, কতিপয় সামরিক কর্মকর্তা অভ্যুত্থান-উত্তর অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে ক্যু করতে চেয়েছিলেন বলে অভিযোগ উত্থাপিত হয়েছে। তবে এটাই সামরিক বাহিনীর প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য নয়। সামরিক বাহিনীর দেশপ্রেমিক ও গণতন্ত্রমনা সদস্যরা শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী ছাত্র-জনতাকে খুন করতে চায়নি। তারা ছাত্র-জনতার সঙ্গে একাত্ম হয়ে ফ্যাসিবাদী ষড়যন্ত্রকে নস্যাৎ করে দিয়েছে। অভ্যুত্থানের দিনগুলোতে ছাত্র-জনতার বিরুদ্ধে কঠোর অবস্থানে দাঁড়িয়েছিল পুলিশবাহিনী ও তাদের অনেক অফিসার। বস্তুত পুলিশবাহিনী ছিল ফ্যাসিস্ট শেখ হাসিনার ব্যক্তিগত ঠেঙাড়ে বাহিনী। হাসিনার মসনদকে চিরস্থায়ী করার প্রয়াসে এদের ছলাকলা ও কৌশলের অন্ত ছিল না। এরা বিরোধী দলের নেতাকর্মীদের বিরুদ্ধে হাজার হাজার হয়রানিমূলক, ফরমায়েশি মামলা দায়ের করে ক্ষতবিক্ষত করেছে। সরকারবিরোধীদের অনেককে গুম করা হয়েছে এবং বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকারে পরিণত করা হয়েছে। অনেককে তুলে নিয়ে গিয়ে আয়নাঘরে বছরের পর বছর নিরুদ্দেশ হিসাবে বন্দি করে রাখা হয়েছে।



অভ্যুত্থান সফল হওয়ার পর পুলিশবাহিনীর অধিকাংশ সদস্য ব্যারাক, থানা, ফাঁড়ি ও অস্ত্র পরিত্যাগ করে পালিয়ে গেছে। এদের অনেকে কর্মক্ষেত্রে দীর্ঘদিন ফিরে আসেনি। দেশ কার্যত পুলিশশূন্য হয়ে পড়েছিল। আইনশৃঙ্খলা রক্ষার জন্য কোনো ধরনের পাহারা ও নজরদারি বজায় ছিল না। আওয়ামী লীগ সরকার কর্তৃক নিয়োজিত বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার, ডিনসহ কর্মকর্তাদের অনেকে পালিয়ে গেছেন অথবা আত্মগোপনে চলে গেছেন। শিক্ষার্থীরা বেশকিছু শিক্ষকের বিরুদ্ধে ফ্যাসিবাদের সক্রিয় ক্রীড়নক হওয়ার অভিযোগ এনেছে এবং এদের নেওয়া ক্লাস-পরীক্ষা বর্জন করেছে। শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের দুঃশাসনে আমলাতন্ত্র পরিণত হয়েছিল হাতের পুতুলে। তথাকথিত মুজিববর্ষে এরা শেখ মুজিবের শতশত মূর্তি গড়েছে, মুজিব বন্দনায় শতশত অনুষ্ঠান করেছে। মুজিববর্ষের অনুষ্ঠানাদি করার নামে এরা রাষ্ট্রের কোটি কোটি টাকা লোপাট করেছে। দলীয়করণ এমন জঘন্য পর্যায়ে পৌঁছে গিয়েছিল যে, বায়তুল মোকাররমের খতিব পর্যন্ত পালিয়ে গিয়েছিল। রাষ্ট্রযন্ত্রের

এরপর ২৬ পৃষ্ঠায়



কিন্তু এ সফরের জন্য দিল্লি সহায়ক পরিবেশ তৈরি করছে না। দিল্লিতে বসে পলাতক শেখ হাসিনা বাংলাদেশে রাজনৈতিক স্থিতিশীলতা বিনষ্টে নানা রকম উসকানিমূলক কথা বলে চলেছে। ভারত সরকার তাকে না নিবৃত্ত করছে, না তাকে উভয় দেশের চুক্তি মোতাবেক বাংলাদেশের কাছে প্রত্যর্পণ করছে। এমনই এক অবস্থায় ভারতের পদলেহী এক রাজনৈতিক নেতা সামাজিক মাধ্যমে ফটোকার্ড করে বলে চলেছেন, ভারতের আমন্ত্রণ গ্রহণ না করলে ভারত এটাকে সহজভাবে নেবে না। আগামী দিনে ভারত কী করবে, তা বলতে পারব না। তবে বাংলাদেশের প্রতি বৈরী আচরণে ভারত কতটা নিবৃত্ত থাকে, তা দেখার বিষয়। ভারত সফর প্রশ্নে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশের জনগণের নাড়ির স্পন্দন বুঝতে পারছেন, এমনটাই বিশ্বাস করতে চাই

# মার্কো রুবিও ট্রাম্পের মতোই বিপজ্জনক

সায়মন টিসডাল

রুবিও বিপজ্জনক। কারণ তিনি ট্রাম্পের সবচেয়ে খারাপ প্রবণতাগুলোকে কার্যকর করতে সাহায্য করেন। একই সঙ্গে নিজের দায়িত্বও এড়িয়ে যান। সীমাহীন মার্কিন আধিপত্য নিয়ে উগ্র ডানপন্থিদের কল্পনাকে তিনি বুদ্ধিবৃত্তিক গ্রহণযোগ্যতার আবরণ দেন। জেডি ভ্যান্স সামাজিক যোগাযোগমাধ্যমে শিশুসুলভ নাম ধরে গালাগালিতে মেতে থাকেন। পিট হেগসেথ নিজেকে 'যুদ্ধবিষয়ক মন্ত্রী' হিসেবে তুলে ধরে উগ্র জাতীয়তাবাদী বক্তব্য দেন। তাদের তুলনায় রুবিও আরও বিপজ্জনক। কারণ তিনি দেখতে ও শুনতে যুক্তিবাদী মনে হতে পারেন। ট্রাম্পের উত্তরসূরি হিসেবে তার নির্বাচিত হওয়ার সম্ভাবনাও যথেষ্ট। 'মাগা' আন্দোলনের নেতৃত্বও তার হাতে যেতে পারে। হয়তো তার আগেই তিনি আবার নিজের অবস্থান বদলাবেন, আবার কিছু নীতি ও আদর্শের কথা মনে করবেন, কূটনৈতিক দৃঢ়তা ফিরে পাবেন, কয়েকটি আগুন নেভাবেন

ওয়াশিংটন ডিসির পররাষ্ট্র দপ্তর থেকে দেখলে মনে হয়, বিশ্ব যেন আগুনে জ্বলছে। তবে এর জন্য রেকর্ড তাপপ্রবাহ দায়ী নয়। ইরান যুদ্ধের কোনো সমাধান না হওয়ায় ডোনাল্ড ট্রাম্প বড় ধরনের রাজনৈতিক ক্ষতির মুখে পড়েছেন। তার সামরিক অভিযান শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছে। জ্বালানি ও খাদ্যের দাম এখনো বাড়ছে। নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের বড় ধরনের পরাজয়ের আশঙ্কাও তৈরি হয়েছে। এর মধ্যে আরও অপমানজনক ঘটনা ঘটেছে। ট্রাম্পের সর্বশেষ গাজা শান্তি প্রস্তাব ইসরায়েল সরাসরি প্রত্যাখ্যান করেছে। এর কয়েক দিন আগেই ট্রাম্প নিজেকে অভিনন্দন জানিয়ে এটিকে 'ঐতিহাসিক অগ্রগতি' বলে ঘোষণা করেছিলেন। ইউরোপে ন্যাটোর মিত্র দেশগুলোর ওপর রাশিয়ার হামলা দিন দিন আরও বেপরোয়া হয়ে উঠছে। এর ফলে আরও বড় সংঘাতের আশঙ্কা তৈরি হচ্ছে। ইউক্রেন যুদ্ধ বন্ধ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন ট্রাম্প। সেই যুদ্ধ এখন পঞ্চম বছরে প্রবেশ করেছে। দুই পক্ষের বেসামরিক মানুষই যুদ্ধের রক্তাক্ত ময়দানে প্রাণ হারাচ্ছেন। এমতাবস্থায় কার্যকর ও পেশাদার কূটনীতি অত্যন্ত জরুরি। এ পরিস্থিতিতে এগিয়ে আসার কথা মার্কো রুবিওর। তিনি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী এবং দেশের প্রধান কূটনীতিক। এসব সংকট সফলভাবে মোকাবিলা করতে পারলে ৫৫ বছর বয়সী রুবিও ২০২৮ সালের রিপাবলিকান প্রেসিডেন্ট পদপ্রার্থী মনোনয়নের দৌড়ে অনেকটাই এগিয়ে যেতে পারেন। তিনি কিউবান অভিবাসী পরিবারের সন্তান, ফ্লোরিডার সাবেক সিনেটর।



রুবিওর সামনে নিজের সমালোচকদের ভুল প্রমাণ করার একটি সুযোগ এসেছে। সমালোচকরা তাকে ট্রাম্পের তোষামোদকারী এবং তার অনুগত সহযোগী হিসেবে দেখেন। এ সুযোগ কাজে লাগিয়ে তিনি নিজেকে একজন সম্মানিত আন্তর্জাতিক রাষ্ট্রনায়ক হিসেবে প্রতিষ্ঠা করতে পারেন। ২০১৬ সালে নির্বাচনি প্রতিদ্বন্দ্বী থাকার সময় তার বর্তমান বস ট্রাম্প তাকে 'লিটল মার্কো' এবং 'পরাজিত' বলে উপহাস করেছিলেন। রুবিও ট্রাম্পকে 'প্রতারক' বলেছিলেন। এখন রুবিওর সামনে বড় কিছু করার সুযোগ এসেছে। তাকে সাহসী হতে হবে, প্রমাণ করতে হবে যে তিনিই বিজয়ী। রুবিও বিগত মার্কিন পররাষ্ট্রমন্ত্রীদের মতো নন। হিলারি ক্লিনটন ও অ্যান্টনি ব্লিংকেনের মতো প্রভাবশালী ব্যক্তিত্ব, কিংবা জন কেরির মতো কূটনীতিকও নন। কেরি সক্রিয় ও নিরলস কূটনৈতিক তৎপরতার জন্য পরিচিত ছিলেন। রুবিওর কাছে 'শান্তি প্রক্রিয়া'র গুরুত্ব খুব কম। এর পরিবর্তে তিনি ট্রাম্পের সংজ্ঞায়িত মার্কিন স্বার্থ এগিয়ে নিতে যুক্তরাষ্ট্রের বিপুল শক্তি প্রদর্শন করে এমন সব 'সমাধান' চাপিয়ে দিতে চান, যা গ্রহণ করা ছাড়া অন্য কোনো পথ থাকে না। এটি আধুনিক সাম্রাজ্যবাদের একটি রূপ। লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া দেশগুলোর সামনে তখন দুটি পথ থাকে। তাদের ভেনেজুয়েলার মতো যুক্তরাষ্ট্রের অনুগত রাষ্ট্রে পরিণত হতে হবে। ভবিষ্যতে কিউবা ও গ্রিনল্যান্ডের ক্ষেত্রেও এমন পরিস্থিতি তৈরি হতে পারে। অথবা তাদের ধ্বংসের মুখে পড়তে হবে। ইরানের ক্ষেত্রে এই নীতির লক্ষ্য সরকার পরিবর্তন নয়। গণতান্ত্রিক পুনর্গঠন তো নয়ই। লক্ষ্য হলো ইরান সরকারকে যুক্তরাষ্ট্রের শর্ত মেনে চলতে বাধ্য করা।

রুবিওর আচরণ একজন শান্তির মধ্যস্থতাকারীর মতো নয়। তাকে অনেকটা ঔপনিবেশিক যুগের সেই গভর্নরের মতো মনে হয়, যিনি মাথায় সাফারি টুপি পরে অনুগত শাসকদের কাছ থেকে আনুগত্য দাবি করতেন। ফেব্রুয়ারিতে মিউনিখে বক্তব্য দেওয়ার সময় রুবিও যুক্তরাষ্ট্রের প্রাধান্য নিয়ে তার পুরোনো ধাঁচের কঠোর মতবাদ তুলে ধরেন। তিনি 'মহান পশ্চিমা সাম্রাজ্যগুলোর' পতনের জন্য দুঃখ প্রকাশ করেন। তার ভাষায়, 'ঈশ্বরহীন কমিউনিস্ট বিপ্লব এবং ঔপনিবেশিকতাবিরোধী আন্দোলন' সেই পতনকে আরও ত্বরান্বিত করেছিল। তিনি সতর্ক করেন, ইউরোপ 'সভ্যতার বিলুপ্তির' মুখোমুখি। রুবিও বলেছেন, নিজেদের সাম্রাজ্যবাদী অতীত নিয়ে অপরাধবোধ ও লজ্জায় 'দুর্বল' হয়ে থাকা মিত্রদের যুক্তরাষ্ট্র চায় না। তিনি বলেন, 'আমরা এমন মিত্র চাই, যারা নিজেদের সংস্কৃতি ও ঐতিহ্য নিয়ে গর্বিত। আমরা এমন মিত্র চাই, যারা আমাদের সঙ্গে মিলে তা রক্ষা করতে প্রস্তুত এবং সক্ষম।'

এখানে যুক্তরাষ্ট্রের আধিপত্যের পরিচিত দাবিই আবার শোনা গেল। তবে এবার সেই দাবির সঙ্গে মানবিকতার ভান বা মিথ্যা পরোপকারের আবরণও নেই। কথাগুলো কূটনীতির মৃত্যুঘণ্টার মতো শোনায়। গত এক বছরে ট্রাম্প আটটি দেশে হামলা চালিয়েছেন। রুবিওর দীর্ঘদিনের আগ্রহের বিষয় কিউবাও হয়তো পরবর্তী লক্ষ্য হতে পারে। শান্তি প্রতিষ্ঠার কাজে ব্যক্তিগতভাবে যুক্ত হতে রুবিওর অনীহার একটি কারণ হতে পারে তার আরেকটি পরস্পরবিরোধী ভূমিকা। তিনি ট্রাম্পের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা। ইউক্রেন ও ফিলিস্তিন নিয়ে আলোচনার দায়িত্ব হোয়াইট হাউস যাদের হাতে তুলে দিয়েছে, রুবিও তা মেনে নিয়েছেন। তাদের কূটনৈতিক অভিজ্ঞতা ও দক্ষতা সীমিত। তারা হলেন ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার এবং তার ব্যবসায়িক ঘনিষ্ঠ সহযোগী স্টিভ উইটকফ। মোটের ওপর, ইরান নিয়ে আলোচনাতেও রুবিও সরাসরি যুক্ত হওয়া এড়িয়ে গেছেন। তিনি ভাইস প্রেসিডেন্ট এবং ২০২৮ সালের নির্বাচনে তার সম্ভাব্য প্রধান প্রতিদ্বন্দ্বী জেডি ভ্যান্সকে সমালোচনার মুখে পড়তে

এরপর ২৮ পৃষ্ঠায়



KHAN'S TUTORIAL
30 YEARS OF EXCELLENCE

# GRAND OPENING!

## 22 AUGUST 2026

**New Location:**
**37-20 74th Street**
**Floors 3 & 4**
**Next to Marks Home Care**

**Doors Open 1:30 PM**

**Refreshments will be served!**

## Khan's Tutorial Jackson Heights New Location Grand Opening Reception

YOU'RE INVITED!

**30+ YEARS OF NYC TEST PREP**

**10,000+** PERFECT SCORES

**5,005+** SHSAT PLACEMENTS








## জামালপুর জেলা সমিতি'র বনভোজন অনুষ্ঠিত







জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা'র বনভোজনে চার শতাধিক প্রবাসী অংশ নেন। বনভোজনে আমন্ত্রিত অতিথি ছিলেন জনপ্রিয় চিত্র নায়িকা মৌসুমী ও চিত্র নায়ক ইমন।

৬২ পৃষ্ঠার পর
সংখ্যক প্রবাসী জামালপুরবাসীসহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সপরিবারে অংশ নেয়ায় বনভোজন স্থল বাংলাদেশীদের মিলনমেলায় পরিণত হয়। দিনের উল্লেখযোগ্য কর্মসূচী ছিলো আড্ডা, শুভেচ্ছা বিনিময়, দেশীয় মুখরোচক খাবারে মধ্যাহ্ন ভোজ, বিভিন্ন খেলাধুলা, আকর্ষনীয় র‍্যাফল ড্র ও পুরস্কার বিতরণী।

বনভোজনে আগত অতিথিদের শুভেচ্ছা জানান, সমিতির সভাপতি মোহাম্মদ আশরাফ হোসেন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ তারেক খান, বনভোজন কমিটির আহ্বায়ক দেলাল আহমেদ ও সদস্য সচিব মোহাম্মদ সাইফুল ইসলাম এবং প্রধান সমন্বয়কারী মোহাম্মদ মনিরুজ্জামান সহ কমিটির অন্যান্য কর্মকর্তারা। পুরস্কার বিতরণী পর্বে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা নাজমুল হক।

সকালের নাস্তা গ্রহণের মধ্যদিয়ে বনভোজনের কর্মকান্ড শুরু হয়। এরপর একে একে অন্যান্য কর্মকান্ড পরিচালিত হয়। এই বনভোজনের মূল আকর্ষণ ছিলো ২৭টি আকর্ষনীয় পুরস্কার। আয়োজকদের দাবী

বনভোজন সফল করতে বিশেষ সহযোগিতায় ছিলেন মোহাম্মদ আতিকুল্লাহ আতিক, মোহাম্মদ এনামুল ইসলাম খান বিপ্লব, মোহাম্মদ মশিউর রহমান সোহেল, মোহাম্মদ হক জনি, শাকিল মাহমুদ খোকন, মাহিদ জিয়ান ও মোহাম্মদ মনিরুজ্জামান।








# টরেন্টোতে ইতিহাসের বৃহত্তম ফোবানা কনভেনশনের ঘোষণা

১ পৃষ্ঠার পর

স্বাগত বক্তব্য রাখেন টরেন্টো ফোবানার চীফ নিগোশিয়েটর ও ফাইনাল সাইনিং অথরিটি ড. আবু জুবায়ের দারা। শুভেচ্ছা বক্তব্য রাখেন ফোবানার সাবেক চেয়ারম্যান শাহ নেওয়াজ। লিখিত বক্তব্য পাঠ করেন ফোবানা এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান ও বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য গিয়াস আহমেদ।

মিট দ্যা প্রেস অনুষ্ঠানে উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ জেনারেল সেক্রেটারি ফিরোজ আহমেদ, নির্বাহী কমিটির সদস্য আলী ইমাম শিকদার, ওয়াহিদ কাজি এমিল, খোন্দকার ফরহাদ, কাজি আজহারুল হক মিলন, শাহাবুদ্দিন সাগর, দেওয়ান আজিম, সাদেক খান, কানাডা থেকে আগত হোস্ট কমিটির কর্মকর্তা দেওয়ান আজিম, খোকন রহমান, জহুরুল ইসলাম, ও জাহিদ চৌধুরী।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটি নিউইয়র্কের সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, স্কুল বিষয়ক সম্পাদক হাসান জিলানী, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, কমিউনিটি একটিভিস্ট নুরুল আজিম ও নওশেদ হায়দার।

লিখিত বক্তব্যে গিয়াস আহমেদ বলেন, এই সম্মেলনের আয়োজক সংগঠন কানাডা-বাংলাদেশ সোসাইটি। আমেরিকা এবং উত্তর আমেরিকার বাঙালীদের প্রথম এবং জনপ্রিয় সংগঠন ফোবানা। সংগঠনটির জন্মলগ্ন থেকেই বাংলাদেশের সর্বস্তরের ব্যবসায়ী, রাজনীতিবিদ, সাংবাদিক ও স্বনামধন্য শিল্পীদের নিয়ে প্রতিবছরই জমকালো কনভেনশন আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় ফোবানার ৪০তম বর্ষপূর্তিকে স্মরণীয় করে রাখতে কানাডার টরেন্টোতে ২০২৬ এর ৪ সেপ্টেম্বর থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত ৩ দিনব্যাপী বাংলাদেশী শিল্পী, ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের সম্মাননা প্রদান সহ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মেলার আয়োজন করা হচ্ছে। এবারের ফোবানার স্লোগান হচ্ছে "অনুভবের চেতনায় আমাদের বাংলাদেশ"।

ফোবানার এবারের আয়োজনে সাংস্কৃতিক পর্বে অংশগ্রহণ করবেন বিশ্বখ্যাত জাদু শিল্পী জুয়েল আইচ ও বরেণ্য অভিনয় শিল্পী ফরিদা আখতার ববিতা। তাদের এই সম্মেলন থেকে আজীবন সম্মাননা দেয়া হবে।

সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণ করবেন সঙ্গীতশিল্পী রাসেল নেওয়াজ, সেলিম চৌধুরী, ডলি সায়ন্তনী, জোৎস্না আলীম, সুকন্যা ঘোষ, পিন্টু ঘোষ, অনিক রাজ, শাহনাজ বেলি, সজীব, সমি, ফকির সাহাবুদ্দিন, আঁখি আলমগীর, কলকাতা থেকে প্রিয়ংবদা ব্যানার্জী ও ঝিলিক। ফোবানার এবারের আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য সম্মতি দিয়েছেন বাংলাদেশের মাননীয় তথ্যমন্ত্রী জহির উদ্দীন স্বপন। গেষ্ট অব অনার হিসেবে থাকবেন সংস্কৃতি মন্ত্রী বাবু নিতাই রায় চৌধুরী ও কানাডায় বাংলাদেশের হাই কমিশনার নাহিদা সোবহান। ফোবানার আয়োজনে গোল্ড স্পন্সর হিসেবে অংশগ্রহণ করবেন ফোবানা ফাউন্ডেশনের চিফ পেট্রোনস শাহনেওয়াজ গ্রুপের প্রতিষ্ঠাতা শাহ নেওয়াজ ও রাসেল নেওয়াজ। তিনি বলেন, 'ফোবানা' প্রবাসের একটি অত্যন্ত মর্যাদাপূর্ণ ও বৃহত্তম একটি সংগঠন। এটি মূলতঃ যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য ও কানাডা থেকে পরিচালিত বাংলাদেশি সংগঠনগুলোর একটি সম্মিলিত প্ল্যাটফর্ম। ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে প্রথম সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ফোবানার যাত্রা শুরু হয়। ফোবানার মূল লক্ষ্য ছিলো কানাডা ও যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশিদের মধ্যে ঐক্য ও সংহতি বৃদ্ধি, বাংলাদেশি সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা এবং এর প্রচার ও প্রসার, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে প্রবাসীদের জীবন-যাত্রার মানউন্নয়ন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে নানা ক্ষেত্রে সেতুবন্ধন রচনা করা।




# আমরাতো ট্যুরিস্ট-কিছুতো করতে পারবো না : শামীম ওসমান

৬৪ পৃষ্ঠার পর



বাংলাদেশের আলোচিত সাবেক এমপি ও নারায়ণগঞ্জের গডফাদার হিসেবে খ্যাত শামীম ওসমান। তিনি এখন নিউইয়র্কে অবস্থান করছেন।

নিউইয়র্কের ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ডস এভিনিউয় 'আমরা মুজিব' কার্যালয়ে ১৫ আগষ্টের প্রোগ্রাম করছিল।

শামীম ওসমান এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাত ৯টার দিকে বিএনপির নেতাকর্মীরা বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী পালন শেষে চার্চ ম্যাকডোনাল্ডস এলাকায় আসছিলেন।

শামীম ওসমান বক্তৃতা করছিলেন 'আমরা মুজিব' কার্যালয়ে। এই অফিসের বাইরেও আওয়ামী লীগের নেতাকর্মীরা ছিলেন। বিএনপির মিছিল দেখে তারাও পাল্টা স্লোগান দেন। বাইরে বিএনপি স্লোগান শুনে শামীম ওসমান বলেন, সবাই একটু শুনেন। এখানে বিএনপির লোকেরা উস্কানী দিতে আসছে। ব্যাডিকেলি টার্গেট আমাকে করছে। আমি, হামিদ ও বাবু আমরা কেউই এদেশের নাগরিক না। আমরা ট্যুরিস্ট ভিসায় এসেছি। যেহেতু ট্যুরিস্ট ভিসায় এসেছি, আমরাতো কিছু করতে পারবো না। দেখা যাবে---। এ কথা বলেই তিনি দ্রুত বক্তব্য শেষ করেও গাড়িতে এলাকা ত্যাগ করেন।

বিএনপি যুক্তরাষ্ট্র শাখার সাবেক ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক মোস্তফা কামাল বাবুলের নেতৃত্বে বিএনপির কর্মিরাও স্লোগান দিতে থাকেন। এক পর্যায়ে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বেধে যায়।

স্থানীয় লোকজন ৯১১ কল করলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রন করে। এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছিল। নিরাপদ দূরত্বে অবস্থান করে মধ্যরাত অবধি আওয়ামী লীগ ও বিএনপির নেতাকর্মীরা পাল্টাপাল্টি স্লোগান দিচ্ছিল। উল্লেখ্য শামীম ওসমান নিউইয়র্কে খুবই সক্রিয়। নিষিদ্ধ সংগঠনটির প্রতিটি প্রোগ্রামে তিনি এখন সরকারের বিরুদ্ধে বক্তব্য রাখছেন।

সংঘর্ষের ব্যাপারে মোস্তফা কামাল পাশা বাবুলের দৃষ্টি আকর্ষণ করলে তিনি প্রতিবেদককে বলেন, শামীম ওসমান ঐ এলাকায় ছিল। অবস্থা বেগতিক দেখে পালিয়ে গেছে। আমাদের কর্মিদের সামনে পড়লে অঘটন ঘটতে পারতো।

# এই সপ্তাহের কবিতা



## রিক্ত প্রেমে ঋদ্ধ আমি
*(একটি ভিলানেল কবিতা)*

### আহম্মদ হোসেন বাবু

তুমি ছাড়া জীবনের কাছে চাইনি কিছু
ভেবেছি, পড়াটা শেষ হলে সব হবে
অভিমানী প্রেম থাকেনি, হাঁটেনি পিছু।

শামুকের মত জড়োসড়ো মাথা নিচু
পোড়া বুকে পোড়া রক্ত, হেড়ে গেছ করে!
তুমি ছাড়া জীবনের কাছে চাইনি কিছু।

স্মৃতির মিনার হয়ে বুকটা আজো উঁচু
হেরে গেছ অহংকারে, দম্ভের বৈভবে
অভিমানী প্রেম থাকেনি, হাঁটেনি পিছু।

ক্রুশবিদ্ধ আমিও, যেমন হয়েছে যীশু
মৃতদেহে মৃতপ্রাণ, পুড়ছে অসম্ভবে
তুমি ছাড়া জীবনের কাছে চাইনি কিছু।

কালো মেঘে কালো জলে কালো-কালো বিন্দু
দম্ভ মেরে হাসে, রাজা-রানি সাজে সগৌরবে
অভিমানী প্রেম থাকেনি, হাঁটেনি পিছু।

রিক্ত প্রেমে ঋদ্ধ হয়ে মনটা আজও ঋজু
একা একা হাসে, কাঁদে নিভৃতে নীরবে
তুমি ছাড়া জীবনের কাছে চাইনি কিছু
অভিমানী প্রেম থাকেনি, হাঁটেনি পিছু।



## সুকর্ম

### ফেরদৌস জামান খোকন

কাজ ভালো যার সব ভালো তার
ছড়িয়ে দেয় সে আলো,
মনের ভিতর কলুষ যাদের
তারাই ছড়ায় কালো।

ভালো কাজে থাকি সুখে বাস করি
ভয় নেই কিছুতেই,
যদি পিছু ডাকো খারাপের তরে
সেখানে আমি তো নেই।

ওহে সাধুজন শোনো দিয়ে মন
দু'দিনের এই ভবে,
এসেছ একাই যাবে একা একা
খাই খাই কেন তবে?

রবের বিধান মেনে যেতে হবে
থাকতে ধরার মাঝে,
শয়তান জানি নিবে তোমা টানি
নরকে যাবার কাজে,

এসো ভালো হই ভালো কথা কই
বাসবে সবাই ভালো,
সবকিছু ফেলে যাবে তুমি চলে
সরিয়ে দাও গো কালো।



## এক গর্ভ, দুই আকাশ

### আরিয়ান আহমেদ

একই গর্ভে জ্বলে দুই প্রদীপ-
এক আলোয় ভরে ওঠে মায়ের কোল,
অন্যটি পায় অবহেলার নিঃশ্বাস।
মমতার নীড়ে ফোটে কত রঙ,
তবু কেন স্নেহে ওঠে অসম প্রাচীর?

স্বার্থ কি মায়ার শিকল বোনে?
এক হাসিতে মাতৃগৃহ ভরে ওঠে,
অন্য চোখে জমে নীরব অশ্রু।
পরের সন্তানকে আগলে রাখার পাশে,
নিজের রক্ত কেন হয় পরবাসী?

মাতৃত্ব তো জানে সমান মমতার ভাষা,
তবু কোথা থেকে আসে বৈষম্যের দাগ?
এক চাঁদ ভাসে পূর্ণিমার জোয়ারে,
অন্যটি হারায় অমাবস্যার আঁধারে
একই আকাশের নিচে,
তবু কেন দুই সন্তানের দুই আকাশ?



## বালিকা হাঁটে চপল পায়ে

### সুফিয়ান আহমদ চৌধুরী

বালিকার চুল ওড়ে
হাওয়ায় ওড়ে
বালিকা হাঁটে চপল পায়ে
মুখে হাসির ঝিলিক

নাকে নোলক,ঠোঁটে রঙ
শাড়ী গায়ে,
বালিকা রাঙা বধূর সাজে
হাঁটে ফুরফুরে মনে

স্বপ্ন চোখে বুনে
বালিকার গায়ে বাতাসের দোলা
এলোমেলো ভাবনা ঘিরে
রঙিন দিন আঁকাআঁকি

জীবনের দিন চার
বালিকা খুশির-সুখের
কানে বাজে মিষ্টি বাঁশির সুর
হারিয়ে যায় বালিকা

রাত্রির নির্জন ঘরে
লাজুক লাজুক চেহারায় ফুটে
আগামীর জীবন নৌকার চিত্র
বালিকা হাঁটতে হাঁটতে

থেমে যায়,
একাকি বালিকা
চারপাশে আঁধারে ঘেরা
পথ কোনদিকে খুঁজতে থাকে
ভয়ে ঘামতে ঘামতে ভিজে যায়।



## জোছনার জলরং

### মোহাম্মদ মহিবুর রহমান

অমাবস্যার পরে ধীরে আসে জোছনা,
অন্ধকারের বুকে নামে শুভ্র আলোর বন্যা।
কুসংস্কারের ছায়া ঢাকে মানুষের মন,
ভূতপ্রেতের গল্পে জাগে অকারণ শিহরণ।

গ্রাম-গঞ্জের পথে যখন রাত গভীর,
নিঃশব্দ চারপাশে, বাড়ে ভয়ের ভিড়।
ধড়ফড় করে বুক,
মুহূর্তেই কেড়ে নেয় মনের সুখ।

জোছনার জলরং-
মুছে দেয় আঁধার, জাগায় ভালোবাসার রঙ।
পুকুরের জলে আঁকে রূপের জলছবি,
আপন রঙে আঁকে স্বপ্নের ক্যানভাস সবই।

রঙিন ক্যানভাসে ছড়ায় আনন্দের উচ্ছ্বাস,
জোছনার জলরং-প্রকৃতির নীরব উল্লাস।



## বর্ষা এলো

### মাসুদ রানা

বর্ষা এলো বছর ঘুরে
বৃষ্টি নিয়ে সাথে,
সকাল সন্ধ্যা বৃষ্টি নামে
বৃষ্টি নামে রাতে।

কদম ফুলের মিষ্টি সুবাস
মেঘের ভেলায় ভাসে,
নীল আকাশে সাদা মেঘে
উড়ে উড়ে হাসে।

টাপুর টুপুর বৃষ্টি নামে
টিনের চালের ঘরে,
ভালো লাগে বৃষ্টিভেজা
পুকুর জলের তরে।

বিলের জলে ফুটে থাকে
শাপলা ফুলের মেলা,
বর্ষাকালে নীল আকাশে
কালো মেঘের ভেলা।

কদম ফুলের ঘ্রাণে আসে
পাখপাখালির মেলা,
বিলের জলে ডাহুক, বগের
খেলে নানান খেলা।



## মেঘলা শ্রাবণ

### সুধাংশু কুমার মন্ডল

শ্রাবণ মেঘ বেড়ে চলে বাতাসের বেগ
মন তো দুরু দুরু
ভেক যে ডাকে জল ভরা পথের বাঁকে
ভাবনা উরু উরু।

ঝরে পড়ে মুসল ধারা দিন ভরে
বন্ধ দোকান পাট।
জলময় হল দিকে দিকে শুধু জল
ডুবে গেলো মাঠ।

বন্ধু ডাকে কি করে মন ঘরে থাকে ,
মানে না আজ মন,
এ ঝর বাদল অবিরত বাজে মাদল
বন হতে উপ বন।

লোক চলে ছাতা মাথে বৃষ্টি জলে
ভিজে কেমন করে ,
আকাশ ভরে মেঘে মেঘে আঁধার করে
সকাল দুপুর ধরে।

মেঘের মাঝে বজ্রপাতে সকাল সাঁঝে
নেমে আসে ঢল।
ভেসে যায় ঘর আর বাড়ি যে দড়িয়ায়
আঁখি করে ছল্ ছল্।

উৎসব চলে শ্রাবন গগন বর্ষার জলে
সুখ তো ভেসে যায়।
বর্ষার গান কেড়ে নেয় লোকের প্রান
মাতা কাঁদে হায়।

শ্রাবণ আসে গ্রাম বাংলা জলে ভাসে
স্বপ্ন ভেঙ্গে খান খান।
পলি আনে দেশে দেশে শ্রাবণ বানে
মাঠে ফলে ধান।

বরষার উৎসব ইলিশ ধরার হয় মহোৎসব।
বাড়ে দেশের মান।
হেসে খেলে দেশ বাংলার জীবন চলে
জেগে ওঠে প্রাণ।

বর্ষার জলে গাছ পালা ফুলে ফলে
কত ভরে থাকে।
নদী বহে কুল কুল মন মাঝি গাহে
পাখি গাছে ডাকে।

সবুজে ভরা শ্যামল বাংলা পাগল করা
রূপের নাই শেষ।
মেঘ ডাকে সবুজ গাঁয়ের নদীর বাঁকে
দেখতে লাগে বেশ।



## কাঁচা মরিচের ঝাঁঝ

### মহসিন আলম মুহিন

থাকতেন যদি কবি গুরু,
লিখতেন খুব ভালো করে।
জাতীয় কবিও করতেন শুরু,
কলম নামক দুমদুম ধরে।।

আক্কেলের গোঁড়ায় দিতেন সার,
যাতে ফলন হয় বেশী।
ঢেলা কাঠে করতেন আদর,
তাড়াতেন ভন্ড, দাগী, দোষী।।

বৃটিশ গেলো! পাকি গেলো,
কপালে তবুও বেগুন পোড়া।
ভালো লোক কোথায় গেলো,
এ যে দেখি সব! ঘাটের মরা।।

চাল আছে তো চুলা নাই,
দামের কাছে সব ধরা।
দ্রব্য-মূল্যের দাম শুনে তাই,
হতে হয় আজ জ্ঞানহারা।।

চাল, ডাল, আটা, ময়দা,
সবার দাম যে চড়া।
তেল, সাবান, চিনি, আদা,
যায় না কাউকে ধরা।।

মাছ, মাংস, আরও দামী দুধ-কলা,
সবাইকে ছাড়িয়ে কাঁচা মরিচ সেরা।
সিন্ডিকেট যেন আজ আগুনের গোলা,
নাই কেহ! তাদেরকে পড়ায় হাতকড়া।।

বিড়ির আগুনে প্যান্ট পোড়ে,
দুঃখ তাতে নাহি পাই।
বড় সাধের চুল যে পোড়ে,
আফসোসে তাই মরে যাই।।

বিদ্যুৎ-গ্যাস, ঔষধ পথ্য,
কেমনে কেনা, বড়ই কষ্ট হয়।
এত কষ্ট দেখেও পায়না তথ্য,
কর্তারা নাকে তেল দিয়ে ঘুমায়।।

অভাগাদের কপাল পোড়া,
ডাকে না তার মান-সম্মান।
সামনে একটু তালি-জোড়া,
পিছনে ছেড়া আবরু খান।।

# পিজ্জা এন্ড পোয়েট্রি



## অমীমাংসিত যতিচিহ্ন
### রাজিয়া নাজমী

একটা কথা বলা দরকার আজ-
খুব দরকার।
স্তব্ধ দূরত্বে থমকে আছে যতিচিহ্ন

আতশবাজির রাত শেষে ভোর ফোটে,
শেয়ারবাজারের ওঠানামার তালে।

পশ্চিমি নিয়ন্ত্রণে রপ্ত সুখী বার্তা-
পরে কথা হবে -এই ভেবে সব পড়ে থাকে,
ভিভিডেন্ডের মতো দীর্ঘ প্রতিশ্রুতি,
অদৃশ্য কোনো অ্যাকাউন্টে জমে।

মনে হল আজ সাহস করে বলেই ফেলি-
বুকের পাটা যে গড়ে উঠেছিল একসময়
বামপন্থী বাতাসে

তর্ক-বিতর্কের তাপ্তা জলে
ভেসে ওঠা ওইটুকুই মিল,
বেলজিয়ামের কাচের আয়নার বুকে
নিখুঁত প্রতিচ্ছবি।

অন্য সব অযুত-নিযুত কথা
হ্যাঁচকা টানে ছিঁড়ে ফেলা সহজ-
হেলায়, অবহেলায়।
মুছে ফেলার ফাঁকা অভ্যাসে লেখা।

অনেকটা ময়দানের মাঝখানে,
পুরনো বেতের চেয়ারে
অমিতাভ কায়দায় পা তুলে বসে থাকা-
ক্যামেরাম্যানের লেন্সে বন্দি অবসর।

নির্জন প্রেক্ষাগৃহের সাদা অন্ধকারে
ধানি রঙের আঁচলের কাঁধে স্পন্দিত নৈকট্য,
ঘোলো আনা বিশ্বাস হৃদয়ের ভাঁড়ারে জমা রেখে
তাবৎ পরিচয় তুড়ি মেরে উড়িয়ে দেওয়ার বিপ্লব।

এসবই কথার কথা-
মুহূর্ত যা সৃষ্টি করে মরচে-ধরা মন:
আমরা বলি-অকারণ।

তবুও বলি, শেষবেলায় তুলনা, অতুলনা-
যেভাবেই যাও তর্কে যতদূর,
জীবন শেয়ারবাজারের-
হারজিতের নামতার হিসাব

নদীর এপার ভেঙে ওপার গড়ে
হারায় যে কৃষকের জমি;
প্রতারিত ভিক্ষুকের মতো সেও জানে
ওয়াল স্ট্রিটের ঘণ্টাধ্বনিতে দয়িতার
নিশ্চয়তা বাজে না-

বাজে শুধু এইটুকু-আজ তুমি, কাল তুমি নও।



## মনের জমিন জুড়ে
### সোহানা নাজনীন

বিশাল চায়ের কাপে আছড়ে পড়েছিল
হলুদ বিকেলের সবটুকু রঙ,
আর টেবিলের স্বচ্ছ কাচে প্রতিফলিত হয়েছিল
সবুজ গাছপালা।

কমলা শাড়ির ভাঁজে তারসাথে ব্রাইট ক্রিস্টাল
সুগন্ধ ছড়ালেও
সারা মনের জমিন জুড়ে কিন্তু তুমি ছিলে।

সেকথা কেউ জানেনি,
কেউ কিচ্ছুটি বুঝতে পারেনি।

তোমাকে ধারণ করার এমনই ক্ষমতা আমার...



## বাজরিগার
### সুমন শামসুদ্দিন

পেট স্মার্টে ঢুকেছি-
কাঁচের দেয়াল একটি খাঁচা, কাছে এসে
থমকে গেছি, দৃষ্টি গেল আটকে!

হরেক রঙের ভালোবাসা পাখিগুলো
চঞ্চলতায় এদিক ওদিক করছে শুধু ছোটাছুটি।
একটি দুটি খুঁটে খুঁটে খাচ্ছে দানা,
দু একজনা আমার দিকে অবাক তাকায়,
ভাবছে তারা- "এ কোন নতুন আগন্তুক?
দৃষ্টি ফেলে দেখছি পাখির
বুকের খাঁচার গভীরতম হৃদয় নাচন?"

ঠিক যেন তাই,
পড়ছি তাদের কিচির-মিচির প্রেমের ভাষা!
পাখিগুলোর ভালোবাসা উঠছে ফুটে-
দেখছি যেন হলদু বরন, শাদা, সবুজ,
আকাশ রঙে শাড়ির সজ্জা!

একটি পাখি পালক নিয়ে করছে খেলা,
মুখে নিয়ে এদিক থেকে ওদিক ছোটে;
হয়তো বা সে ভাবছে একি!
পাখির গায়ের পালক কেন পড়ে আছে?
একটি পালক দুঃখ পাখির অনেক গভীর।

আরেকটি তার সখীর গায়ে লেগে আছে,
একটি আবার সখীর গায়ে ঠোঁটের আদর,
পাখিগুলো হৃদয়ছোঁয়া প্রেমের ডোরে
বাধা যেন দিবানিশি আজন্মকাল!



## জীবনের ব্যাখ্যা
### শরিফুজ্জামান পল

জীবনমাঠে যা পাবে সবই প্রাপ্তি,
অপ্রাপ্তির টেঁকুরে শুধু অশান্তি।
কর্মযজ্ঞের এই রচনায় ভূমিকার জন্ম,
জীবনের উপসংহারে কেবলই মৃত্যু।
ব্যাখ্যাটা সাজে ভিন্নতায়, ফুলের মতো:
অবুঝের মতো যোদ্ধা-যোদ্ধার
রক্তাক্ত জীবনের পংক্তিমালা লেখা।
পাওয়া-না-পাওয়ার হতাশা, প্রতিযোগিতা-
প্রতিদ্বন্দ্বিতার মাঠে জীবনের ব্যাখ্যা
রচনায় পড়ে থাকে।
কেউ দেখে না কাউকে কোনোদিন,
বলে না কেউ, মানে না একবারওড়
জালের মতো আবেগের জীবন,
ভালোবাসার সুতোয় বোনা
প্রতিটি মুহূর্ত মধুর সুরের গান।
মোহযুদ্ধে অপরাজিত থেকে
ভূমিকা ও উপসংহারকে তুলে
হাসি-কান্নার জীবনকে মধুর ব্যাখ্যায়-
সাজিয়ে লেখো অবিস্মরণীয় করে,
জীবনের রচনায় অবিরত।



## খোঁজ
### এইচ বি রিতা

প্রার্থনার ধূপধুনো জ্বালিয়ে রাখি সন্ধ্যার ঘরে,
পাথর-কঠিন হৃদয় ছুঁতে ডাক পাঠাই নীলে।
ঈশ্বর! তুমি কি পূজনীয় মূর্তি-বিভ্রান্তি অবাট
নাকি জোছনার কাঁপা তারা-নয়ন পল্লবে।

প্রার্থনালয়ে-হাতে মুঠো করে ধরি আশার ধুলো
কোনো উত্তর ফেরে না, ব্যথা সঙ্গী হয় মায়ায়।
উল্কাপাতে ভেঙে পড়ে লুকিয়ে রাখা সব সেতু
চোখের জল লুকিয়ে রাখি-জ্যোৎস্নার ছায়ায়।

পথের শেষে, ভগ্ন মাটির মূর্তি হয়ে দাঁড়িয়ে আছি,
চেয়েও পাই না তারে, রোদের আলো ফুরিয়ে যায়।
জানি না কোথায়, কোন অনন্তে সে ঘুমিয়ে আছে-
আমি ডাকি, ডাকি-শুধু প্রতিধ্বনি ফেরে নিরাশায়।



## শিশু হত্যা
### কুলসুম আক্তার সুমী

খবরের শিরোনামে শিশুদের মৃত্যু
দেখেশুনে মনে হয় যেন জীবজন্তু।
অপমান-অপঘাত ডেঙ্গু ও হামে
মৃত্যু হানা দেয় কত কত নামে।

এসব মৃত্যু নাকি বেনামে খুন
সময়ের বলি হবে আর কতক্ষণ?
যায় যার শোক তার, বাকিরা মূক অতি
বিলুপ্তপ্রায় রোগ কেন আজ প্রাণঘাতী?

কে করবে প্রশ্নগুলো কে দেবে জবাব?
চাটুকারি, তোষামোদি ক্ষমতার স্বভাব!
বিবেক ঘুমিয়ে রয় স্বার্থের ঘোরে
সবকিছু ঠিকঠাক ক্ষমতার জোরে।

ক্ষমতারও একদিন শেষ আছে, তাই-
সন্তানহারাদের সান্ত্বনা নাই।
বিবেকবোধ যদি থাকে এক তিল
শিশু হত্যার প্রতিবাদে হও শামিল।



## ঋণের গল্প
### রোকেয়া দীপা

চোখের পাতায় ক্লান্তি নামে, শরীর খোঁজে ঠাঁই,
ঘুমের কাছে ঋণী যে রাত, রেহাই তার নাই।
ক্লান্ত পেশি, তপ্ত কপাল, মগজে অবসাদ,
একটুখানি ঘুমের তরে ব্যাকুল আর্তনাদ।
এই ঋণ তো চুকে যায় রে, একটুখানি ঘুমে,
ক্লান্তি কেটে শান্তি নামে চেনা ঘরের ভূমে।

কিন্তু ওরে, আত্মার যে অন্য রকম ঋণ,
অপেক্ষাতে কাটছে যাহার পলকহীন দিন!
পথের পানে চেয়ে চেয়ে একলা বসে থাকা,
বুকের ভেতর দীর্ঘশ্বাসে শূন্য ছবি আঁকা।
আঁধার রাতে প্রদীপ জ্বেলে গুমরে মরে প্রাণ,
অপেক্ষাতে ক্লান্ত আত্মা, হারায় কলতান।

ঘুমের ঋণে শরীর কাঁদে, ঘুমালে যায় চুকে,
অপেক্ষার ঋণ পাথর হয়ে বসে থাকে বুকে।
শরীর তো পায় আরামের খোঁজ, অঙ্গ জুড়ায় রতি,
অপেক্ষাতে জখম আত্মা, পায় না কোনো গতি।





## কাছাকাছি
### শামছুন ফৌজিয়া

বেশি কাছাকাছি এলে অবহেলা চলে আসে
বিরক্তি জাগে, অস্বস্তি হয়
একই মুখ, একই সাজ,একই কাজে মন ভরে না,
যতটা দূরে থেকে আকর্ষণ করে!

বেশি কাছাকাছি এলে মতের অমিল হয়
মতের বাইরে গিয়ে বেশিক্ষণ থাকা যায় না
সহ্য করতে হয়, অসহ্য হলেই বাকবিতণ্ডা হয়
তারপর দূরত্ব বাড়ে।

বেশি কাছাকাছি এলে ধরা হাতের গতিও শ্লথ হয়
এতো হিসেব নিকেশ করে সম্পর্ক বাঁচে না,
দূর থেকে যতটা সুন্দর কাছে এলে ম্লান লাগে
হাতের মুঠি আলগোছে আলাদা হয়ে যায়।

বেশি কাছাকাছি এলে একঘেয়েমি চলে আসে
নিয়ম করে ভালোবাসি বলাটাও দুর্ভেদ্য হয়ে ওঠে!
কাছে এলে সম্পর্করা সৌন্দর্য হারায় কেনো?
দূরত্বে যদি সম্পর্ক বাঁচে তাহলে দূরে থাকাই শ্রেয়।



## বনফুল
### ফরিদা ইয়াসমীন

এই জনপদে এখন হিম হিম ঠাণ্ডা এগিয়ে আসছে গুটি গুটি পায়ে। বাতাসে এখন শণশণ শব্দ, গাছগুলো ক্রমশ রঙিন হয়ে উঠছে। রঙিন হতে থাকা পাতাগুলো যখন নেচে নেচে ঝরতে থাকে,তখন গাছের নিচে যেন নানা রঙের গালিচা তৈরি হয়। আর পত্র পল্লবহীন গাছগুলো ধয়েরি রং ধারণ করে আকাশের দিকে তাকিয়ে থাকে। তাকিয়ে থাকে আরেক ফাল্গুনের অপেক্ষায়। এদেশের প্রকৃতি বড় অদ্ভুত, নিজেকে পাল্টিয়ে নেয় চোখের নিমেষেই। শীতের শেষে যখন সামার শুরু হয় তখন প্রতিটি সেকেন্ডে যেন প্রকৃতির পরিবর্তন চোখে পড়ে।
লুইসা ব্রাউন সত্তরোর্ধ্ব এক সাদা বর্ণের আমেরিকান মহিলা। প্রায় প্রতিদিন ওর সাথে আমার দেখা হয়। কখনো লবিতে বসে থাকে, কখনো পার্কিংয়ে গাড়ির ভেতরে বসে থাকে। উদাস দৃষ্টি বলে দেয় তার চারপাশে কেউ নাই। কখনো হাতে ধরা থাকে কফি কখনো বা বার্গার। দেখা হলে কথা হয়, বেশির ভাগ কথ ই হয় অতীতের সুন্দর স্মৃতি নিয়ে। পাতা ঝরার দিনগুলো ওকে বেশি নস্টালজিয়ায় ফেলে।
ও বলে, 'দেখো আমরাও তো প্রকৃতির সৃষ্টি। কিন্তু আমাদের জীবন ওয়ান ওয়ে টিকিটের মত। অথচ দেখ ঐ যে গাছপালা গুলো প্রতি বছর ফুলে-ফলে, পত্র -পল্লবে শোভিত হয়। শীত আসলে আবার রুক্ষ বিবর্ণ রূপ ধারণ করে। আবার বসন্তে জেগে ওঠে!'
লুইসার বয়সী চেহারার দিকে তাকিয়ে বুঝতে চেষ্টা করি ওর যৌবনের লাবণ্য মাখা মুখশ্রীর। ওর মুখের দিকে তাকিয়ে খুঁজতে থাকি ওর উথাল তারুণ্যের দিনগুলো। বয়সের ভারে নুয়ে পড়া লুইসা শুধু স্মৃতির ঘরে ভ্রমণ করে। সেখানে তার সতত বসন্ত। যৌবনেই স্বামী হারিয়ে একা হয়ে পড়েছিলেন। ছোট ছোট চারটি সন্তান নিয়ে প্রথমে একটু ঘাবড়ে গেলেও পরে সামলে নেয়। চারজন সন্তানকে একা মানুষ করতে গিয়ে বুঝতে পারেননি জীবনের সবুজ পাতারা কখন বিবর্ণ হয়ে ঝরে পড়েছে। যখন বুঝতে পারলো তখন তার চারপাশে কেউই নেই। ছেলে মেয়েরা যার যার বসন্ত উৎসবে মেতে আছে। জীর্ণ পাতার খবর ওরা রাখেনা। শীর্ণ শরীরে লুইসা শুধুই প্রকৃতির পাল্টে যাওয়া দেখে। আর আমি দেখি প্রকৃতির মাঝে এক অনন্য প্রকৃতি কন্যাকে, যে তার জীবনের শ্রেষ্ঠ সময় উপহার দিয়েছে তার সন্তানের জন্য। যে তার বসন্ত উৎসবের সব আয়োজন করে শুধুমাত্র সন্তানের জন্য। তাঁর জীবনের সব রঙিন পাতারা একে একে ঝরে পড়েছে। কিন্তু সন্তানের জন্য অপত্য স্নেহ তাকে বুঝতে দেয়নি কোনো ক্ষয়ে যাওয়া।
আজ নিঃসঙ্গ জীবনের প্রান্তে এসে যখন পিছন ফিরে তাকায় লুইসা, তখন হয়তো আবার ফিরে পেতে মন চায় সেই সব সোনালি অতীত। কিন্তু সামনে ঝরে পড়া পাতারা যেন ব্যাঙ্গ করে তাকিয়ে থাকে লুইসার দিকে। লুইসা যেন আজ এক ঝরা বনফুল।



# Bangladesh Law enforcers step up after UN warns of Al-Qaeda cell attempts in Bangladesh

**By Monowarul Islam**



*File photo of policemen on duty. Photo: Collected*

Bangladesh's law enforcement agencies have stepped up surveillance after a recent UN report warned that Al-Qaeda in the Indian Subcontinent (AQIS) was attempting to establish covert networks, or "cells", using Bangladesh, although police say the report is not being treated as evidence of an active AQIS presence in the country.

According to sources at the Police Headquarters, the force had decided to review the UN report in full before making any formal comment. Relevant units have been asked to examine whether the concerns raised in the report have any links to individuals, groups or networks operating inside Bangladesh.

Law enforcement agencies are treating the assessment as a serious international warning rather than conclusive evidence that AQIS has an organised operational structure in Bangladesh.

Investigators are also considering whether any connection exists between the report and recent incidents involving the recovery of explosives or homemade bombs and the arrest of suspected militants in different parts of the country. The concerns were outlined in the 38th report of the UN Security Council's Analytical Support and Sanctions Monitoring Team, published on 10 August, which warned of growing terrorist threats in South Asia and described attempts by AQIS to build covert safe havens and networks using Bangladesh as a matter of concern.

Relevant units are reviewing the report to examine whether individuals already under surveillance for alleged militant links, those accused of involvement with banned organisations, or any newly emerging organised networks have any connection to the concerns raised by the UN.

However, no law enforcement agency has so far officially stated that AQIS has an active organisational structure in Bangladesh.

Contacted after the UN report was published, Counter Terrorism and Transnational Crime (CTTC) chief Mohammad Shamsul Haque declined to comment.

CTTC Joint Commissioner Munshi Shahabuddin referred queries to the Dhaka Metropolitan Police's media wing.

Attempts to reach Anti-Terrorism Unit (ATU) chief Additional IGP Rezaul Karim were unsuccessful.

**Possible restructuring under discussion**

The UN assessment has also revived discussions on Bangladesh's counterterrorism framework. A senior DMP official, speaking on condition of anonymity, said authorities were considering integrating the CTTC unit with the police's Anti-Terrorism Unit instead of maintaining them as separate entities.

The proposal remains at the discussion stage but could bring **Continued on page 26**



## Cristiano Ronaldo, Georgina Rodríguez wear Gucci for intimate Portugal wedding

**Ajkal Desk**

Cristiano Ronaldo and Georgina Rodríguez chose a deeply intimate celebration at their Cascais home to mark the decade since they met, eschewing a public royal-style ceremony. They wore Gucci ensembles designed by Demna, with Georgina in a white skirt suit and horsebit pumps and Ronaldo in a beige cotton suit with horsebit loafers, underscoring a romantic arc that began in a Madrid Gucci store. The five children served as the sole attendees, and the day concluded with a Mass at the Shrine of Our Lady of Fatima, reflecting the couple's faith and family. In a Vogue interview published ahead of the nuptials, Rodríguez emphasized a preference for privacy and togetherness over grandeur, while Ronaldo hinted that the upcoming season could be his last before retirement.

Dive Deeper:

The ceremony took place in the couple's living room in Cascais, Portugal, with their five children in attendance, highlighting the family- **Continued on page 26**

## Donald Trump Again Loses Sexual Abuse Case

**Ajkal Report**

US President Donald Trump has lost a sexual abuse case once again. The Supreme Court has rejected Trump's latest attempt to overturn the $5 million verdict awarded in the case filed by writer, researcher, and TV host E. Jean Carroll. Previously, a jury had ruled that Trump must pay $50,000 in damages in a defamation case. Trump had appealed that jury verdict to the Supreme Court. On Monday, August 17, the court rejected his petition. Furthermore, the jury's original unanimous verdict now stands as final; Trump cannot challenge it in any other court.






The lawsuit was filed against Trump for the sexual abuse of writer E. Jean Carroll at a New York City department store in the mid-1990s and for subsequent defamation. On Monday, the Supreme Court once again rejected President Trump's bid to overturn the $5 million damages award handed down by the jury. President Trump's lawyers had requested the court to consider his appeal based on the grounds of presidential immunity. The court dismissed this petition, along with several others.

Trump and the Department of Justice have also petitioned the higher court to overturn a second verdict related to Carroll—totaling $83 million. Their argument is that he is entitled to immunity regarding the comments he made about Carroll in 2019 while serving as President. The court has not yet taken any action regarding that appeal.

Carroll is a long-time advice columnist and former TV talk-show host. In a 2023 trial, she testified that in the 1990s, inside a dressing room at the luxury department store Bergdorf Goodman—located directly across from Trump Tower in Manhattan—Trump turned what began as a friendly encounter into a violent assault (sexual abuse).

Carroll's attorney, Roberta Kaplan, stated that they are satisfied with the Supreme Court's decision. In a statement, Kaplan said, "As a result, the jury's unanimous verdict—finding **Continued on page 26**

## NY nursing homes caught in massive millions of dollars fraud

**Ajkal Desk**



Three Buffalo-area nursing homes will repay $9 million after admitting to a years-long scheme that used fraudulent billing to boost their Medicaid and Medicare reimbursements, New York Attorney General Letitia James announced.

Safire Rehabilitation of Northtowns, Safire Rehabilitation of Southtowns and Williamsville Suburban Nursing Home submitted false data from July 2016 through December 2020 that artificially inflated their reimbursement rates, according to a joint investigation by the state attorney general's Medicaid Fraud Control Unit and the U.S. Attorney's Office for the Western District of New York.

The facilities manipulated the system by inflating the amount of rehabilitative services certain residents needed during periods that affected their Medicaid reimbursement calculations, investigators found. During periods that did not impact reimbursement rates, the facilities reduced rehabilitation services to those same residents, regardless of their actual needs.

"Nursing homes that commit financial fraud are stealing funds meant to provide care for our most vulnerable," James said in a news release. "The Safire homes used fraudulent data to rake in millions of dollars from Medicaid without regard for the needs of the residents they were supposed to be serving."

Under the settlement, the facilities will pay $6 million to Medicaid, with $3.6 million going to New York and $2.4 million to the federal government. An additional $3 million will be paid to the federal government for Medicare fraud.

The facilities must also implement new policies and procedures to ensure Medicaid residents receive all needed services and that those services are properly documented. The investigation began after a whistleblower filed a complaint in December 2020. The Medicaid Fraud Control Unit encourages anyone with information about Medicaid provider fraud or nursing home abuse to file a confidential complaint online or call 800-771-7755. *(Source- Syracuse.com)*

# Elected officials protest against ICE activity in Queens

**Shah Nawaz**

As federal immigration officers have been spotted with increasing frequency in Queens, local officials on Monday told their constituents to prepare themselves in the event that Immigration and Customs Enforcement agents attempt to arrest them or their neighbors.

Hundreds of activists, volunteers, elected officials and city workers gathered in Corona Plaza on Monday evening to protest what they described as a recent uptick in immigration arrests and detentions carried out by ICE in Queens, and to inform residents what to do if agents knock on their door. Following the rally, volunteers spent hours canvassing Corona's streets to inform residents of their rights, connect them with resources and encourage them to create action plans in case federal agents sweep through their neighborhood.




The rally came after several weeks of a reported uptick in ICE sightings throughout Queens, but especially in neighborhoods like Corona, one of the most diverse in the city, which is also home to a large number of immigrant street vendors along a prominent stretch of Roosevelt Avenue.

Murad Awawdeh, the president and CEO of the New York Immigration Coalition, said that over half of reported recent ICE arrests occurred within Corona, but that ICE has also been active throughout the city. While less media coverage may make it seem like ICE activity in the city has been quiet over the past few months, Awawdeh said in reality, ICE has been consistently operating throughout the five boroughs.

"We've seen an uptick of not only immigration enforcement across the city and the State of New York, but there has been a greater need for more services and support," Awawdeh told the Eagle. "As we see more actions happening, more people are seeking more support. Our message to people is: don't wait for an action to happen."

Increased ICE activity means more immigrants or their family members seeking legal help. Many will have to rely on free services offered by nonprofit legal aid groups like NYIC.

Awawdeh said that while NYIC has made do with the funds and attorneys it has on staff, it needs more resources in order to address the increase in demand. "We have seen an uptick of anti-immigrant efforts from the Trump administration, and we've not seen the resources we need," Awawdeh said.

A spokesperson for NYIC said they were aware of at least 20 incidents where ICE agents were Continued on page 26




# Hochul calls on Trump not to 'abruptly' end TPS for Haitian immigrants

**Ajkal Desk**

New York Gov. Kathy Hochul is calling on President Donald Trump's administration to grant a reprieve for hundreds of thousands of Haitian immigrants facing the termination of temporary protected status that has allowed them to legally live and work in the United States for years.

Characterizing the move by the feds as "callous" and "cruel," Hochul told Department of Homeland Security Secretary Markwayne Mullin that "abruptly ending" TPS would force the city and state to fire hundreds of essential workers within a matter of days and wreak havoc on the private sector, especially healthcare.

"The sudden removal of these members of our workforce and our communities will impact critical services that New Yorkers rely on — with a particularly heavy impact on the healthcare industry, putting our seniors and other vulnerable New Yorkers at risk," Hochul wrote in the letter. "These individuals have made enormous contributions to our communities and our economy, and helped define the character of our state."

The governor also said it would be wrong for the U.S. to force Haitians to return to their homeland when the poverty and gang violence that led to their TPS status have not eased.

"By knowingly and cruelly Continued on page 26

# Trump approval rating sinks to yet another low in new poll

**Ajkal Desk**



President Donald Trump's polling woes continue as he fell to a new record low since his return to the White House, according to a new Reuters/Ipsos survey, with only one in three Americans approving of his job performance.

The poll, released on Aug. 17, found that only 33% of Americans approved of Trump's performance, down 2 percentage points from another Reuters/Ipsos poll from earlier this month. Continued on page 26

# Mayor Mamdani finds favor in New York City

**Shah Nawaz**



Zohran Mamdani's favorability in New York City continues to grow, a recent Siena University poll shows. The poll, taken earlier this month, asked hundreds of likely NY voters their opinion on the mayor, with many in the city seeing him in a favorable light.

**What is Mamdani's favorability?**

Mamdani, who took office in January, has enjoyed climbing favorability among voters. The Siena poll, released Aug. 12, surveyed 811 likely New York voters on their opinions for many Continued on page 26

# 'Scream' and 'Nashville' star Hayden Panettiere dies at 36



**Anik Raj**

Hayden Panettiere, best known for her performances in "Heroes" and "Nashville", as well as her appearances in "Scream 4" and "Scream VI", died on Sunday. Her representative confirmed the news to ABC News, though no cause of death has been disclosed.

"It is with profound sadness that we share the tragic passing of our beloved Hayden. She was an incredible light and a force of nature who brought immeasurable love and joy to everyone who knew her, as well as to the millions who watched her on screen," her representative said in a statement to ABC. Panettiere began her acting career at the age of five in 1994, appearing in 27 episodes of the soap opera "One Life to Live". She later joined "Guiding Light", appearing in 45 episodes. Her breakthrough came in 2000 when she starred in "Remember the Titans". Six years later, she landed one of her most recognisable roles as Claire Bennett in NBC's "Heroes". Panettiere played the cheerleader with regenerative abilities in 73 episodes of the series.





She went on to earn two Golden Globe nominations for her performance as Juliette Barnes in the musical drama series "Nashville". She appeared in 128 episodes of the show between 2012 and 2018. Panettiere also built a notable film career. She played Kirby Reed in the 2011 horror film "Scream 4", with the character becoming a favourite among fans. She reprised the role more than a decade later in "Scream VI", released in 2023. Her other film credits included "Ice Princess", alongside Michelle Trachtenberg, and "Bring It On: All or Nothing". As a child, she also appeared in television series such as "Ally McBeal" and "Malcolm in the Middle". Continued on page 26

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA

POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

# বাংলাদেশি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বাংলায় কথা বললেন মেয়র মামদানি

৬৪ পৃষ্ঠার পর



ইউটিউবে ছড়িয়ে পড়ে। সরাসরি ক্যামেরার দিকে তাকিয়ে চমৎকার বাংলা ভাষায় কথা বলেছেন। এমন ভিডিও প্রকাশের থেকেই অনলাইনে ব্যাপক সাড়া পড়ে যায়।
তিনি কি গোপনে বাংলা ভাষা শিখছিলেন? নাকি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে সাবলীলতার ভান করছিলেন? নাকি অ্যাপ ব্যবহার করে অত্যন্ত নিষ্ঠার সাথে ভাষাটি আয়ত্ত করেছিলেন? এমন বিতর্ক চলছে বাংলাদেশি কমিউনিটিতে। তবে মেয়র গত নির্বাচনী প্রচারণায় নেমে বাঙালী এলাকায় এসে 'কেমন আছেন। ভালো আছেন তো?' এমন দু'একটি শব্দ বলতেন। এবার তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে ৩০ সেকেন্ড বাংলা কথা বললেন। শনিবার প্রকাশিত এই ভিডিওটি জনাব মামদানি 'থিয়েটার ডেভেলপমেন্ট ফান্ড'-এর সাথে যৌথভাবে তৈরি করেছিলেন। এর উদ্দেশ্য ছিল একটি লটারির প্রচার করা, যার মাধ্যমে শহরের পাঁচটি বারো বা এলাকার হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য ২,০০০টি বিনামূল্যে ব্রডওয়ে টিকিট দেওয়া হচ্ছে। ভিডিওটি বাংলা ছাড়াও স্প্যানিশ, ইংরেজি ও ম্যান্ডারিন ভাষায় ছিল।

# মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের আয়োজনে সীরাতুন্নবী (সাঃ) মাহফিল





৬২ পৃষ্ঠার পর

হামিদুর রহমান হামিম। অনুষ্ঠানটি পরিচালনা করেন মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের সেক্রেটারি কামরুজ্জামান কবির। মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম সেলোয়ার হোসাইন। তিনি মহানবী (সাঃ)-এর জীবন ও আদর্শের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, একজন মুসলিমের উচিত আল্লাহর বিধান ও নির্দেশনাকে দৃঢ়ভাবে ধারণ করে জীবন পরিচালনা করা। তিনি কোরআনের আলোকে জীবন গঠন এবং আখিরাতে মুক্তির লক্ষ্যে ইসলামী আদর্শ অনুসরণের ওপর গুরুত্বারোপ করেন।
প্রধান আলোচক হিসেবে উপস্থিত বাংলাদেশ লইয়ার্সের সহ-সভাপতি জনাব অ্যাডভোকেট এসলামুল মাহবুব সোহায়েল এবং তিনি তাঁর আলোচনায় সর্বকালের শ্রেষ্ঠ মানব ও আল্লাহর প্রেরিত রাসুল হযরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও কর্ম নিয়ে আলোচনা করেন। তিনি মহানবী (সাঃ)-এর ওপর নাজিলকৃত পবিত্র কোরআনের আলোকে ব্যক্তি ও সামাজিক জীবন পরিচালনার আহ্বান জানান। এছাড়াও আলোচনা করেন মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের ইমাম ও খতিব মাওলানা অলিউর রহমান সিরাজী। তিনি পূর্ববর্তী আলোচকদের বক্তব্যের সঙ্গে সামঞ্জস্য রেখে মহানবী (সা.)-এর জীবনাদর্শ অনুসরণ এবং আল্লাহর হুকুম-আহকাম মেনে চলার জন্য উপস্থিত সবার প্রতি আহ্বান জানান। মাহফিলে আরও উপস্থিত ছিলেন জ্যাকসন হাইটস চ্যাপ্টারের সভাপতি মাওলানা ফখরুল ইসলাম মাসুম, এলমহার্স্ট চ্যাপ্টারের সভাপতি নাসির উদ্দিনসহ মুনার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ ও সুধীজন।
অনুষ্ঠানের শেষ পর্যায়ে সভাপতির বক্তব্যে জনাব কাজী সামছুল হক মহানবী (সাঃ)-এর আদর্শ অনুসরণের গুরুত্ব তুলে ধরেন এবং কোরআন ও সুন্নাহর আলোকে জীবন পরিচালনার আহ্বান জানান। তাঁর সমাপনী বক্তব্যের মাধ্যমে সীরাতুন্নবী (সাঃ) মাহফিলের সমাপ্তি ঘোষণা করা হয়।

# গ্রেটার পাবনা অ্যাসোঃ অব ইউএসএ'র নতুন কমিটি গঠন

৩ পৃষ্ঠার পর

বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে গ্রেটার পাবনা অ্যাসোসিয়েশন অব ইউএসএ। পাবনার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে প্রবাসের মাটিতে তুলে ধরার পাশাপাশি সংগঠনটি সামাজিক ও মানবিক কর্মকাণ্ডে ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করেছে।
যুক্তরাষ্ট্রে বসবাসরত বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে সম্পর্ক আরও সুদৃঢ় করা, নতুন প্রজন্মের কাছে পাবনার ঐতিহ্য তুলে ধরা এবং প্রয়োজনে একে অপরের পাশে দাঁড়ানোসংগঠনটির অন্যতম প্রধান লক্ষ্য। সংগঠনের বিভিন্ন সামাজিক অনুষ্ঠান ও উদ্যোগের মাধ্যমে প্রবাসী পাবনাবাসীদের মধ্যে যোগাযোগ আরও বৃদ্ধি পাচ্ছে।
গ্রেটার পাবনা অ্যাসোসিয়েশন অব ইউএসএর সভাপতি রাজু আলিম বলেন, আমরা যারা যুক্তরাষ্ট্রে বসবাস করছি, আমাদের সবার মধ্যে ঐক্য ও পারস্পরিক সহযোগিতা আরও শক্তিশালী করাই আমাদের প্রধান লক্ষ্য।
সংগঠনের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন বেপারী বলেন, গ্রেটার পাবনা অ্যাসোসিয়েশন অব ইউএসএ শুধু একটি সংগঠন নয়; এটি প্রবাসী পাবনাবাসীর পারস্পরিক সম্পর্ক ও ভালোবাসার একটি সেতুবন্ধন। আমরা চাই, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে বসবাসরত পাবনাবাসীকে একটি প্লাটফর্মের আওতায় এনে সবাইকে নিয়ে এগিয়ে যেতে।"
সহ-সভাপতি- কুতুব উদ্দিন আইবেক ও হাফিজুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক- জাহাঙ্গীর আলম ও সুজন। সাংগঠনিক সম্পাদক- আশফাকুল ইসলাম। মহিলা সম্পাদিকা আসমা খাতুন রুমা। সহ সম্পাদিকা বিথিকা। ক্রীড়া সম্পাদক আলতাব হোসেন, ধর্ম বিষয়ক সম্পাদক ফরিদুল আলম। প্রচার সম্পাদক কামরুজ্জামান। উপদেষ্টাবৃন্দ সিরাজুল ইসলাম, ফজলুল হক খান, সাজ্জাদ প্রামানিক বাচ্চু ও জয় খোকন।
গ্রেটার পাবনা অ্যাসোসিয়েশন অব ইউএসএ-এর নেতৃত্বের প্রত্যাশা পাবনার ঐতিহ্যকে ধারণ করে প্রবাসে একটি সুসংগঠিত ও সৌহার্দপূর্ণ পাবনা কমিউনিটি গড়ে তোলাই তাদের মূল লক্ষ্য।

# ডালাস বাংলা উৎসবের আনুষ্ঠানিক যাত্রা শুরু

৩ পৃষ্ঠার পর

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে তিনি এবারের উৎসবের পরিকল্পনা, লক্ষ্য এবং দিনব্যাপী আয়োজনের বিভিন্ন পর্ব তুলে ধরেন। কেন কাদের বলেন, ডালাস বাংলা উৎসব ৫ এমন একটি ব্যতিক্রমধর্মী দিনব্যাপী আয়োজন, যেখানে বাংলা ভাষা, সাহিত্য, সংগীত, মঞ্চকলা, সংস্কৃতি, ফ্যাশন, কেনাকাটা এবং কমিউনিটির মিলনমেলা-সবকিছুই একই ছাদের নিচে স্থান পাবে।
উৎসবের অন্যতম প্রধান আকর্ষণ থাকবে দিনব্যাপী বইমেলা, প্রাণবন্ত সাহিত্য আড্ডা, এবং পোশাক, অলংকারসহ বিভিন্ন আকর্ষণীয় সামগ্রীর বাজার। এর মধ্য দিয়ে দর্শনার্থীদের জন্য সারাদিনজুড়ে তৈরি হবে উৎসবমুখর এক মিলনক্ষেত্র।
দিনের পরবর্তী পর্বে থাকবে আকর্ষণীয় লাইভ মিউজিক্যাল সেশন। অনুষ্ঠানের অংশ হিসেবে কণ্ঠশিল্পী রিতুপর্ণা ব্যানার্জি-র সঙ্গে সংগীত পরিবেশন করবেন সাবিনা নূর তুহু এবং শেখ দিনা। সাংস্কৃতিক আয়োজনে আরও থাকবে শিশুদের পরিবেশনা, নৃত্য এবং কবিতা আবৃত্তি। এর মাধ্যমে নতুন প্রজন্মসহ বিভিন্ন বয়সের শিল্পী ও অংশগ্রহণকারীদের বাংলা সংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত হওয়ার এবং নিজেদের প্রতিভা তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে।
দিনব্যাপী উৎসবের সমাপ্তি ঘটবে রঙমঞ্চের পরিবেশনায় একটি হাস্যরসাত্মক নাটকের মধ্য দিয়ে, যা বাংলা সাহিত্য, সংগীত, সংস্কৃতি ও কমিউনিটির এই বর্ণাঢ্য দিনের আনন্দঘন সমাপ্তি টানবে।
কিক-অফ অনুষ্ঠানে বাংলা সংস্কৃতি ও কমিউনিটির বিভিন্ন অঙ্গনের বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তি বক্তব্য রাখেন। তাঁদের মধ্যে ছিলেন ফারহান হোসেন, রঙমঞ্চের প্রতিষ্ঠাতা; কাজী হাসান, প্রবীণ সম্প্রচার সাংবাদিক এবং বার্ডস আই পডকাস্টের প্রতিষ্ঠাতা; মাহুয়া হাসান, সাহিত্যকর্মী; ইকবাল আনোয়ার, বাংলা ভাষার শুদ্ধ উচ্চারণের প্রচার ও শিক্ষায় নিবেদিত প্রতিষ্ঠান কথকতার প্রতিষ্ঠাতা; এবং ডালাসের বাংলা আড্ডাপোরার সক্রিয় সদস্য রেজা রহমান, প্রমুখ।
বক্তারা ডালাস বাংলা উৎসব ৫ নিয়ে তাঁদের উৎসাহ ও প্রত্যাশা ব্যক্ত করেন। একই সঙ্গে তাঁরা বাংলা ভাষা, সাহিত্য, মঞ্চকলা, সাংস্কৃতিক ঐতিহ্য এবং কমিউনিটির সক্রিয় অংশগ্রহণকে একটি অভিন্ন প্লাটফর্মে নিয়ে আসার গুরুত্ব তুলে ধরেন।
অনুষ্ঠানের বক্তব্য পর্বের সমাপ্তি করেন ডালাস বাংলা উৎসবের নির্বাহী পরিচালক সাবেরা কাদের। তিনি আসন্ন উৎসবকে পুরো কমিউনিটির জন্য একটি প্রাণবন্ত, অন্তর্ভুক্তিমূলক ও স্মরণীয় আয়োজনে পরিণত করার প্রত্যয় ব্যক্ত করেন।
"স্মরণীয় হয়ে থাকবে এই উৎসব" প্রশস্ত পরিসর ও আধুনিক মঞ্চ-সুবিধাসম্পন্ন গুইলিওস গ্র্যান্ড থিয়েটার ডালাস বাংলা উৎসব ৫-এর বহুমাত্রিক আয়োজনের জন্য একটি আদর্শ স্থান। আগামী নভেম্বরের মূল উৎসব সম্পর্কে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে কেন কাদের বলেন, ডালাস বাংলা উৎসব ৫-এর লক্ষ্য শুধু আরেকটি কমিউনিটি অনুষ্ঠান আয়োজন করা নয়; বরং এমন "একটি স্মরণীয় উৎসব" সৃষ্টি করা, যা বাংলা সংস্কৃতি ও ঐতিহ্যের সমৃদ্ধিকে উদযাপন করবে এবং একই সঙ্গে বাংলা ভাষাভাষী কমিউনিটির বিভিন্ন প্রজন্ম ও তাদের বন্ধুদের একত্রিত করবে।
চা, ভেজিটেবল সামোসা, আন্তরিক আলাপচারিতা এবং ফটো সেশনের মধ্য দিয়ে কিক-অফ অনুষ্ঠানটি এক উষ্ণ ও উৎসবমুখর পরিবেশে শেষ হয়। উপস্থিত অতিথিরা এ সময় পরস্পরের সঙ্গে মতবিনিময় করেন এবং নভেম্বরের মূল উৎসবকে ঘিরে তাঁদের উৎসাহ ও প্রত্যাশা ভাগ করে নেন।
কেন কাদের তাঁর ব্যস্ত সময়সূচি থেকে সময় বের করে অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য সকল অংশগ্রহণকারী, পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী, স্বেচ্ছাসেবক এবং সমর্থকদের আন্তরিক ধন্যবাদ জানান। ডালাস বাংলা উৎসব ৫-কে একটি সফল ও স্মরণীয় কমিউনিটি উৎসবে পরিণত করতে তাঁদের সহযোগিতা, উৎসাহ ও অঙ্গীকারের জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।
একই সঙ্গে তিনি বৃহত্তর ডালাস-ফোর্ট ওয়ার্থ কমিউনিটিকে আগামী ১৪ নভেম্বর এই মহোৎসবে যোগ দেওয়ার আমন্ত্রণ জানান এবং বাংলা ভাষা, সাহিত্য, সংগীত, শিল্প ও সাংস্কৃতিক ঐতিহ্যের এই উদযাপনের অংশীদার হওয়ার আহ্বান জানান।

# এনবিসির উদ্যোগে বার্ষিক বনভোজন ও ম্যাগাজিন উদ্বোধন

৩ পৃষ্ঠার পর

৮৭তম ডিস্ট্রিক্টের অ্যাসেম্বলিওম্যান কারিনেস রেইয়েস। তাঁর উপস্থিতি অনুষ্ঠানের গুরুত্ব ও মর্যাদাকে আরও সমৃদ্ধ করে।
এনবিসি টিম-২০২৬-এর দক্ষ পরিকল্পনা, নিষ্ঠা ও আন্তরিক প্রচেষ্টায় বনভোজনটি সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়। আয়োজন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ডা. মোহাম্মদ মুক্তার আহমেদ, মিন্টু কুমার রায়, মোহাম্মদ তৌফিকুর রহমান, মো. রাশেদুল ইসলাম, আজিম উদ্দিন, এম. এস. হক, ডা. মোহাম্মদ আনিসুজ্জামান, শাহানা আক্তার, শাহ ফাহিমা আদিবা, মেহজাবিন নেগার (রুনা), মো. আলাউদ্দিন সোলদারসহ এনবিসির সকল পরিচালক, কর্মকর্তা, স্বেচ্ছাসেবক ও সংগঠক।
অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল এনবিসির প্রকাশনা ম্যাগাজিনের আনুষ্ঠানিক উদ্বোধন এবং মানবিক সেবামূলক কর্মসূচি 'হেল্প দ্য পিপল, সেভ দ্য লাইভ'-এর যাত্রা। এই উদ্যোগের মাধ্যমে সমাজের অসহায়, সুবিধাবঞ্চিত ও সংকটাপন্ন মানুষের পাশে দাঁড়ানোর অঙ্গীকার ব্যক্ত করেন সংগঠনের নেতৃবৃন্দ।
শিশু-কিশোর, তরুণ-তরুণী এবং সংগঠনের সদস্যদের পরিবেশনায় সংগীত, নৃত্য ও মনোজ্ঞ পরিবেশনা যা দর্শকদের মুগ্ধ করে। সঙ্গীত পরিবেশন করেন মেহজাবিন মেহা, ডা. কামরুল, তাসকিন বেলাল। এছাড়াও বিশেষ আয়োজনে ছিলো সংগীতের তালে তালে ডা. মোহাম্মদ মুক্তার আহমেদ ও এনবিসির টিমের মনোমুগ্ধকর নৃত্য, যে পরিবেশনায় মুহূর্তেই উৎসবমুখর হয়ে ওঠে পুরো পার্ক।
শিশু ও বড়দের জন্য ছিল খেলাধুলা, প্রতিযোগিতা ও বিনোদনের বিশেষ আয়োজন। এছাড়া ছিলো র‍্যাফেল ড্র তে আকর্ষণীয় স্যাতাইশ টি পুরস্কার, সিনিয়রদের জন্য সম্মাননা গিফট ,বাচ্চাদের জন্য এবং প্রতিটি পরিবারের জন্য রেজিস্ট্রেশন গিফট ,দলীয় ফটোগ্রাফি এবং স্মৃতিচারণ পর্ব।
এনবিসির ফাউন্ডার ডিরেক্টর ডা. মোহাম্মদ মুক্তার আহমেদ বলেন, নতুন প্রজন্মকে বাংলা ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য ও সামাজিক মূল্যবোধের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া এবং পরিবারভিত্তিক সামাজিক বন্ধনকে আরও দৃঢ় করাই সংগঠনের অন্যতম লক্ষ্য। ভবিষ্যতেও এনবিসি মানবিক, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড আরও বিস্তৃত পরিসরে পরিচালনা করবে।
বিশেষ অতিথি সিনিয়র লোন অফিসার রেজা রশীদ বলেন, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের কাছে বাংলাদেশি সংস্কৃতি ও ঐতিহ্য পৌঁছে দিতে এ ধরনের অনুষ্ঠান অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বক্তব্য রাখেন মফিজুর রহমান, মিন্টু কুমার রায়।
মানবিক মূল্যবোধ, সাংস্কৃতিক চর্চা, সামাজিক দায়বদ্ধতা এবং প্রবাসী বাংলাদেশিদের ঐক্যের শক্তিকে একসূত্রে গেঁথে এনবিসির এবারের বনভোজন ও পারিবারিক মিলনমেলা নিঃসন্দেহে নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির অন্যতম সফল, ব্যতিক্রমী ও স্মরণীয় আয়োজনে পরিণত হয়েছে। এই আয়োজন প্রমাণ করেছে প্রবাস থেকেও ঐক্য, সংস্কৃতি ও মানবতার বন্ধন অটুট থাকলে একটি কমিউনিটি আরও শক্তিশালী, আরও সমৃদ্ধ হয়ে উঠতে পারে।



# কুইন্স লাইব্রেরিতে কবি শহীদ কাদরী'র ওপর আলোচনা

৩ পৃষ্ঠার পর

স্মৃতির প্রতি।
উল্লেখ্য, আগস্ট মাসে (১৯৪২ সালের ১৪ আগস্ট ) কবি শহীদ কাদরীর জন্মগ্রহণ করেন এবং ২০১৬ সালের ২৮ আগস্ট তিনি মৃত্যুবরণ করেন।
অনুষ্ঠানে শহীদ কাদরীর কবিতা, গদ্য, অনুবাদ, জীবন, নির্বাসন, ব্যক্তিত্ব, স্মৃতি ও সাহিত্যে অবদানসহ তাঁর সৃষ্টিশীল জীবনের নানা দিক নিয়ে কবি, সাহিত্যিক ও গবেষকরা আলোচনা করেন। আলোচকদের বিশ্লেষণ ও স্মৃতিচারণে শহীদ কাদরীর সাহিত্যিক প্রতিভার পাশাপাশি তাঁর ব্যক্তি জীবনের নানা অজানা বিষয় ও উঠে আসে। প্রাণবন্ত ও তথ্যসমৃদ্ধ এসব আলোচনা থেকে উপস্থিত সকলেই কবি শহীদ কাদরী সম্পর্কে অনেক নতুন তথ্য ও দৃষ্টিভঙ্গি জানার সুযোগ পান।
আরিফ মাহমুদ শৈবাল-তাঁর আলোচনায় শহীদ কাদরীর জীবনের কিছু কম আলোচিত ও অন্তরঙ্গ দিক তুলে ধরেন। তিনি কবির ব্যক্তিত্ব, জীবনবোধ ও সাহিত্যচিন্তার নানা অনুষঙ্গের প্রতি আলোকপাত করেন। তাঁর মতে, শহীদ কাদরীকে শুধু তাঁর বিখ্যাত কবিতার মধ্য দিয়ে দেখলে কবির পূর্ণাঙ্গ পরিচয় পাওয়া যায় না। তাঁর জীবন ও সৃষ্টির অন্তরালে থাকা অনুভূতি, নিঃসঙ্গতা ও আত্মজিজ্ঞাসাও কবিকে বোঝার জন্য গুরুত্বপূর্ণ। তাঁর আলোচনা শহীদ কাদরীর পরিচিত সত্তার আড়ালে থাকা এক গভীর ও সংবেদনশীল কবিকে নতুনভাবে আবিষ্কারের সুযোগ করে দেয়।
কাউন্সিলী মালেক রেজী-তাঁর আলোচনায় শহীদ কাদরীর মননশীলতা ও সৃষ্টির নানা অধ্যায় তুলে ধরেন। তিনি ব্যক্তিগত স্মৃতি, কবির চিন্তাভাবনা ও সাহিত্যিক মানসের বিভিন্ন দিক অত্যন্ত আন্তরিকতার সঙ্গে উপস্থাপন করেন। তাঁর বক্তব্যে শহীদ কাদরীর মানবিকতা, রসবোধ ও গভীর জীবনদৃষ্টির নানা চিত্র ফুটে ওঠে। তিনি শহীদ কাদরীর দুটি গল্পের উপর আলোকপাত করেন। তাঁর আলোচনা উপস্থিত শ্রোতাদের কাছে শহীদ কাদরীকে আরও কাছের পরিচিত করে তোলে।
মোহাম্মদ মহিবুর রহমান-তাঁর আলোচনায় শহীদ কাদরী মূলত কবি হিসেবে বাংলা সাহিত্যে বিশেষভাবে পরিচিত হলেও তাঁর সাহিত্য চর্চার একটি গুরুত্বপূর্ণ দিক ছিল অনুবাদ। কবিতার পাশাপাশি তিনি বিদেশি কবিতা, গদ্য ও নাটক বাংলা ভাষায় অনুবাদ করে বাংলা ভাষার পাঠকদের সঙ্গে বিশ্বসাহিত্যের একটি গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন করে গেছেন। তাঁর অনুবাদ ও ভাষার রূপান্তরে বিশ্বসাহিত্যের প্রতি তাঁর গভীর অনুরাগের পরিচয় পাওয়া যায়। শহীদ কাদরীর অনূদিত সমগ্র নাটকসহ অনুবাদের নানাদিক বিশ্লেষণ শহীদ কাদরীর সাহিত্যকে আন্তর্জাতিক পাঠপরিসরে পরিচিত করার ক্ষেত্রে অনুবাদের গুরুত্বকে বিশেষভাবে সামনে নিয়ে আসে।
সুরীত বড়ুয়া- শহীদ কাদরীর কবিতায় শব্দচয়ন ও শব্দের নান্দনিক বিন্যাস নিয়ে বিশদ আলোচনা করেন। তিনি দেখান, কবি কীভাবে অত্যন্ত সচেতনভাবে শব্দ নির্বাচন করে কবিতার আবহ, অর্থ ও সৌন্দর্য নির্মাণ করেছেন। তাঁর আলোচনায় শহীদ কাদরীর ভাষার আধুনিকতা, সংযম ও ব্যতিক্রমী প্রকাশভঙ্গির বিভিন্ন দিক উঠে আসে। শব্দের অবস্থান ও বিন্যাস কীভাবে কবিতার অন্তর্নিহিত অর্থকে আরও গভীর করে তোলে, তিনি তারও ব্যাখ্যা দেন। তাঁর বিশ্লেষণ শহীদ কাদরীর কবিতার শিল্পরূপ ও ভাষাশৈলী বোঝার জন্য একটি গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি প্রদান করে।
আহমেদ মাযহার-তাঁর আলোচনায় শহীদ কাদরীর গদ্য রচনার বিভিন্ন দিক ও বৈশিষ্ট্য তুলে ধরেন। তিনি কবির গদ্যে চিন্তার গভীরতা, ভাষার স্বাচ্ছন্দ্য এবং জীবনকে দেখার বিশেষ দৃষ্টিভঙ্গির প্রতি আলোকপাত করেন। কবি হিসেবে শহীদ কাদরীর পরিচিতির আড়ালে তাঁর গদ্য সাহিত্যের যে গুরুত্বপূর্ণ অবদান রয়েছে, তিনি তা বিশেষভাবে তুলে ধরেন। তাঁর বক্তব্যে শহীদ কাদরীর গদ্যের ভাষা, বিষয়বৈচিত্র্য ও সৃজনশীলতার নানা দিক নতুনভাবে আলোচিত হয়। ফলে শ্রোতারা কবির সাহিত্যিক সত্তার একটি অপেক্ষাকৃত কম আলোচিত অধ্যায় সম্পর্কে জানার সুযোগ পান।
এ বি এম সালেহউদ্দীন-শহীদ কাদরীর দুর্লভ সাক্ষাৎকার ও কথোপকথনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তিনি সাক্ষাৎকারের মাধ্যমে কবির ব্যক্তিজীবন, সাহিত্যভাবনা ও সমকাল সম্পর্কে তাঁর দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। এসব সাক্ষাৎকারে কবির যে চিন্তা, অভিজ্ঞতা ও ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায়, তিনি তা গুরুত্বের সঙ্গে ব্যাখ্যা করেন। তাঁর আলোচনায় শহীদ কাদরীর এমন কিছু বক্তব্য ও ভাবনা সামনে আসে, যা সাধারণ পাঠকের কাছে তুলনামূলকভাবে অজানা।
প্রকাশ থাকে যে, কবি শহীদ কাদরীর সাহিত্যিক জীবনের নানা বিষয়ে বাংলাদেশ ও নিউইয়র্কের বিশিষ্টজনদের ১৫ টি সাক্ষাৎকার নিয়ে ২০১৪ সালে ঢাকার কবি প্রকাশনী থেকে ( সাক্ষাৎকার সংগ্রহ নামে একটি সমৃদ্ধ সংকলন গ্রন্থ প্রকাশিত হয়। ফলে, দুর্লভ সেইসব সাক্ষাৎকারগুলো কবির জীবন ও সাহিত্যকে বোঝার মূল্যবান দলিল হিসেবে নতুন গুরুত্ব লাভ করে। এবিএম সালেহ উদ্দীন বলেন, এইসব দুর্লভ সাক্ষাৎকার অবশ্যই বাংলা সাহিত্যের ইতিহাসের অংশ হিসেবে টিকে থাকবে।
মনিজা রহমান তাঁর আলোচনায় শহীদ কাদরীর জীবনে নির্বাসনের প্রভাব ও এর বহুমাত্রিক তাৎপর্য তুলে ধরেন। তিনি দেখান, দেশ ও স্বদেশ থেকে দূরে থাকার অভিজ্ঞতা কবির মনোজগৎ ও সৃষ্টিশীলতাকে কীভাবে প্রভাবিত করেছে। নির্বাসনের নিঃসঙ্গতা, স্মৃতি, বিচ্ছিন্নতা ও স্বদেশের প্রতি আকর্ষণ তাঁর আলোচনায় বিশেষভাবে উঠে আসে। কবির সাহিত্যকর্মে এই অভিজ্ঞতার প্রতিফলন কীভাবে ঘটেছে, তিনি তারও ব্যাখ্যা দেন। তাঁর আলোচনা শহীদ কাদরীর কবিসত্তাকে নির্বাসনের অভিজ্ঞতার আলোকে নতুনভাবে অনুধাবনের সুযোগ সৃষ্টি করে।
হাসান ফেরদৌস-তাঁর আলোচনায় শহীদ কাদরীর পরিচিত ও অজানা-উভয় সত্তাকে তুলে ধরার চেষ্টা করেন। তিনি কবির সাহিত্যিক পরিচয়ের পাশাপাশি তাঁর ব্যক্তিত্ব, জীবনযাপন ও চিন্তার বিভিন্ন অনালোচিত দিকের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর বক্তব্যে কখনো পরিচিত কবিকে নতুন আলোয় দেখা যায়, আবার কখনো অচেনা এক শহীদ কাদরীর সন্ধান মেলে। স্মৃতি, সাহিত্য ও ব্যক্তিজীবনের বিভিন্ন প্রসঙ্গ মিলিয়ে তিনি কবির একটি বহুমাত্রিক প্রতিকৃতি তুলে ধরেন। তাঁর আলোচনা শ্রোতাদের মনে শহীদ কাদরী সম্পর্কে নতুন কৌতূহল ও অনুসন্ধিৎসা তৈরি করে।
বদরুন নাহার-তাঁর আলোচনায় শহীদ কাদরীর নিঃসঙ্গতা, নির্জনতা ও অন্তর্জগতের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি দেখান, কবির সৃষ্টিশীলতার সঙ্গে নিভৃত জীবন ও একাকিত্বের অনুভূতির একটি গভীর সম্পর্ক ছিল। তাঁর আলোচনায় শহীদ কাদরীর সংবেদনশীল মন, আত্মমগ্নতা ও জীবনবোধের নানা দিক ফুটে ওঠে। নির্জনতার মধ্যেও কীভাবে কবি তাঁর সৃষ্টিশীলতাকে সমৃদ্ধ করেছেন, তিনি সে বিষয়টি নিয়ে বিশেষভাবে ব্যাখ্যা তুলে ধরেন ।
নিউইয়র্কে অবস্থানরত কবি সাহিত্যিকদের উপস্থিতিতে বিশদ আলোচনায় কবির উত্তরাধিকার (১৯৬৭), তোমাকে অভিবাদন, প্রিয়তমা (১৯৭৪), কোথাও কোনো ক্রন্দন নেই (১৯৭৮), আমার চুম্বনগুলো পৌঁছে দাও (২০০৯), অমৃতের সন্ধান, আবর্ত, গদ্য, সাক্ষাৎকার স্থান লাভ করে।
বাংলা সাহিত্যে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ১৯৭৩ সালে বাংলা একাডেমি পুরস্কার এবং ২০১১ সালে একুশে পদক লাভ করেন। আলোচনার পাশাপাশি শহীদ কাদরীর সাহিত্য ও জীবন নিয়ে উপস্থিত বিশিষ্টজনদের মধ্যে আগ্রহ ও ভাবনার আদান-প্রদান করা হয়।
অনুষ্ঠানে কবি, সাহিত্যিক, পাঠক ও সাহিত্যপ্রেমীদের পাশাপাশি রানু ফেরদৌস, আতিক সোবহান, রাজিয়া নাজমী, মমতাজ বেগম রুমি, মোশাররফ হোসেন, সেলজির শিকদার, নাসির শিকদারসহ অনেকে উপস্থিত ছিলেন। তাঁদের উপস্থিতিতে অনুষ্ঠানটি আরও প্রাণবন্ত ও তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে। সবশেষে অনুষ্ঠানের সঞ্চালক ও পরিচালক 'নীরা কাদরী' উপস্থিত সবাইকে এবং কুইন্স পাবলিক লাইব্রেরির ম্যানেজার 'শাহ্র গোল'সহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। পরিশেষে অনুষ্ঠানের পরিচালক 'নীরা কাদরী' সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।



বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা
মহিলা গাইডের
সুব্যবস্থা রয়েছে।

KARNAFULLY
TRAVEL INC.

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

**ভ্রমণ তারিখ**

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

**প্যাকেজে অন্তর্ভুক্ত:**

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

# আন্তর্জাতিক চিন্ময় কবিতা উৎসব ২২ আগস্ট

আজকাল রিপোর্ট

আগামী ২২ আগস্ট, শনিবার সন্ধ্যা ৬ টায় আন্তর্জাতিক শ্রী চিন্ময় কবিতা উৎসব-এর আয়োজন করা হয়েছে। শ্রী চিন্ময় সেন্টার - অ্যাসপিরেশন গ্রাউন্ড ৮৪-৪৩ ১৬৪ স্ট্রিট, জ্যামাইকা নিউইয়র্ক ১১৪৩২। শ্রী চিন্ময়ের ৯৫তম জন্মবার্ষিকী উদযাপন এবং কবি কাজী নজরুল ইসলামের ৫০তম প্রয়াণবার্ষিকীতে তাঁর জীবন ও কর্মের প্রতি শ্রদ্ধা নিবেদন উপলক্ষে অনুষ্ঠিত হতে যাচ্ছে। থাকছে শ্রী চিন্ময় কবিতা উৎসব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন: অনিন্দিতা কাজী, কবি কাজী নজরুল ইসলামের নাতনি, আয়োজক আনোয়ারুল কে. চৌধুরী, অধ্যাপক রেচেল ম্যাকডারমট, ড. রাজশ্রী ঘোষ এবং সারা বিশ্ব থেকে আগত শ্রী চিন্ময় সেন্টারের কণ্ঠশিল্পী ও যন্ত্রশিল্পীবৃন্দ।

# ব্রঙ্কসে যুক্তরাষ্ট্র যুবলীগের দোয়া মাহফিল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫১তম মৃত্যু বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া মাহফিল ও জায়নামাজ বিতরণ করেছে যুক্তরাষ্ট্র যুবলীগ। গত ১৮ই আগস্ট মঙ্গলবার সন্ধ্যায় ব্রঙ্কসের স্টার্লিং বাংলাবাজারের এশিয়ান ড্রাইভিং স্কুলের শহীদ মিনার চত্বরে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র যুবলীগের সভাপতি নিজুল মিয়া সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ডা মাসুদুল হাসান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম বাদশা, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইকবাল হোসেন, সহসভাপতি শেখ জামাল হোসেন, সাধারণ সম্পাদক সৈয়দ জিকরিয়া জামান, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলম মিয়া।

অনুষ্ঠানের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল শহীদদের স্মরণে দোয়া মুনাজাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্রঙ্কস আওয়ামী লীগের সভাপতি আব্দুল মুহিত, সাধারণ সম্পাদক মোর্শাহিদ চৌধুরী, জাবেদ সিরাজ, যুবলীগ নেতা মাহবুবুর রহমান, রেজা আব্দুল্লাহ, জামাল আহমেদ, নুরুল ইসলাম মিলন, রেজাউল হক রুবেল, গোলাম রব্বানী, আল মামুন সরকার, রিটন সরকার প্রমুখ। সবশেষে যুবলীগ নেতা রেজাউল হক রুবেলের পৃষ্ঠপোষকতায় বিপুলসংখ্যক মানুষের মাঝে পবিত্র জায়নামাজ বিতরণ করা হয়।

## সিরিয়াকে পরমাণু শক্তিধর করতে চেয়েছিলো আসাদ

৬২ পৃষ্ঠার পর

তৈরি করে সেগুলোকে আইএইএর আন্তর্জাতিক নিরাপত্তা ও পর্যবেক্ষণ ব্যবস্থার অধীনে আনা হবে।

নতুন সিরীয় সরকারের কূটনৈতিক প্রধান আসাদ আল-শাইবানি সংবাদ সম্মেলনে জানান, গত ১৭ জুলাই আইএইএকে একটি আনুষ্ঠানিক চিঠি পাঠিয়ে তারা স্বেচ্ছায় এই অঘোষিত পারমাণবিক উপাদানের উপস্থিতি সম্পর্কে অবহিত করে, যা পতন হওয়া আসাদ সরকারের অশুভ উত্তরাধিকার।

কারিগরি মূল্যায়নের উদ্ধৃতি দিয়ে তিনি জানান, বর্তমানে এই উপাদানগুলো কোনো তাৎক্ষণিক ঝুঁকি তৈরি করছে না এবং সিরীয় রাষ্ট্র ও আইএইএ যৌথভাবে এই উপাদানের নিরাপত্তা পর্যবেক্ষণ করবে। ২০০৭ সালে ইসরায়েলি বিমান হামলায় দেইর এজ্জোরের একটি সন্দেহভাজন পারমাণবিক স্থাপনা ধ্বংস হয়। পরবর্তীতে ২০১১ সালে আইএইএ জানায় যে, স্থানটি উত্তর কোরিয়ার সহায়তায় গোপনে নির্মিত একটি পারমাণবিক চুল্লি ছিল।

## আটলান্টিক সিটিতে জাতীয় শোক দিবস পালন

৬২ পৃষ্ঠার পর

নেতা আব্দুর রহিম সভাপতিত্ব করেন।

মনিরুজ্জামান মনির এর সঞ্চালনায় অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট নিহত তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা আবু তাহের ভূঁইয়া, আব্দুর রফিক, দিলশাদ চৌধুরী, জেলাল উদ্দিন, রওশনউদদীন, মোঃ বেলাল হোসেন, মোরশেদউল্লাহ কাউন্সিলর, নুর মোহাম্মদ, মিজানুর রহমান, আবু নসর প্রমুখ।

বক্তারা বঙ্গবন্ধুর জীবন, রাজনৈতিক সংগ্রাম, স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাঁর নেতৃত্ব এবং বাঙালির জাতীয় পরিচয় নির্মাণে তাঁর অবদান স্মরণ করেন। একই সঙ্গে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা নতুন প্রজন্মের কাছে তুলে ধরার ওপর গুরুত্বারোপ করেন।

## নিউ জার্সিতে বেঙ্গল ক্লাবের জমজমাট বনভোজন

৬২ পৃষ্ঠার পর

কিছু অনুষ্ঠান কাটছাঁট করা হয়। বনভোজনে বিভিন্ন ধরনের মুখরোচক দেশীয় খাবারের আয়োজনও ছিল যা অনুষ্ঠানস্থলেই রান্না করে পরিবেশন করা হয়। রুকু জামান, মামুন বাউল, আনিক আনোয়ার ও শ্যামলী রায়।

বেঙ্গল ক্লাবের কর্মকর্তা অভ্র, জয়, আরিফ, শাহরুক, লিখন, মুকুল, জুয়েল, মামুন, বেলাল, পলাশ, বাদল, পিংকি, অপরাজিতা প্রমুখের সার্বিক তত্ত্বাবধানে বনভোজনের সফল সমাপ্তি ঘটে। অতিথিরা প্রবাসে এমন মিলনমেলার আয়োজনের ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে এধরনের আয়োজন আরও বিস্তৃত করার আহ্বান জানান।

বেঙ্গল ক্লাবের সভাপতি রানা কবির ও সাধারণ সম্পাদক কাজল বাড়ৈ, বনভোজন কমিটির প্রধান পান্থ চৌধুরী ও সদস্য সচিব এম আই কায়সার বনভোজন সফল হওয়ায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

## আটলান্টিক সিটিতে 'ওয়েডিং অব দ্য সী' অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মহাসাগরকে সম্মান জানানোর পাশাপাশি নগরীর শান্তি, সমৃদ্ধি ও নিরাপত্তার জন্য করা হয় বিশেষ প্রার্থনা। স্থানীয় বাসিন্দা, ধর্মীয় নেতা, জনপ্রতিনিধি ও দর্শনার্থীদের অংশগ্রহণে উৎসবমুখর হয়ে ওঠে আটলান্টিক সিটির মহাসাগরের তীর। নানা বয়সী মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানটি পরিণত হয় এক মিলনমেলায়। দীর্ঘদিনের এই ঐতিহ্য আটলান্টিক সিটির সংস্কৃতি ও ইতিহাসের গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। মহাসাগর নির্ভর এই শহরের মানুষের কাছে "ওয়েডিং অব দ্য সী" শুধু একটি ধর্মীয় অনুষ্ঠান নয়-এটি ঐতিহ্য, সম্প্রীতি ও কমিউনিটির বন্ধনেরও প্রতীক। আটলান্টিক সিটির মহাসাগরের তীরে প্রতিবছরই নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হয় 'ওয়েডিং অব দ্য সী'। ধর্মীয় বিশ্বাস, ঐতিহ্য এবং মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই আয়োজন এবারও পরিণত হয় প্রাণবন্ত এক উৎসবে।

## কানাডার ওপর নতুন শুল্ক স্থগিত করলেন ট্রাম্প

৩ পৃষ্ঠার পর

পাইপলাইনটির বিরোধিতা করে আসছে। তবে ট্রাম্প বহুবার বলেছেন, তিনি প্রকল্পটি পুনরুজ্জীবিত করতে চান। পাইপলাইনটি প্রতিদিন প্রায় ৮ লাখ ৩০ হাজার ব্যারেল তেল পরিবহনের সক্ষমতা রাখে।

ট্রাম্প ট্রুথ সোশ্যাল-এ লিখেছেন, বহু আগে স্লিপি জো বাইডেনের হাতে নিহত সেই মহান কিস্টোন এক্সএল পাইপলাইন হয়তো আবার কবর থেকে জেগে উঠতে পারে! শুল্ক কার্যকরের সময়সীমা বাড়ানোর এই সিদ্ধান্ত কানাডার আলোচনাকারীদের পাশাপাশি সীমান্তের উভয় পাশের ব্যবসায়ীদের জন্যও স্বস্তির খবর। তারা সতর্ক করে আসছিলেন যে নতুন শুল্ক দুই দেশের জন্যই ক্ষতিকর হবে।

## সিটি ডিওবি-এর কমিশনারের সঙ্গে এএবিইএ নিউইয়র্ক

৩ পৃষ্ঠার পর

এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের মধ্যে পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করার বিভিন্ন বিষয় নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়। বিশেষ করে প্রকৌশলী ও স্থপতিদের জন্য কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, পেশাগত উন্নয়ন, প্রশিক্ষণ কার্যক্রম এবং বর্তমানে নিউইয়র্ক সিটি ডিওবিতে কর্মরত এএবিইএ সদস্যদের পেশাগত অগ্রগতি ও পদোন্নয়নের বিষয়ে বিস্তারিত মতবিনিময় করা হয়।

সভায় আরও জানানো হয় যে, নিউইয়র্ক সিটি ডিওবি আগামী ২৪ অক্টোবর ২০২৬ অনুষ্ঠিতব্য এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের দ্বিবার্ষিক সম্মেলন ও ক্যারিয়ার কেয়ারে অংশগ্রহণের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। পাশাপাশি ডিওবি তাদের চাকরির বিজ্ঞপ্তি, ইন্টার্নশিপ কর্মসূচি, প্রশিক্ষণ এবং অন্যান্য পেশাগত উন্নয়নমূলক কার্যক্রম এএবিইএ সদস্যদের সঙ্গে নিয়মিতভাবে অবহিত করার বিষয়ে সম্মতি জানিয়েছে। এছাড়াও, নিউইয়র্কের অন্যতম কমিউনিটি সংগঠন ইসলামিক ফাউন্ডেশন অব নিউইয়র্ক-এর বিভিন্ন কার্যক্রমে নিউইয়র্ক সিটি ডিওবির সহযোগিতা ও পরামর্শ গ্রহণের বিষয়েও আলোচনা হয়।

এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের পক্ষ থেকে কমিশনার আহমেদ তিগানি এবং উপস্থিত ডেপুটি কমিশনারদের ২০২৬ সালের দ্বিবার্ষিক সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়। একই সঙ্গে সম্মেলন স্মারকের জন্য কমিশনারের একটি শুভেচ্ছাবার্তা বা লিখিত বক্তব্য প্রদানের অনুরোধও জানানো হয়। সভা শেষে উভয় পক্ষই প্রকৌশলী, স্থপতি এবং কমিউনিটি সংগঠনগুলোর উন্নয়নে দীর্ঘমেয়াদি ও কার্যকর অংশীদারিত্ব গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের প্রতিনিধিদলের সদস্যরা ছিলেন:

১. ইঞ্জিনিয়ার মো. সাজেদুল মোনায়েম খান (শরীফ), পিই - সভাপতি, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; ইঞ্জিনিয়ার ইন চার্জ, ব্রিজ রিহ্যাবিলিটেশন প্রজেক্ট, NYSDOT Region 11।

২. ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদিক, পিই - সাবেক সভাপতি, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; চিফ ইঞ্জিনিয়ার, টপোগ্রাফিক্যাল ব্যুরো, কুইন্স বরো প্রেসিডেন্ট অফিস।

৩. ইঞ্জিনিয়ার মো. আমিনুল ইসলাম (রিংকন), পিই, সিইএম, ইবিসিপি - সভাপতি-নির্বাচিত, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; প্রেসিডেন্ট, NY Building Systems Consultant Inc. এবং MD Engineering PC।

৪. ইঞ্জিনিয়ার মাহবুবুল ইসলাম (শামীম) - সাংগঠনিক সম্পাদক, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; ইঞ্জিনিয়ার ইনচার্জ।

৫. আর্কিটেক্ট কাজী নাফিসা আঞ্জুম - নির্বাহী সদস্য, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; অ্যাসিস্ট্যান্ট কনস্ট্রাকশন ম্যানেজার, নিউইয়র্ক।

৬. ইঞ্জিনিয়ার শামিমা সারমিন - সদস্য, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার; প্ল্যান এক্সামিনার, ঘটনা ডিওবি।

৭. ইঞ্জিনিয়ার শরীফ ফিরোজ রহমান- সদস্য, এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টার।

৮. ইসলামিক ফাউন্ডেশন অব নিউইয়র্ক-এর সভাপতি এবং এএবিইএ নিউইয়র্ক চ্যাপ্টারের একজন সদস্য।

## ম্লান যুক্তরাষ্ট্র বিএনপি : উজ্জীবিত 'নিষিদ্ধ' আওয়ামী লীগ

১ পৃষ্ঠার পর

শেখ হাসিনা দলের এ সব কর্মসূচিতে বক্তব্যও দিচ্ছেন। কোথায় কিভাবে সভা সমাবেশ হচ্ছে তার খোঁজখবরও রাখছেন। যেমন ১৫ আগস্ট নিউইয়র্কে শোক দিবসের কর্মসূচি চলাকালে শেখ হাসিনা নিজেই জানতে চান কোথায় আপনারা প্রোগ্রাম করছেন? সাথে সাথে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন, আপা জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায়। এখানে স্টেজ/প্যান্ডেল তৈরি করে শোক দিবস পালন করছি। এ সব প্রোগ্রামগুলোতে আওয়ামী লীগের নেতারা আপা আপা বলতে বলতে মুখে ফেনা তুলে ফেলেন। লক্ষনীয় হচ্ছে, আওয়ামী লীগের শাসনামলে বাংলাদেশে গিয়ে ব্যাংক বীমার মালিক হয়েছিলেন নিজাম চৌধুরী ও ফরাসত আলীরা। তাদের এইসব প্রোগ্রামগুলোতে দেখা যায় না। তবে সংযোজন ঘটেছে বেশ কিছু নেতার। তারা ৫ আগস্টের পর যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন। তাদের মধ্যে রয়েছেন আওয়ামী লীগের আলোচিত এমপি শামীম ওসমান। সভা সমাবেশে গিয়ে আবেগঘন বক্তৃতা করছেন। করছেন শেখ হাসিনার সাথে নানা ঘটনার স্মৃতিচারণ। কাঁদছেন নেত্রীর জন্য। জ্বালাময়ী বক্তব্য রাখছেন জামায়াত, এনসিপি ও বিএনপির বিরুদ্ধে। উজ্জীবিত করার চেষ্টা করছেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের নেতাকর্মিদের। ক্লো তোলার চেষ্টা করছেন, চল ঢাকা যাই। নেত্রী ডিসেম্বরে বাংলাদেশে যাবার ঘোষণা দিয়েছেন। সেদিন আমরাও বাংলাদেশে যাব। হাসিনার এই ঘোষণায় অনেক উজ্জীবিত হয়েছে বিদেশ আওয়ামী লীগ।

১৫ আগস্ট জাতীয় শোক দিবসে নিউইয়র্কে আওয়ামী সমর্থক ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভক্তদের ঢল নেমেছিল। জ্যাকসন হাইটস ছিল শোকের প্রতীক কালো পোশাকের সমারোহ। ৭৩ স্ট্রিট, ডাইভারসিটি প্লাজা, ব্রুকলিনের পার্কচেস্টার কিংবা ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ড ছিল মুজিব ভক্তদের চোখে পড়ার মতো। যদিও ব্রুকলিনে আওয়ামী লীগের শামীম ওসমান বিএনপির প্রতিবাদমুখি মিছিলের কারণে বিব্রত ছিলেন। নাজেহাল হবার আশংকায় সটকে পড়েছিলেন দ্রুত।

১৫ আগস্ট বিএনপি পালন করে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জন্মবার্ষিকী হিসেবে । এদিন স্টেট বিএনপি ডাইভারসিটি প্লাজার অদূরে রুজভেল্ট এভিনিউ ঘেষে আয়োজন করেছিল দোয়া মাহফিল ও আলোচনা সভা। সন্ধ্যা অবধি সেখানে ছিল হাতেগোনা ১০ থেকে ১৫ জন নেতা কর্মী। একই সময় সামান্য অদূরে আওয়ামী লীগের শতাধিক নেতাকর্মী ১৫ আগস্ট পালন করছিল। যদিও সন্ধ্যার পর বিএনপি নেতা গিয়াস আহমেদ উপস্থিত হলে ৪০/৫০ জনের উপস্থিতিতে খালেদা জিয়ার জন্মবার্ষিকীর অনুষ্ঠান শুরু হয়। ব্রুকলিনে মোস্তফা কামাল পাশা বাবুলের নেতৃত্বে বিএনপি খালেদার জন্মদিবস পালন করে। এই অনুষ্ঠান শেষেই তারা মিছিল সহকারে চার্চ ম্যাকডোনাল্ডসে গেলে আওয়ামী লীগের নেতাকর্মিদের সাথে সংঘর্ষ বাধে।

১৯ বছর পর বিএনপি ক্ষমতায় ফিরে এসেছে। আসেনি যুক্তরাষ্ট্র বিএনপির একক কমিটি। রহস্যজনক কারণে কেন্দ্রও তা নিয়ে মাথা ঘামাতে অনীহ। রাখছে আশ্বাসের মুলা ঝুলিয়ে। কিন্তু ক্ষমতার সুবাতাসে এখন বিভক্ত বিএনপির নেতাকর্মিদের কনস্যুলেট ও স্থায়ী মিশনে ঠাঁই মুঠ পাওয়ার মহড়া দিতে কসরতের কমতি নেই। ১৭ বছর দখলে রাখা আওয়ামী নেতাদের চেয়ারগুলোতে এখন বিএনপির নেতারা বসে থাকেন । এ যেন এক মিউজিক্যাল চেয়ার। ক্ষমতা যাদের, চেয়ার তাদের। আগে মিশন ও কনস্যুলেটের কর্মকর্তারা আওয়ামী নেতাদের অঙ্গুলি হেলনে চলতেন । এখন চলছেন বিএনপি নেতাদের কথায়।

যুক্তরাষ্ট্র বিএনপি এখন দলকে দেখভালোর চেয়ে সরকারি অফিসে দাওয়াত গ্রহণ ও সংবর্ধনা দিতে মহাব্যস্ত। গত ৬ মাসে ডজনেরও বেশি মন্ত্রী ও এমপি এসেছেন যুক্তরাষ্ট্রে। বিএনপি নেতারা এসব নেতাদের পেছনে পেছনে দৌড়াতে দৌড়াতে জুতা ক্ষয় করে ফেলছেন। প্রতিযোগিতায় নেমেছেন নেতাদের সংবর্ধনা দিতে। কে আগে দিবেন সংবর্ধনা। দলের সাংগঠনিক কর্মকান্ডে তাদের আগ্রহ নেই।

## সোসাইটির নির্বাচনের নতুন তারিখ আগামী ২৫ অক্টোবর

১ পৃষ্ঠার পর

সম্প্রদায়ের অনুরোধেই নির্বাচন পিছানো হয়েছে।

গত ১৮ আগস্ট মঙ্গলবার সোসাইটির ট্রাস্টিবোর্ড, কার্যকরি কমিটি ও নির্বাচন কমিশনের যৌথ সভায় এ সিদ্ধান্ত গৃহিত হয়। এতে সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক, সহসভাপতি কামরুজ্জামান কামরুল, স্কুল বিষয়ক সম্পাদক হাসান জিলানী, ট্রাস্টিবোর্ড সদস্য ডা. এনামুল হক, ফখরুল ইসলাম দেলোয়ার, কাজী আজম, আহসান হাবিব ও বদরুল খান, প্রধান নির্বাচন কমিশনার এডভোকেট এডভোকেট আবু নাসের, নির্বাচন কমিশনের সদস্য রহুল সরকার ও মিয়া মোঃ দুলাল। এ নির্বাচনে ২টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। একটির নেতৃত্ব দিচ্ছেন আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলী। অন্য প্যানেলের নেতৃত্বে রয়েছেন আজমল হোসেন কুনু ও ফিরোজ আহমেদ। সাধারণ সম্পাদক পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন সৈয়দ রাব্বী। ৩৫ হাজার ৩২১ জন সদস্য ভোটাধিকার প্রয়োগ করবেন।

## সৈনিকের বাবার আকুতি : আমার ছেলেকে ফিরিয়ে আনুন

১ পৃষ্ঠার পর

দেখার জন্যই আমেরিকানরা অপেক্ষা করছেন।

ইরানে মোতায়েনকৃত যুদ্ধ জাহাজ ইউএসএস আব্রাহাম লিংকন-এর এক নাবিকের বাবা ট্রাম্পের ইরান কেন্দ্রিক 'অন্তহীন যুদ্ধ'-এর সমালোচনা করেছেন। আকুতি জানিয়েছেন তার ছেলেকে ফিরিয়ে আনতে। ২০ বছর বয়সী এক নাবিকের বাবা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ইরান-কেন্দ্রিক যুদ্ধ পরিস্থিতিকে 'অন্তহীন যুদ্ধ' (অডলবাং শিং) বলে নিন্দা জানিয়েছেন। বিমানবাহী রণতরীটির মোতায়েনের মেয়াদ ২৬৫ দিন ছাড়িয়ে যাওয়ায় তিনি নিজের ছেলেকে ফিরিয়ে এনে তার জায়গায় নিজে দায়িত্ব পালনের প্রস্তাব দিয়েছেন।

ওয়াইও স্টেটের সিনসিনাটির বাসিন্দা জেফারসন কেলি 'নিউজউইক'-কে বলেছেন, তার ছেলে দেশের সেবা করা ও প্রকৌশলী হওয়ার আশায় অত্যন্ত আগ্রহ নিয়ে নৌবাহিনীতে যোগ দিয়েছিল। কিন্তু লিংকন-কে মধ্যপ্রাচ্যে পাঠানোর পর কেলি বুঝতে পারেন যে, ট্রাম্প দ্বিতীয় মেয়াদে হোয়াইট হাউজে ফেরার পর থেকে তার মনে যে আশঙ্কার সৃষ্টি হয়েছিল, সেটাই বাস্তবে রূপ নিয়েছে। কেলি বলেন বলেছেন, "আমার একটা ধারণা ছিল যে এমন কোনো 'অন্তহীন যুদ্ধ' শুরু হতে যাচ্ছে," "কোনো সমস্যা বা বড় ধরনের সংঘাত কিংবা যুদ্ধ পরিস্থিতি তৈরি হলেই তারা বিমানবাহী রণতরী পাঠিয়ে দেয়... আর ঠিক সেটাই ঘটেছে।"

নিউজউইক ওই রণতরীতে কর্মরত একজন উচ্চপদস্থ কর্মকর্তার স্ত্রী অ্যাশলি রজার্সের সাথেও কথা বলেছে। তিনি জানান, বন্দরকালে রসদ কমে যাওয়া এবং খাবারের মান খারাপ হওয়ার খবর পাওয়ার পর নাবিকদের জন্য পরিবারের সদস্যরা কীভাবে 'কেয়ার প্যাকেজ' (প্রয়োজনীয় নিত্যপ্রয়োজনীয় প্যাকেট) পাঠানোর চেষ্টা করছিলেন।

অ্যাশলি রজার্স বলেন, "ওই কেয়ার প্যাকেজটি সেখানে পৌঁছাতে আড়াই মাস সময় লেগেছিল। বিষয়টি বেশ উদ্বেগজনক ছিল। আর এখনকার যোগাযোগের ক্ষেত্রে-এমনকি আমার স্বামীর সাথেও, তিনি সাধারণত কঠোর সামরিক মানসিকতা নিয়ে কাজ করেন এবং কেবল নিজের দায়িত্ব পালনে মনোযোগী থাকেন-তাকে দেখেও মনে হচ্ছে তিনি যেন মানসিকভাবে বিপর্যস্ত। তার দলের সদস্যদের সহযোগিতা পাওয়া এবং তাদের দিয়ে কাজ করানোটাও তার জন্য খুব কঠিন হয়ে পড়েছে।"

লিংকন-এর ক্রুদের পরিস্থিতি নিয়ে ক্রমবর্ধমান আলোচনার মধ্যেই কেলির এই মন্তব্যগুলো সামনে এসেছে। রণতরীটি মূলত ইন্দো-প্যাসিফিক অঞ্চলে মোতায়েনের উদ্দেশ্যে ২১ নভেম্বর, ২০১৯-এ স্যান ডিয়েগো ত্যাগ করেছিল। ২৮শে ফেব্রুয়ারি ২০২৬ ইরানের বিরুদ্ধে ইসরায়েলের সাথে যৌথ আক্রমণ শুরুর আগে যুক্তরাষ্ট্র যখন সেখানে সামরিক শক্তি বৃদ্ধি করছিল, তখন জানুয়ারি মাসে বিমানবাহী রণতরীটিকে মধ্যপ্রাচ্যের দিকে ঘুরিয়ে দেওয়া হয়। পরবর্তীতে 'লিংকন' এবং এর বিমানবহর 'অপারেশন এপিক ফিউরি' ও ইরানি বন্দরগুলোতে যুক্তরাষ্ট্রের অবরোধ কার্যক্রমকে সহায়তা প্রদান করে।

ইউএসএস আব্রাহাম লিংকন বর্তমানে এক রেকর্ড-গড়া মোতায়েন অভিযানের মধ্য দিয়ে যাচ্ছে। ছয় মাসেরও বেশি সময় ধরে জাহাজটি কোনো বন্দরে নোঙর করতে পারেনি, যার ফলে এর নাবিক ও কর্মীদের মনোবল ও মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। ভিয়েতনাম যুদ্ধের পর থেকে কোনো মার্কিন বিমানবাহী রণতরীর জন্য নিজ ঘাঁটি বা বন্দর থেকে দূরে থাকার দীর্ঘতম সময়ের রেকর্ডটি এই জাহাজটি ভেঙে ফেলতে পারে।

এর আগের রেকর্ডটি মাত্র কয়েক মাস আগেই গড়েছিল ইউএসএস জেরাল্ড আর. ফোর্ড; জাহাজটি টানা ৩২৬ দিনের মোতায়েন অভিযান সম্পন্ন করেছিল, যার মধ্যে ইরান ও ভেনেজুয়েলার বিরুদ্ধে পরিচালিত কার্যক্রমও অন্তর্ভুক্ত ছিল।

লিংকন-এ কর্মরত একজন নাবিক জাহাজের কর্মীদের মনোবল অত্যন্ত তলানিতে বলে উল্লেখ করেছেন এবং জানিয়েছেন যে, সহকর্মীদের মধ্যে আত্মহত্যার চিন্তাভাবনার কথা তিনি বারবার শুনেছেন। ওই নাবিক আরও জানান, জাহাজে নিত্যপ্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিয়েও নিয়মিত সমস্যা দেখা দিচ্ছে-প্রায়শই টয়লেট ও পানির ফোয়ারা বন্ধ থাকছে এবং গরম পানির ব্যবস্থাও অনেক সময় পাওয়া যাচ্ছে না।

ওই নাবিক সিএনএন-কে বলেছেন, 'প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে যখন আমরা ক্যাপ্টেনের কথা শুনি, তখন দেশে ফেরার খবরের জন্য আমরা অধীর আগ্রহ ও উদ্বেগের সাথে অপেক্ষা করতে থাকি।'

লিংকন-এ কর্মরত অন্যান্য নাবিক, যারা সিএনএন-এর সাথে কথা বলেছেন, তারা বর্তমান পরিস্থিতিকে তাদের আগের মোতায়েন অভিযানের চেয়ে সম্পূর্ণ ভিন্ন বলে বর্ণনা করেছেন। এর প্রধান কারণ হলো যুদ্ধের মতো পরিস্থিতির কারণে রণতরীটি কোনো বন্ধুত্বপূর্ণ বন্দরে থামতে পারেনি; অথচ বন্দরে যাত্রাবিরতির সময় জাহাজগুলো নতুন রসদ সংগ্রহ করতে পারে এবং নাবিকরা বিশ্রাম ও স্বস্তির সুযোগ পান।

নাবিক ও তাদের পরিবারের সদস্যরা সিএনএন-কে জানিয়েছেন যে, জাহাজটিতে মাঝেমধ্যে খাবারের ঘাটতি, পরিচ্ছন্নতা বা স্বাস্থ্যবিধি রক্ষার সামগ্রীর স্বল্পতা এবং পানি সরবরাহ ব্যবস্থায় ত্রুটির মতো সমস্যা দেখা দিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক নাবিক সিএনএনকে বলেছেন, 'আগে জাহাজের দোকানে গিয়ে ইচ্ছেমতো কেনাকাটা করা যেত এবং পরিচ্ছন্নতা বা স্বাস্থ্যবিধি রক্ষার সব পণ্য সবসময় পাওয়া যেত। কিন্তু এখন কেনাকাটার ওপর বিধিনিষেধ রয়েছে এবং স্বাস্থ্যবিধি রক্ষার প্রয়োজনীয় পণ্যগুলো প্রায় পাওয়াই যাচ্ছে না।'

নাম প্রকাশ না করার শর্তে সিএনএন-এর সঙ্গে কথা বলা 'লিংকন'-এর এক নাবিকের বাবা বলেন, তিনি বোঝেন যে তাঁর সন্তানের মতো নাবিকরা দায়িত্ব পালনের জন্যই নৌবাহিনীতে যোগ দেয় এবং যুদ্ধাবস্থায় সেই দায়িত্ব পালন করা স্বভাবতই কঠিন। তবে তিনি প্রশ্ন তোলেন, কেন আগেভাগে বিকল্প ব্যবস্থা বা 'রিলিফ' পাঠানো হলো না এবং দীর্ঘ সময় ধরে মোতায়েন থাকার ফলে সৃষ্ট মানসিক চাপের কিছু অংশ কি এড়ানো যেত না?

সিএনএন-কে দেওয়া এক বিবৃতিতে নৌবাহিনী বলেছে, "জাহাজে আত্মহত্যার চিন্তা বা প্রচেষ্টার কোনো বৃদ্ধি আমরা লক্ষ করিনি। আমরা প্রতিটি সদস্যের সুস্থতাকে গুরুত্বের সঙ্গে দেখি এবং কোনো সমস্যা দেখা দিলে তা মূল্যায়ন ও সমাধানের জন্য আমাদের কাছে ধর্মীয়, চিকিৎসা ও মানসিক স্বাস্থ্য বিষয়ক পেশাজীবীরা রয়েছেন।"

একজন মার্কিন কর্মকর্তা আরও বলেন, মোতায়েনের সময়সীমা এবং আত্মঘাতী চিন্তার মধ্যে কোনো সম্পর্ক আছে বলে নৌবাহিনী মনে করে না; তাছাড়া জাহাজ থেকে সমুদ্রে পড়ে যাওয়ার ঘটনা এই নৌবহরের ক্ষেত্রে কোনো বিচ্ছিন্ন বা নতুন ঘটনা নয়।

নাম প্রকাশে অনিচ্ছুক 'লিংকন'-এর এক নৌসেনার স্ত্রী অবসরে সিএনএন-এর জেক ট্যাপারকে বলেন, প্রেসিডেন্ট "কথা বলার আগে ভাবেন না।" তিনি প্রেসিডেন্ট এবং প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ-উভয়কেই "কিছুটা সহানুভূতি" দেখানোর আহ্বান জানান। তিনি বলেন, "আপনার সেনাবাহিনী, আপনার জাহাজ এবং আপনার যুদ্ধের ক্ষেত্রে যা ঘটছে, তার দায়ভার গ্রহণ করুন। আপনার যুদ্ধ। বিষয়টি অত্যন্ত ক্ষোভের।"


সামার সেল! সামার সেল!
Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
Search Flight
DISCOUNT
Plan your next flight
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং
সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল
এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

# Bangladesh Law enforcers step up after UN warns of Al-Qaeda cell attempts in Bangladesh

Continued from page 18

counterterrorism operations, intelligence analysis and research under a single framework, the official added. The UN assessment comes at a time when homemade bombs have been recovered and suspected militants arrested in several parts of the country over the past year.

Law enforcement officials said there is no basis to conclude that these incidents are linked to the same organisation or ideology, but investigators examine whether any international militant group or organisational direction is involved. Speaking on condition of anonymity, a retired major general and security analyst said some individuals inspired by the ideologies of Al-Qaeda or the Islamic State (IS) may be active in Bangladesh, although many avoid publicly identifying themselves with any organisation. The security analyst said such groups can operate through sleeper cells and may seek to become active when conditions appear favourable.

# Donald Trump Again Loses Sexual Abuse Case

Continued from page 18

that Donald Trump sexually abused and subsequently defamed E. Jean Carroll—is now final and can no longer be challenged in any court." Trump, however, has consistently denied such misconduct. Political experts believe that the Republican Party will pay a heavy price for this court ruling against the former president ahead of the November midterm elections.

# Cristiano Ronaldo, Georgina Rodríguez wear Gucci for intimate Portugal wedding

Continued from page 18

centric nature of the event. Ronaldo and Rodriguez announced their marriage on Instagram with a photo showing their hands and wedding bands, commemorating the moment publicly after years together.

Georgina Rodriguez wore a white skirt suit paired with satin pumps featuring Gucci's horsebit motif, while Ronaldo wore a custom cotton beige suit with horsebit loafers, both designed for the occasion by Gucci under Demna's direction.The couple's engagement traces back to 2016, when Rodriguez was a Gucci store employee covering a shift, a detail they reference as destiny in interviews surrounding the wedding. A Mass followed the ceremony at the Shrine of Our Lady of Fatima, signaling a secular-to-religious closure of the day and underscoring family faith as a focal point. *(USA Today)*

# Mayor Mamdani finds favor in New York City

Continued from page 19

politicians in the state, including Gov. Kathy Hochul and Mamdani. For Mamdani, his favorability rating was high in the city. In NYC, 69% of those polled viewed Mamdani as favorable, while 24% viewed him as unfavorable. Approximately 8% did not know or did not have an opinion. In June, another Siena poll reported that his NYC rating was at 58-26%. The poll was conducted from June 17 to 23 among 1,120 New York State registered voters. For New York State, his favorability numbers are starkly different. Approximately 47% showed the mayor in a favorable light, while 44% viewed him as unfavorable. In the same June poll, Mamdani's state favorability sat at 45-34%. At the time, 21% did not know or did not have an opinion. In Upstate New York, his favorability is 41-46%. Currently, the mayor is at an unspecified location upstate on vacation with his family. *(yahoo news)*

# Elected officials protest against ICE activity in Queens

Continued from page 19

operating within Queens in the past two weeks.

Protesters were joined by a score of Queens elected officials, including State Assemblymembers Catalina Cruz and Jessica González-Rojas, as well as City Councilmembers Tiffany Cabán and Shekar Krishnan. González-Rojas, whose district includes parts of Corona, condemned ICE and President Donald Trump for the increased immigration crackdown, and joined other elected officials and activists in calling to abolish ICE. "Every single day, we get text messages from ICE watchers saying that ICE is in our communities," González-Rojas said. 'It doesn't matter if you're a small business owner. Doesn't matter if you're a five-year-old child. They are coming after all of us.' Cruz, who also represents parts of Corona, said that most immigrants who are detained don't have criminal records when ICE arrests them. *(Source-Daily Eagle)*

# যৌন নিপীড়ন মামলায় হেরে গেলেন ডোনাল্ড ট্রাম্প

১ পৃষ্ঠার পর

ই. জিন ক্যারল মামলায় ৫০ লাখ ডলারের রায় বাতিলে ট্রাম্পের প্রচেষ্টা আবারও প্রত্যাখ্যান করল সুপ্রিম কোর্ট। এর আগে মানহানি মামলায় ট্রাম্পকে ৫০ হাজার ডলার ক্ষতিপূরণ দেবার জন্য জুরিবোর্ড রায় দিয়েছিল। ট্রাম্প জুরির দেয়া এই রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে আপীল করে। গত সোমবার ১৭ আগষ্ট মাননীয় আদালত ট্রাম্পের এই আবেদন প্রত্যাখান করে। শুধু তাই নয়, জুরিদের দেয়া আগের সর্বসম্মত রায়ই এখন চূড়ান্ত। আর কোন আদালতেই তা আর চ্যালেঞ্জ করতে পারবেন না ট্রাম্প। নব্বইয়ের দশকের মাঝামাঝি সময়ে নিউ ইয়র্ক সিটির একটি ডিপার্টমেন্ট স্টোরে লেখিকা ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন এবং পরবর্তীতে মানহানি করায় ট্রাম্পের বিরুদ্ধে এই মামলা করেছিলেন। জুরির দেওয়া ৫০ লাখ ডলারের ক্ষতিপূরণের রায় বাতিলের জন্য প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রচেষ্টা সোমবার আবারও প্রত্যাখ্যান করেছে সুপ্রিম কোর্ট।

প্রেসিডেন্ট ট্রাম্পের আইনজীবীরা আদালতের কাছে অনুরোধ জানিয়েছিলেন, প্রেসিডেন্সিয়াল ইমিউনিটিতে যেন তার আপিলটি বিবেচনা করা হয়। আদালত ট্রাম্পের এই আবেদনসহ আরও কয়েকটি আবেদন খারিজ করে দেয়।

ট্রাম্প এবং বিচার বিভাগ উচ্চ আদালতের কাছে ক্যারল সংক্রান্ত দ্বিতীয় আরেকটি রায়-যার মোট পরিমাণ ৮ কোটি ৩০ লাখ ডলার-বাতিল করারও আবেদন জানিয়েছে। তাদের যুক্তি হলো, ২০১৯ সালে প্রেসিডেন্ট থাকাকালীন ক্যারল সম্পর্কে যেসব মন্তব্য তিনি করেছিলেন, তার জন্য তার বিরুদ্ধে মামলা করার ক্ষেত্রে তিনি দায়মুক্তি (immunity) পাওয়ার যোগ্য। আদালত সেই আপিলের বিষয়ে এখনও কোনো পদক্ষেপ নেয়নি।

ক্যারল দীর্ঘদিনের একজন পরামর্শ-কলাম লেখক এবং সাবেক টিভি টক-শো উপস্থাপিকা। ২০২৩ সালের এক বিচারে তিনি সাক্ষ্য দিয়েছিলেন যে, নব্বইয়ের দশকে ম্যানহাটনের ট্রাম্প টাওয়ারের ঠিক উল্টো দিকের বিলাসবহুল বিপণিবিতানবার্গডর্ফ গুডম্যান-এর ড্রেসিং রুমে ট্রাম্প তাদের মধ্যকার বন্ধুত্বপূর্ণ একটি সাক্ষাৎকে সহিংস আক্রমণে (যৌন নিপীড়ন) রূপ দিয়েছিলেন। ক্যারলের আইনজীবী রবার্টা কাপলান জানিয়েছেন যে, সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তে তারা সন্তুষ্ট। এক বিবৃতিতে কাপলান বলেন, "এর ফলে, ডোনাল্ড ট্রাম্প যে ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও পরবর্তীতে মানহানি করেছেন-জুরিদের সেই সর্বসম্মত রায় এখন চূড়ান্ত এবং কোনো আদালতেই তা আর চ্যালেঞ্জ করা যাবে না।" অবশ্য ট্রাম্প প্রথম থেকেই এ ধরনের অপকর্মের কথা অস্বীকার করে আসছেন নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের আগে রিপাবলিকান প্রেসিডেন্টের বিরুদ্ধে আদালতের এই রায়ে দলটিকে চরম খেসারত দিতে হবে বলে রাজনৈতিক বিশেষজ্ঞরা মনে করছেন।

# আলবেনির ক্যাপিটাল ভবন ভয়াবহ হামলার পরিকল্পনা

১ পৃষ্ঠার পর

সময় আলবানিতে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করে। এতে প্রথম সহকারী যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জন এ. সারকোন তৃতীয় এবং আলবানি এফবিআই কার্যালয়ের বিশেষ এজেন্ট ইনচার্জ ক্রেইগ টেমারোলি তদন্তের অগ্রগতি ও অভিযুক্তের বিরুদ্ধে আনা অভিযোগ তুলে ধরেন।

তদন্তকারীদের তথ্য অনুযায়ী, অভিযুক্ত নারী ক্যাপিটল ভবনের আশপাশে একাধিকবার নজরদারি চালান এবং ভবনে আইনপ্রণেতাদের উপস্থিতির সময় হামলা চালানোর সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তিনি বিস্ফোরক তৈরির উপকরণ সংগ্রহ এবং আগ্নেয়াস্ত্র পাওয়ার চেষ্টাও করেছিলেন বলে অভিযোগ রয়েছে।

তদন্তের অংশ হিসেবে এফবিআইয়ের গোপন সূত্রগুলো তার সঙ্গে যোগাযোগ করে। অভিযোগপত্রে বলা হয়েছে, তিনি একটি খাবার সরবরাহের ব্যাগে বিস্ফোরক লুকিয়ে ক্যাপিটল ভবনে নেওয়ার পরিকল্পনা নিয়ে আলোচনা করেছিলেন। তদন্তকারীদের দাবি, হামলার প্রস্তুতির একপর্যায়ে তাকে নিষ্ক্রিয় অস্ত্র ও বিস্ফোরক উপকরণ দেওয়া হয় এবং পরবর্তীতে তাকে গ্রেপ্তার করা হয়।

ফেডারেল কর্মকর্তাদের মতে, স্টেট ক্যাপিটল ছিল তার প্রধান লক্ষ্য হলেও আরও কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা নিয়েও আলোচনা হয়েছিল। তদন্তে তার অনলাইন কার্যক্রম এবং আইএসআইএস-সমর্থিত বক্তব্যও খতিয়ে দেখা হয়েছে। নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল আইনশৃঙ্খলা বাহিনীর পদক্ষেপের প্রশংসা করে জানিয়েছেন, গ্রেপ্তারের পর বর্তমানে কোনো তাৎক্ষণিক হুমকি নেই। তবে স্টেট ক্যাপিটলসহ গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনার নিরাপত্তা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

এই ঘটনায় আবারও উঠে এসেছে অনলাইন উগ্রপন্থা, একাকী হামলার পরিকল্পনা এবং গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনার নিরাপত্তা নিয়ে উদ্বেগ। বিশেষ করে একজন সন্দেহভাজন ব্যক্তি কয়েক সপ্তাহ ধরে ক্যাপিটল ভবন পর্যবেক্ষণ করতে পেরেছিলেন-এই তথ্য নিরাপত্তা সংস্থাগুলোর জন্য নতুন করে সতর্কবার্তা হিসেবে দেখা হচ্ছে।

তবে মামলাটি এখনো বিচারাধীন। ফেডারেল অভিযোগপত্রে থাকা তথ্যের ভিত্তিতেই এসব অভিযোগ সামনে এসেছে এবং আদালতে দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত অভিযুক্তকে আইন অনুযায়ী নির্দোষ হিসেবে বিবেচনা করা হবে। (সূত্র-এবিসি নিউজ)

# Hochul calls on Trump not to 'abruptly' end TPS for Haitian immigrants

Continued from page 19

forcing thousands of families to leave our country and return to their home countries, regardless of any ongoing or worsening humanitarian crises, the White House is committing a reckless and inhumane act," she wrote. "But it is not too late to reverse course."

DHS defended Trump's push to revoke TPS, a move that got the green light from the Supreme Court after a lengthy legal fight. "Temporary Protected Status is exactly that — temporary," a DHS spokesperson said in a statement. "For too long, TPS has been allowed to function as a de facto amnesty program despite Congress never intending it to be permanent." The letter from Hochul was dated Friday but publicly released Monday and first reported by Politico. Hochul's plea, which she says she discussed on the phone with Trump, comes after New York Mayor Zohran Mamdani also called on Trump to delay or roll back the revocation of TPS, especially for Haitians.

The city last week was forced to dismiss several Haitian city employees who had been in the U.S. under TPS. City Hall officials determined that if they waited longer to lay off those workers, that it could backfire and ultimately hurt their ability to remain in the city or in the U.S. Aside from state and municipal workers, an unknown number of Haitian immigrants with TPS in New York have been working legally, especially in transportation and as nurses, health aides and home care workers. Their employers will likely have to ax those workers, too, forcing them to either seek an alternate legal status to remain in the country, join the ranks of millions of undocumented immigrants or face deportation.

# Trump approval rating sinks to yet another low in new poll

Continued from page 19

Trump's performance on the Aug. 17 poll marks the lowest approval rating the president has seen in Reuters/Ipsos tracking since his return to the White House in 2025. The numbers also tie Trump's worst approval rating during his first term in office, in December 2017. The Reuters/Ipsos poll was conducted Aug. 14-17 among 1,166 U.S. adults. The poll's margin of error was plus or minus 3 percentage points. US President Donald Trump looks on as he meets with lifeguard Ryder Williams in the Oval Office of the White House in Washington, DC, on August 17, 2026.

**Iran sinks Trump :** The president's continued slump in the polls comes as an overwhelming majority of Americans said they were concerned that the war on Iran would continue for an extended period of time. According to Reuters, the ongoing war has paralyzed a fifth of the global oil trade, causing gas prices in the United States to shoot up. According to AAA, the average price of a gallon of gas sat at $4.06 on Aug. 17, an increase of nearly a dollar compared to the $3.13 per gallon recorded on the same date in 2025. In the Aug. 17 poll, 80% of Americans, including 87% of Democrats and 71% of Republicans, believed the U.S. involvement with Iran would continue for an "extended period of time." While individual polls vary, major polling averages continue to show Trump in negative territory overall:

RealClearPolitics (Aug. 17): 39.2% approve, 58.4% disapprove

New York Times (Aug. 17): 37% approve, 60% disapprove

Silver Bulletin (Aug. 17): 38.3% approve, 58.0% disapprove. *(source-USA Today)*

# 'Scream' and 'Nashville' star Hayden Panettiere dies at 36

Continued from page 19

Born and raised in Palisades, New York, Panettiere was the daughter of a soap opera actress and a fire captain. She began working in the entertainment industry at a very young age and spent much of her life in the public eye.

# রাষ্ট্রের অভিভাবক পরীক্ষিত ফখরুল

১ পৃষ্ঠার পর

করা হয়। শুক্রবার স্থানীয় সময় সন্ধ্যায় বঙ্গভবনে নতুন রাষ্ট্রপতির শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সর্বস্তরের মানুষের ভালবাসায় সিক্ত হয়ে নিজের দল ও জনগণের আস্থা তথা আশা-ভরসার প্রতীক উঠেছেন এই রাজনীতিবিদ।

করেন স্পিকার। সঙ্গে সঙ্গে নবনির্বাচিত রাষ্ট্রপতি দাঁড়িয়ে হাত নেড়ে সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় সরকারদলীয় সংসদ সদস্যরা করতালি দিয়ে ও টেবিল চাপড়ে তাঁকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী তারেক রহমান পাশের আসনে থাকা বিজয়ী প্রার্থী মির্জা ফখরুলের সঙ্গে করমর্দন করেন। পরে বিরোধীদলীয় নেতাসহ অন্যরা নবনির্বাচিত রাষ্ট্রপতির সঙ্গে হাত মিলিয়ে আনুষ্ঠানিক অভিনন্দন জানান। এরপর প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেতাকে কোলাকুলি করতে দেখা যায়। রাষ্ট্রপতি সংসদ সদস্যদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন।

এর আগে ভোট শেষ হওয়ার পর নির্বাচন কমিশনের কর্মকর্তারা ব্যালট বাক্সগুলো নির্ধারিত নিয়মে খোলেন। সংসদ সদস্যদের উপস্থিতিতে ব্যালট গণনা শুরু হয়। স্পিকার এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বে ভোট গণনা করা হয়। গতকাল বিকেলে ভোট গ্রহণ শেষে ফলাফল অনুযায়ী মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে নির্বাচিত ঘোষণা করেন স্পিকার। সঙ্গে সঙ্গে নবনির্বাচিত রাষ্ট্রপতি দাঁড়িয়ে হাত নেড়ে সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় সরকারদলীয় সংসদ সদস্যরা করতালি দিয়ে ও টেবিল চাপড়ে তাঁকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী তারেক রহমান পাশের আসনে থাকা বিজয়ী প্রার্থী মির্জা ফখরুলের সঙ্গে করমর্দন করেন। পরে বিরোধীদলীয় নেতাসহ অন্যরা নবনির্বাচিত রাষ্ট্রপতির সঙ্গে হাত মিলিয়ে আনুষ্ঠানিক অভিনন্দন জানান। এরপর প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেতাকে কোলাকুলি করতে দেখা যায়। রাষ্ট্রপতি সংসদ সদস্যদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন। এর আগে ভোট শেষ হওয়ার পর নির্বাচন কমিশনের কর্মকর্তারা ব্যালট বাক্সগুলো নির্ধারিত নিয়মে খোলেন। সংসদ সদস্যদের উপস্থিতিতে ব্যালট গণনা শুরু হয়। স্পিকার এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বে ভোট গণনা করা হয়। গণনার সময় সংসদ সদস্যদের উপস্থিত থাকার সুযোগ ছিল। ৫টা ১৮ মিনিটে ভোট গণনা শেষে নির্বাচনি কর্তা হিসেবে স্পিকার আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ভোট দিলেও তাঁর প্রতিদ্বন্দ্বী আলী আহসান সংসদ সদস্য না হওয়ায় নিজে ভোট দিতে পারেননি। নির্বাচনে ভোট দেননি দুজন সংসদ সদস্য। এর মধ্যে বিএনপির সংসদ সদস্য মির্জা আব্বাস চিকিৎসার জন্য দেশের বাইরে থাকায় ভোট দিতে পারেননি। অনুপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী থেকে বহিষ্কৃত সংসদ সদস্য শাহী নজরুল ইসলামসহ দুইজন। স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানাকে ভোট দিতে দেখা যায়নি। প্রাপ্ত ফলাফল অনুযায়ী, স্বতন্ত্র সংসদ সদস্যরা নির্বাচিত প্রার্থীকে ভোট দিয়েছেন। গণনার সময় সংসদ সদস্যদের উপস্থিত থাকার সুযোগ ছিল। ৫টা ১৮ মিনিটে ভোট গণনা শেষে নির্বাচনি কর্তা হিসেবে স্পিকার আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ভোট দিলেও তাঁর প্রতিদ্বন্দ্বী আলী আহসান সংসদ সদস্য না হওয়ায় নিজে ভোট দিতে পারেননি। নির্বাচনে ভোট দেননি দুজন সংসদ সদস্য। এর মধ্যে বিএনপির সংসদ সদস্য মির্জা আব্বাস চিকিৎসার জন্য দেশের বাইরে থাকায় ভোট দিতে পারেননি। অনুপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী থেকে বহিষ্কৃত সংসদ সদস্য শাহী নজরুল ইসলামসহ দুইজন। স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানাকে ভোট দিতে দেখা যায়নি। প্রাপ্ত ফলাফল অনুযায়ী, স্বতন্ত্র সংসদ সদস্যরা নির্বাচিত প্রার্থীকে ভোট দিয়েছেন।

# জনগণের নাড়ির স্পন্দন বুঝতে পারছেন তিনি

১২ পৃষ্ঠার পর

এমনভাবে ভেঙে পড়া থেকে এমন মহড়া করা যায়, পুরোনো রাষ্ট্রযন্ত্রটি ছিল বিলুপ্ত হওয়ার পথে। দেশ ও জাতি অপেক্ষা করছিল ভেঙে পড়া রাষ্ট্রযন্ত্রের পরিবর্তে নতুন এক বিপ্লবী রাষ্ট্রযন্ত্রের পুনঃস্থাপন। কিন্তু ছিল না কোনো বিপ্লবী নেতৃত্ব, বিপ্লবী দল ও বিপ্লবী মতাদর্শ। তাই যা হওয়ার তা-ই হয়েছে। পুরোনো ব্যবস্থা পুনরুৎপাদিত হয়েছে।

নির্বাচিত নতুন সরকার এমনই এক প্রেক্ষাপটে দায়িত্ব গ্রহণ করেছে। তারা বিপ্লবের কথা বলেনি। তারা বলেছে রাষ্ট্রীয় পুনর্গঠন এবং পুনরুজ্জীবন। এমন ভাঙা হাটে কতদূর কী করা যায় সেটাই প্রশ্ন। তবে এমন সীমাবদ্ধতার মধ্যে আন্তরিক প্রয়াসই হচ্ছে সবচেয়ে বড় কথা। পরিসংখ্যানের হিসাবে সরকার গত ৬ মাসে কতদূর কী করতে পারল, সেই প্রশ্ন উত্থাপন করে জনমনে বিভ্রান্তি সৃষ্টির কোনো অবকাশ নেই। সরকার, বিশেষ করে প্রধানমন্ত্রী তারেক রহমান আন্তরিক কি না সেটাই বিচার্য বিষয়। মন্ত্রিসভার প্রথম বৈঠকে ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণের সুদ ও আসল মওকুফ করা হয়েছে। প্রশ্ন উঠতে পারে, এটি একটি জনতুষ্টিবাদী সিদ্ধান্ত। অর্থনীতিশাস্ত্রের বিচারে এক্ষেত্রে Due Diligence-এর অভাব রয়েছে। এর ফলে ভবিষ্যতে সুবিধাবাদকে প্রশ্রয় দেওয়া হলো। এই কৃষিঋণ মওকুফের ফলে ১৩ লাখ কৃষক পরিবার ঋণের দায় থেকে মুক্তি পেয়েছে। এরা কৃষি উৎপাদনে অবদান রেখেছে এবং কৃষিতে শ্রম দিয়ে ফসলের প্রবৃদ্ধি ঘটিয়েছে। কাজেই একথা বলা যাবে না যে, কোনোরকম অবদান না রেখেই এরা ঋণের দায় থেকে রেহাই পেয়েছে। এদেশে শত-সহস্র কোটি টাকা খেলাপি হয়েও অনেক ঋণগ্রহীতা দিব্যি বহাল তবিয়তে থাকে। এদের তুলনায় যাদের কৃষি ঋণ মওকুফ করা হয়েছে, তারা শতগুণ উন্নত মানুষ। ওদের মতো বিবেকহীন নয়।

সাম্প্রতিক দিনগুলোয় প্রধানমন্ত্রীর দিল্লি সফর নিয়ে অনেক কথা হয়েছে। কিন্তু এ সফরের জন্য দিল্লি সহায়ক পরিবেশ তৈরি করছে না। দিল্লিতে বসে পলাতক শেখ হাসিনা বাংলাদেশে রাজনৈতিক স্থিতিশীলতা বিনষ্টে নানা রকম উসকানিমূলক কথা বলে চলেছে। ভারত সরকার তাকে না নিবৃত্ত করছে, না তাকে উভয় দেশের চুক্তি মোতাবেক বাংলাদেশের কাছে প্রত্যর্পণ করছে। এমনই এক অবস্থায় ভারতের পদলেহী এক রাজনৈতিক নেতা সামাজিক মাধ্যমে ফটোকার্ড করে বলে চলেছেন, ভারতের আমন্ত্রণ গ্রহণ না করলে ভারত এটাকে সহজভাবে নেবে না। আগামী দিনে ভারত কী করবে, তা বলতে পারব না। তবে বাংলাদেশের প্রতি বৈরী আচরণে ভারত কতটা নিবৃত্ত থাকে, তা দেখার বিষয়। ভারত সফর প্রশ্নে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশের জনগণের নাড়ির স্পন্দন বুঝতে পারছেন, এমনটাই বিশ্বাস করতে চাই।

ড. মাহবুব উল্লাহ্ : জাতীয় অধ্যাপক, শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## রাষ্ট্র সংস্কার কোনো একক দলের কাজ নয়

৫ পৃষ্ঠার পর

সম্ভব নয়।

এখন আমাদের সামনে দুটি পথ। একটি পথ হলো পুরনো রাজনৈতিক সংস্কৃতিতে ফিরে যাওয়া- ক্ষমতার কেন্দ্রীকরণ, দলীয়করণ, প্রতিহিংসা, দখলদারিত্ব, দুর্নীতি ও ব্যক্তিকেন্দ্রিক রাজনীতি। অন্য পথ হলো নতুন রাজনৈতিক সংস্কৃতি নির্মাণ- গণতন্ত্র, আইনের শাসন, জবাবদিহি, সহনশীলতা, মানবিক মর্যাদা ও প্রাতিষ্ঠানিক কাঠামোর বাংলাদেশ। দ্বিতীয় পথটি কঠিন। কিন্তু এটি ভবিষ্যতের বাংলাদেশকে নিরাপদ করার একটি জাতীয় প্রয়োজন। সহজ পথে সমাধান নেই। কঠিন পথেই আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। এই ঐক্যের লক্ষ্য কোনো একটি দলকে চিরস্থায়ীভাবে ক্ষমতার বাইরে রাখা নয়; বরং যে দলই ক্ষমতায় আসুক, যাতে কেউ আর রাষ্ট্রকে নিজের দলীয় সম্পত্তিতে পরিণত করতে না পারে- সেই নিশ্চয়তা তৈরি করা। কারণ, গণতন্ত্রের প্রকৃত সৌন্দর্য হলো ক্ষমতার পরিবর্তন নয়, ক্ষমতার সীমাবদ্ধতা। জুলাইয়ের আকাঙ্ক্ষা যেন শুধু স্মৃতিতে না থাকে- রাষ্ট্রের কাঠামোতে, রাজনৈতিক আচরণে এবং নাগরিকের দৈনন্দিন জীবনে তার প্রতিফলন ঘটুক। এ লক্ষ্যেই প্রয়োজন এমন এক জাতীয় ঐক্য, যেখানে মতের ভিন্নতা থাকবে, রাজনৈতিক প্রতিযোগিতা থাকবে; কিন্তু গণতন্ত্র ও নাগরিক অধিকারের প্রশ্নে থাকবে অটুট ঐকমত্য। কারণ শেষ পর্যন্ত লড়াই কোনো ব্যক্তি বা দলের বিরুদ্ধে নয়। লড়াই এমন একটি রাষ্ট্রব্যবস্থার বিরুদ্ধে, যেখানে জনগণ রাষ্ট্রের মালিক হয়েও রাষ্ট্রের কাছে অসহায়। আর সেই লড়াইয়ের স্থায়ী বিজয় তখনই সম্ভব, যখন জুলাইয়ের বাংলাদেশে আর কোনোদিন ফ্যাসিবাদের পুনরাবির্ভাবের সুযোগ থাকবে না।

লেখক: উপাচার্য, নওগাঁ বিশ্ববিদ্যালয়।

## 'দুই বছর লাগবে'-কী বার্তা দেয়

১০ পৃষ্ঠার পর

রয়েছে, তা স্পষ্ট। কিন্তু প্রশ্ন হলো, সরকার যদি এই দুই বছর সংকট সমাধানের সময় হিসেবে নেয়, তবে বেসরকারি খাতকে টিকিয়ে রাখার জন্য তাদের কাছে বিকল্প 'ইমার্জেন্সি প্ল্যান' বা 'বেলআউট' প্যাকেজ কী আছে?

দীর্ঘ দুই বছর হাত গুটিয়ে বসে থাকার সুযোগ নেই। অর্থনৈতিক ধস ঠেকাতে অনতিবিলম্বে কিছু জরুরি পদক্ষেপ নেওয়া প্রয়োজন। অগ্রাধিকার ভিত্তিতে রপ্তানিমুখী ও কর্মসংস্থানমুখী প্রধান শিল্পগুলোকে গ্যাসে অগ্রাধিকার দিতে হবে।

এলএনজি আমদানির ওপর নির্ভরতা কমিয়ে অগ্রাধিকার ভিত্তিতে নিজস্ব স্থলভাগ ও সমুদ্রে গ্যাস অনুসন্ধানে বড় বিনিয়োগ করতে হবে। নবায়নযোগ্য জ্বালানির দ্রুত বিস্তার প্রয়োজন। বিশেষ করে শিল্পকারখানার ছাদে 'রুফটপ সোলার' স্থাপনে ঋণ সহায়তা ও শুল্ক ছাড় দেওয়া যেতে পারে, যেন অন্তত দিনের বেলা কারখানার বিদ্যুতের চাহিদা আংশিক মেটানো যায়।

চড়া সুদের এ সময়ে ব্যাংক ঋণের কিস্তি পরিশোধে শিল্প খাতের জন্য সাময়িক শিথিলতা বা বিশেষ ছাড়ের বন্দোবস্ত করা দরকার, যাতে কোনো প্রতিষ্ঠানকে স্রেফ জ্বালানি সংকটে দেউলিয়া হয়ে যেতে না হয়।

একটি দেশের অর্থনীতি এক দিনে গড়ে ওঠে না; কিন্তু নীতিগত ভুল এবং জ্বালানি সংকটের মতো মৌলিক বিষয়ের সমাধানে দীর্ঘসূত্রতা বিশাল একটি অর্থনীতিকে ধ্বংস করে দেওয়ার জন্য যথেষ্ট। অর্থমন্ত্রীর দুই বছরের সময়সীমা হয়তো বাস্তবতার এক স্বীকারোক্তি, কিন্তু এই দুই বছরকে 'নিষ্ক্রিয়তার দুই বছর' হতে দেওয়া যাবে না।

শিল্প বন্ধ হয়ে গেলে, বিনিয়োগ স্থবির হলে এবং কোটি কোটি মানুষ কাজ হারালে দেশের সার্বিক অর্থনৈতিক কাঠামো ভেঙে পড়বে। অর্থমন্ত্রীকে বুঝতে হবে, শিল্প না বাঁচলে দেশ বাঁচবে না। তাই গতানুগতিক কথার বাইরে এসে বেসরকারি খাতকে বাঁচানোর জন্য জরুরি ভিত্তিতে সমন্বিত রূপরেখা তৈরি করতে হবে। সময় অনেক গড়িয়েছে, আর বিলম্ব করার বিলাসিতা আমাদের অর্থনীতির নেই।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক ও বিশ্লেষক।






# মার্কো রুবিও ট্রাম্পের মতোই বিপজ্জনক

১২ পৃষ্ঠার পর

নিয়েছেন। রুবিওর এই দ্বৈততা বজায় রাখার নীতি হিসাবি বলে মনে হয়। আবার এমনও হতে পারে যে, তিনি পরিস্থিতি সামলানোর মতো অবস্থানে নেই। হয়তো এসব বিষয়ে মার্কো রুবিও নিজে আসলে কী ভাবেন, সে সম্পর্কে তার কোনো পরিষ্কার ধারণাই নেই। তিনি শুধু ট্রাম্পের খামখেয়ালি নির্দেশ অনুসরণ করছেন। দৃঢ় নীতি, ধারাবাহিক মতামত এবং শক্তিশালী নৈতিক বোধের অভাব রয়েছে-এমন এক রাজনৈতিক পিরাপিটি হিসেবে রুবিওর যে ধারণা তৈরি হয়েছে, তার অতীত কর্মকাণ্ড তা আরও জোরালো করে।

তার জীবনীকার ম্যানুয়েল রইগ-ফ্রানজিয়া মনে করেন, ব্যক্তিগত ও রাজনৈতিক অবস্থান বদলের ক্ষেত্রে রুবিওর এই প্রবণতার শিকড় তার শৈশবের একটি মানসিক চাহিদার মধ্যে রয়েছে। সেটি হলো- কোনো একটি গোষ্ঠীর অংশ হওয়া এবং যে পক্ষ জিতবে তার সঙ্গে থাকা। এর জন্য যত মূল্যই দিতে হোক না কেন।

সিনেটর রুবিও একসময় চীনের ব্যাপারে কঠোর অবস্থানের সমর্থক ছিলেন। এখন বেইজিংয়ের ব্যাপারে তিনি ট্রাম্পের তোষণমূলক নীতি অনুসরণ করছেন। একসময় তিনি রাশিয়ার কঠোর সমালোচনা করতেন। এখন তিনি রাশিয়ার প্রতি আপসকামী। তিনি একসময় বিদেশি সহায়তার জোরালো সমর্থক ছিলেন। অথচ ক্ষমতায় এসে তিনি ইউএসএআইডির কার্যক্রম ব্যাপকভাবে সংকুচিত করেছেন। একই সঙ্গে তিনি আন্তর্জাতিক ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান আন্তর্জাতিক অপরাধ আদালতকে ভেঙে দেওয়ার উদ্যোগ নিয়েছেন।

তিনি বারাক ওবামার ইরান পারমাণবিক চুক্তির তীব্র সমালোচনা করেছিলেন। এখন তিনি এমন একটি চুক্তির সমর্থন করছেন, যাতে তেহরানকে আরও কিছু ছাড় দেওয়া হবে।

ভ্যাটিকান যখন তাকে অনৈতিক ও অন্যায় যুদ্ধ পরিচালনার জন্য অভিযুক্ত করল, তখন তিনি রোমে গিয়ে পোপের সঙ্গে দেখা করেন এবং আবারও নিজের অবস্থান বোঝানোর চেষ্টা করেন। রুবিওর এই সংকটের মধ্যে এক ধরনের বিদ্রূপ আছে। এর মধ্যে ট্র্যাজেডিও আছে। তিনি চাইলে বিশ্বে অনেক ভালো কাজ করতে পারেন। শুধু তাকে নিজের অবস্থানে দৃঢ়ভাবে দাঁড়াতে হবে এবং নিজের নৈতিক অবস্থান স্পষ্ট করতে হবে। রাশিয়ার ভ্লাদিমির পুতিন যুদ্ধক্ষেত্রে এবং নিজের দেশেও ব্যর্থতার মুখে পড়ছেন।

২০২২ সালের পর যে কোনো সময়ের তুলনায় এখন তিনি দুর্বল। ইউক্রেনের ভলোদিমির জেলেনস্কির ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা, সৈন্য এবং রাজনৈতিক সমর্থনের ঘাটতি রয়েছে। যুদ্ধ থামিয়ে সংঘাতের বর্তমান অবস্থাকে স্থির করে দেওয়ার মধ্যে একটি যুদ্ধবিরতি চুক্তি করা সম্ভব। যুক্তরাষ্ট্রই একমাত্র দেশ, যে অর্থবহভাবে দুপক্ষের ওপর চাপ সৃষ্টি করতে পারে।

ইসরায়েলের ক্ষেত্রেও একই সুযোগ রয়েছে। গাজায় গণহত্যা এবং ইয়েমেন, ইরান ও হিজবুল্লাহর সঙ্গে বিপর্যয়কর যুদ্ধের অন্যতম প্রধান পরিকল্পনাকারী বেনিয়ামিন নেতানিয়াহু অক্টোবরের নির্বাচনে পরাজয়ের মুখে রয়েছেন। এটি একটি বিরল সুযোগ। ট্রাম্পের 'বোর্ড অব পিস'-এর হাস্যকর পরিকল্পনাগুলো নীরবে সরিয়ে রাখা যেতে পারে। পশ্চিম তীরে ইহুদি বসতি স্থাপনকারীদের সহিংসতা বন্ধ করা যেতে পারে। জাতিসংঘের প্রস্তাবের ভিত্তিতে নতুন ও অন্তর্ভুক্তিমূলক একটি উদ্যোগ শুরু করা যেতে পারে। রুবিও চাইলে মধ্যপ্রাচ্য, বৈশ্বিক অর্থনীতি, মার্কিন ভোক্তা এবং নিজের জন্যও অনেক ভালো কিছু করতে পারেন। এর জন্য তাকে ইরানের সঙ্গে থমকে থাকা শান্তি আলোচনা নিজের হাতে নিতে হবে। একই সঙ্গে জুনের সমঝোতা স্মারকটিকেও আবার কার্যকর করতে হবে। তেহরান মনে করে, হরমুজ প্রণালির অচলাবস্থা কাটানোর একমাত্র পথ এই সমঝোতা।

এটি করতে গেলে রুবিও ব্যাপক সমর্থন পাবেন। অধিকাংশ মার্কিন নাগরিক তাকে সমর্থন করবেন। ইউরোপের সরকারগুলোও সমর্থন করবে। উপসাগরীয় দেশগুলোর সরকার, জ্বালানি উৎপাদক এবং ব্যবসায়ীরাও তার পাশে থাকবে-এমনকি মাগা সমর্থকদেরও সমর্থন পাওয়া যাবে। কারণ তারাও যথার্থভাবেই আশঙ্কা করছেন, ট্রাম্প যুক্তরাষ্ট্রকে আরেকটি দীর্ঘস্থায়ী যুদ্ধে জড়িয়ে ফেলেছেন। ট্রাম্পও হয়তো রুবিওর প্রতি কৃতজ্ঞ হবেন। তিনি জানেন, তিনি সমস্যায় পড়েছেন। তাকে সেই সমস্যা থেকে বের করে আনার জন্য কারও প্রয়োজন।

রুবিওর অবস্থান আনুষ্ঠানিকভাবে এতটা শক্তিশালী হওয়া সত্ত্বেও তিনি ওপরের কোনো কাজই করবেন না বলেই মনে হয়। আর এ কারণেই ট্রাম্পের পর যুক্তরাষ্ট্রের প্রশাসনে তাকেই সবচেয়ে বিপজ্জনক ব্যক্তি হিসেবে দেখা যায়।

রুবিও বিপজ্জনক। কারণ তিনি ট্রাম্পের সবচেয়ে খারাপ প্রবণতাগুলোকে কার্যকর করতে সহায়তা করেন। একই সঙ্গে নিজের দায়িত্বও এড়িয়ে যান। সীমাহীন মার্কিন আধিপত্য নিয়ে উগ্র ডানপন্থীদের কল্পনাকে তিনি যুক্তিভিত্তিক গ্রহণযোগ্যতার আবরণ দেন। জেডি ভ্যান্স সামাজিক যোগাযোগমাধ্যমে শিশুসুলভ নাম ধরে গালাগালিতে মেতে থাকেন। পিট হেগসেথ নিজেকে 'যুদ্ধবিষয়ক মন্ত্রী' হিসেবে তুলে ধরে উগ্র জাতীয়তাবাদী বক্তব্য দেন। তাদের তুলনায় রুবিও আরও বিপজ্জনক।

কারণ তিনি দেখতে ও শুনতে যুক্তিবাদী মনে হতে পারেন। ট্রাম্পের উত্তরসূরি হিসেবে তার নির্বাচিত হওয়ার সম্ভাবনাও যথেষ্ট। 'মাগা' আন্দোলনের নেতৃত্বও তার হাতে যেতে পারে। হয়তো তার আগেই তিনি আবার নিজের অবস্থান বদলাবেন, আবার কিছু নীতি ও আদর্শের কথা মনে করবেন, কূটনৈতিক দক্ষতা ফিরে পাবেন, কয়েকটি আগুন নেভাবেন। নিজের মতামত বারবার বদলানোর ক্ষেত্রে তিনি এরই মধ্যে প্রমাণ করেছেন যে, তার অবস্থান অত্যন্ত পরিবর্তনশীল। রুবিও চাইলে এখনো বড় কিছু করতে পারেন। অথবা তিনি ট্রাম্পের সমান কিংবা তার চেয়েও বড় একটি সমস্যায় পরিণত হতে পারেন।

লেখক: গার্ডিয়ানের পররাষ্ট্রবিষয়ক ভাষ্যকার। গার্ডিয়ানে প্রকাশিত নিবন্ধটি ভাষান্তর করেছেন আবিদ আজাদ।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)
MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

# HELLO! BANGLADESH

30-05

RESTAURANT

718-392-4071

এস্টোরিয়া'র প্রাণকেন্দ্র বাংলাদেশী অধ্যুষিত এলাকায় অবস্থিত সুন্দর ও মনোরম পরিবেশে পরিবার পরিজন নিয়ে ফ্রেশ এবং সম্পূর্ণ দেশীয় স্বাদের রকমারি হালাল খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান!

* গ্রাহকের সন্তুষ্টি ও সেবা প্রদানই আমাদের প্রধান লক্ষ্য।
* সকল অনুষ্ঠানের ক্যাটারিং অর্ডার নেয়া হয়।
* সুন্দর ও মনোরম পার্টি হলে আজই আপনার বুকিং কনফার্ম করুন।



HALAL







30 -05 36th Ave , Astoria
NY 11106
Tell : 718 -392 -4071

For Catering and Party Hall Booking
Please Call :
Masum : 347 -678 -4774
Tanzil : 646 -938 -8069


HOPE & CHERISH
HOME CARE
HOME CARE
PCA, HHA, OPWDD & PEDIATRIC SERVICE
COUNTIES SERVED
BRONX • BROOKLYN • MANHATTAN
STATEN ISLAND • QUEENS • NASSAU
WE ARE PROVIDING PCA/HHA CERTIFICATION, TRAINING, AND RECRUITMENT
Please Contact
718-252-3590
CELL: 646-591-8396 | TEXT: 646-591-8396
EMAIL: SHAH@HOPENCHERISH.COM
WWW.HOPENCHERISH.COM
3345 NEPTUNE AVE, BROOKLYN, NY 11224

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC. BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

**Please Contact**

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনিং

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
সাথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ঃ স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

# দিনাজপুর জেলা সমিতি আমেরিকা ইনক্

## DINAJPUR ZILLA SAMITY AMERICA INC. PICNIC 2026

# বার্ষিক বনভোজন ২০২৬

**স্থানঃ হেকশিয়ার স্টেট পার্ক, লং আইল্যান্ড**
**তারিখঃ ২৩শে আগস্ট ২০২৬ ইং, রবিবার**

Pavilion 3
1 Heckscher State Pkwy
East Islip
NY 11730

সম্মানিত সুধী,
আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, দিনাজপুর জেলা সমিতি আমেরিকা ইনক-এর বার্ষিক বনভোজন আগামী ২৩শে আগস্ট ২০২৬ইং, রবিবার "হেকশিয়ার স্টেট পার্ক, লং আইল্যান্ড" এর প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা সবুজ শ্যামল ও লেকের পাশে মনোরম পরিবেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত বনভোজন ও মিলন মেলায় আপনারা সকলে সাদরে আমন্ত্রিত।

### আমন্ত্রণে

| | | |
|---|---|---|
| মোঃ সামিউর রহমান<br>আহ্বায়ক<br>৬৪৬-৫৫২-৪৭১৯ | ফজেনুর আলম বাবু<br>প্রধান সমন্বয়কারী<br>৬৪৬-৩৩৮-৯৪৭৯ | মোঃ আমিনুর ইসলাম<br>সদস্য সচিব<br>৩৪৭-২৬৪-৩২৯৬ |
| মোঃ টি. ইসলাম<br>যুগ্ম আহ্বায়ক<br>৭১৮-৮০৮-৩৩৬০ | এ্যাড. আব্দুর রশীদ<br>যুগ্ম সমন্বয়কারী<br>৩৪৭-৭৪০-৪৫৯৯ | মোঃ রানা পারভেজ<br>যুগ্ম সদস্য সচিব<br>৩৪৭-২৮৫-২২৭০ |

### শুভেচ্ছান্তে

| | |
|---|---|
| মোঃ জাবেদ চৌধুরী ভুট্টু<br>সভাপতি<br>৯১৭-৭১৭-৯৪৪৮ | মোঃ বিপুল সরকার<br>সাধারণ সম্পাদক<br>৯১৭-৪৫৯-২৮৬২ |

**বনভোজনে অংশগ্রহণকারীর রেজিস্ট্রেশন বাধ্যতামূলক**

যোগাযোগঃ মোহাম্মদ এস. রহমতুল্লাহ বাবু, ৭১৮-৬৬৬-৭৩৭০
সহ-কোষাধ্যক্ষ

**আকর্ষণীয় র‍্যাফেল ড্র**

**লটারীতে জিতে নিন আকর্ষণীয় মূল্যবান পুরুস্কার**
নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক বিমান টিকেট, স্মার্ট টিভি, ল্যাপটপ, আইপ্যাড, ট্যাবলেট, এসিসহ আকর্ষণীয় আরও অনেক পুরুস্কার।

## বিশেষ আর্কষণ

- খেলাধুলা
- ঝালমুড়ি
- গান-বাজনা
- তরমুজ ও
- খানাপিনা
- গরম চা

### সার্বিক তত্ত্বাবধানে উপদেষ্টা মন্ডলী

ড. কফুল কুদ্দুস, ফার্মাসিস্ট আব্দুর রশিদ, ইঞ্জি. শাহ আলম বাবু, ইঞ্জি. ইসতিয়াক আহমেদ, সৈয়দ সামসুজ্জোহা, মোঃ রেজাউল ইসলাম, ইঞ্জি. হাফিজুর রহমান, আব্দুর রউফ চৌধুরী কুমার, মোহাম্মদ আসিফ করিম, মোঃ আনোয়ার সোবহানী, মোঃ মোশারফ হোসেন।

### সার্বিক সহযোগিতায় কার্যকরী কমিটিঃ

ফজেনুর আলম বাবু, মোঃ গোলাম কিবরিয়া, রেজাউল করিম বাপ্পি, আমিনুর রহমান ইনসান, ডাঃ মহিদুল চৌধুরী, মোঃ মোস্তাক আহমেদ, মোঃ শাহিন চৌধুরী, মোঃ শামীম সরকার, এ কে আলম লিটিমুন, মোঃ লুৎফর রহমান, ডাঃ নার্গিস রহমান, কামরুন্নাহার চিশতি, কিবরিয়া বি. চৌধুরী, মোঃ মাসুদ রানা, মোহাম্মদ এস. রহমতুল্লাহ, মোঃ আরিফুল রহমান (লাভন), মোঃ তরিকুল ইসলাম, মোঃ রানা পারভেজ, মোঃ শফিউল্লাহ, মোঃ কিবরিয়া হাবিব, মোঃ সামিউর রহমান, মোঃ জুয়েল শেখ, মোঃ তারেক জামেরী, মোহাম্মদ টি. ইসলাম, শামীমা ইসলাম সুমী, এ্যাড. আব্দুর রশিদ।

প্রচার সম্পাদক মোঃ আমিনুর ইসলাম ৩৪৭-২৬৪-৩২৯৬ কর্তৃক প্রচারিত ও প্রকাশিত

# Bangladesh Law Society USA, Inc.
## বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ, ইনক

# শরৎ উৎসব ও ফ্যামিলি নাইট-২০২৬

সাংস্কৃতিক অনুষ্ঠান

তারিখ: শুক্রবার, ৪ সেপ্টেম্বর, ২০২৬, স্থান: সানাই রেস্টুরেন্ট অ্যান্ড পার্টি হল
৩৭-৪৩, ৭৪তম স্ট্রিট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২

### বিশেষ আমন্ত্রণপত্র

প্রিয় সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলার আকাশে নীলের কোমল বিস্তার, বাতাসে দোল খাওয়া কাশফুল, আর প্রকৃতির নির্মল সৌন্দর্যে ভরপুর শরৎ -এই মনোরম ঋতুকে কেন্দ্র করে **বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ, ইনক্‌** আয়োজন করেছে এই উৎসব।

**"শরৎ উৎসব ও ফ্যামিলি নাইট-২০২৬"-এর** সংস্কৃতি সন্ধ্যা ও মনোমুগ্ধকর পরিবেশনা, সৌহার্দপূর্ণ আড্ডা, এবং পরিবারের সকলের জন্য আনন্দমুখর আয়োজন - সব মিলিয়ে এটি হবে এক স্মরণীয় সন্ধ্যা। অনুষ্ঠান শেষে থাকছে সুস্বাদু নৈশ ভোজের বিশেষ আয়োজন। আপনাদের আন্তরিক উপস্থিতি আমাদের এই আয়োজনকে আরও প্রাণবন্ত করবে এবং শরতের সৌন্দর্যকে সবার মাঝে ছড়িয়ে দিতে সহায়তা করবে।

আপনি ও আপনার পরিবারকে আমরা আন্তরিকভাবে স্বাগত জানাই।

শুভেচ্ছান্তে

**ব্যারিস্টার মো: আকমাম খাঁন**
**ভারপ্রাপ্ত সভাপতি**
বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ, ইনক.
ফোন: ৯১৭ ৪১২ ২৭৭২

**অ্যাডভোকেট মো: আতিকুর রহমান শাবু**
**ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক**
বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ, ইনক.
ফোন: ৩৪৭ ৯৫২ ২৫৬১

# House for Sale



KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson
347.465.3220
kamruzbaccu1@gmail.com
MLS | Island Advantage

**2114 Lacombe Ave, Bronx, NY 10473**
Gut renovated A to Z , bricks, attached, 2 family,
5 bedrooms, 3 bathrooms, 2 car parking
**Asking: $949,000**
**Open House** Fri, Sat & Sun: 12pm-3pm



**86 George St, East Hills, NY 11577**
4 bedrooms , 4 bathrooms , 2 car garage
3,024 sq ft, Lot 60x100 (Built in 2003)
**Asking: $1,950,000**



**Condo for Sale, Built in 2007**
**175-28 89th Ave, Jamaica, Apt-3C,**
**2 bedrooms, 2 bathrooms,**
**one car parking, no elevator**
**Asking: $350,000**
(Cash or Rehab Loan)





## শিক্ষককে অপমানের সংস্কৃতি: আমরা কত নিচে নামছি

৬ পৃষ্ঠার পর

অথচ একজন সুখী, মানসিকভাবে সুস্থ ও সৃজনশীল শিক্ষকই একজন ভালো শিক্ষক হতে পারেন। যে সমাজ তার শিক্ষকদের স্বাভাবিক জীবনযাপনের অধিকারকে সম্মান করে না, সে সমাজ কখনো মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পারে না।
বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ হতে হবে সম্পূর্ণ স্বচ্ছ, মেধাভিত্তিক এবং প্রতিযোগিতামূলক।
কোনো ধরনের দলীয় বা ব্যক্তিগত প্রভাব নয়-প্রার্থীর শিক্ষাজীবনের ফলাফল, গবেষণা, আন্তর্জাতিক প্রকাশনা, উপস্থাপনা দক্ষতা, শ্রেণিকক্ষে পাঠদানের সক্ষমতা এবং সাক্ষাৎকারের সামগ্রিক মূল্যায়নের ভিত্তিতেই নিয়োগ নিশ্চিত করতে হবে।
একই সঙ্গে শিক্ষকদেরও জবাবদিহির আওতায় আনতে হবে। তাঁরা কতটা আন্তরিকতার সঙ্গে পাঠদান করছেন, শিক্ষার্থীদের শেখাতে পারছেন কি না, আধুনিক শিক্ষণ-পদ্ধতি ব্যবহার করছেন কি না-এসব বিষয়ে নিয়মিত একাডেমিক মূল্যায়ন ও সহায়ক মনিটরিং ব্যবস্থা থাকতে পারে। কিন্তু সেই মূল্যায়নের ভাষা হতে হবে পেশাদার, সম্মানজনক এবং আইনসম্মত।
কোনো অবস্থাতেই শিক্ষককে গালাগাল করা, প্রকাশ্যে অপমান করা, জোরপূর্বক পদত্যাগে বাধ্য করা কিংবা শারীরিকভাবে হেনস্তা করা একটি সভ্য রাষ্ট্রে গ্রহণযোগ্য হতে পারে না। দেশে আইন আছে, আদালত আছে, প্রশাসনিক ও বিচারিক ব্যবস্থা আছে। অভিযোগ থাকলে তার সমাধানও আইনের মাধ্যমেই হতে হবে।
যদি শিক্ষকদের জীবনমান উন্নত না হয়, তাহলে মেধাবীরা শিক্ষকতা পেশায় আসবেন না। যদি শিক্ষকতার সামাজিক মর্যাদা কমতে থাকে, তাহলে এই পেশা আর সেরা মেধার মানুষদের আকর্ষণ করবে না। এর প্রভাব সবচেয়ে বেশি পড়বে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায়, আর সেই দুর্বল ভিত্তির ওপর কখনোই একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয় ব্যবস্থা গড়ে উঠতে পারে না।
মব, হামলা, ভাঙচুর কিংবা সামাজিক যোগাযোগমাধ্যমে চরিত্রহনন-এসব কোনো সভ্য সমাজের ভাষা হতে পারে না।
বাংলাদেশের এক প্রত্যন্ত গ্রামের একজন স্কুলশিক্ষকের টিনের ঘরে আজও বর্ষার রাতে বৃষ্টির পানি পড়ে।
অথচ সেই শিক্ষকেরই একসময়ের ছাত্র আজ কানাডার টরন্টোতে বহুজাতিক প্রতিষ্ঠানে কাজ করছে, শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে বসে একটি সচ্ছল জীবন কাটাচ্ছে।
এটাই শিক্ষকতার মহত্ত্ব-নিজে সীমাবদ্ধতার মধ্যে থেকেও অন্যের ভবিষ্যৎ গড়ে তোলা। কিন্তু প্রশ্ন হলো, আর কত দিন?
যদি শিক্ষকদের জীবনমান উন্নত না হয়, তাহলে মেধাবীরা শিক্ষকতা পেশায় আসবেন না। যদি শিক্ষকতার সামাজিক মর্যাদা কমতে থাকে, তাহলে এই পেশা আর সেরা মেধার মানুষদের আকর্ষণ করবে না।
এর প্রভাব সবচেয়ে বেশি পড়বে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায়, আর সেই দুর্বল ভিত্তির ওপর কখনোই একটি শক্তিশালী বিশ্ববিদ্যালয় ব্যবস্থা গড়ে উঠতে পারে না। আমরা এমন একটি বাংলাদেশ চাই, যেখানে শিক্ষক সম্মান নিয়ে বাঁচবেন, শিক্ষার্থী আনন্দ নিয়ে শিখবে এবং বিদ্যালয় হবে সৃজনশীলতা, মানবিকতা ও জ্ঞানের প্রাণকেন্দ্র।
একটি আনন্দময় শিক্ষাব্যবস্থার ভিত্তি হলো একজন আনন্দময়, নিরাপদ এবং সম্মানিত শিক্ষক। শিক্ষককে মর্যাদা দেওয়া কোনো পেশাকে সম্মান জানানো নয়; এটি একটি জাতির ভবিষ্যতের ওপর বিনিয়োগ।
ড. আদনান মান্নান: অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## ইরানি বিপ্লব এখন তৃতীয় অধ্যায়ে

৬ পৃষ্ঠার পর

যায়নি। কিন্তু দৃশ্যত এটিকে আর যথেষ্ট বলে মনে করা হচ্ছে না। অতএব, ইরান হয়তো কোনো 'তৃতীয় প্রজাতন্ত্রে' প্রবেশ করছে না; বরং এটি তার বিপ্লবের তৃতীয় পর্যায়ে প্রবেশ করছে-যার সূচনা হচ্ছে যুদ্ধ, প্রতিপক্ষদের সঙ্গে প্রত্যক্ষ সংঘাত এবং প্রতিরোধনীতির গভীর রূপান্তরের মধ্য দিয়ে।
সম্ভবত আগের কোনো পর্যায়ই এমন একটি কৌশলগত পরিবেশে শুরু হয়নি, যা ইসলামি প্রজাতন্ত্রের প্রতিরোধ, অভিযোজন এবং শক্তি প্রদর্শনের সক্ষমতাকে এত স্পষ্টভাবে সামনে এনেছে। প্রতিপক্ষদের সর্বোচ্চ চাপের মধ্যেই ইরানি বিপ্লবের এই নতুন অধ্যায়ের সূচনা হচ্ছে-পশ্চাদপসরণের প্রকাশ হিসেবে নয়, বরং সংঘাত মোকাবিলা করে টিকে থাকা এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থায় নিজের অবস্থান নতুনভাবে নির্ধারণ করার সক্ষমতার প্রমাণ হিসেবে।
সাইয়েদ মার্কোস তেনোরিও মধ্যপ্রাচ্যের ভূরাজনীতিবিষয়ক একজন ইতিহাসবিদ, লেখক ও বিশ্লেষক। তিনি ব্রাজিল-ইরান ফ্রেন্ডশিপ ইনস্টিটিউটের সভাপতি। মিডলইস্ট মনিটর থেকে নেওয়া। ইংরেজি থেকে অনুবাদ।

## গোলাপী এখন সড়কে ...

৫ পৃষ্ঠার পর

বদলেছে- সেটি বড় প্রশ্ন।
ঢাকার বাসে জায়গা পাওয়া কঠিন। ওঠা কঠিন। নামা কঠিন। ভিড়ের মধ্যে নিজের শরীরটুকু নিরাপদ রাখা অনেক সময় কঠিন। নারী যাত্রীদের হয়রানির অভিজ্ঞতার কথাও বিভিন্ন গবেষণায় উঠে এসেছে। ব্র্যাকের এক গবেষণা বলছে, গণপরিবহনে চলাচলের সময় দেশের ৯৪ শতাংশ নারী কোনো না কোনো ধরনের হয়রানির শিকার হন।
অর্থাৎ নারীকে আমরা বলেছি- বেরিয়ে এসো, কাজ করো, পড়াশোনা করো, নিজের পায়ে দাঁড়াও।
কিন্তু শহরের রাস্তা সব সময় বলেনি- 'এসো, তোমার জন্য জায়গা আছে।' বরং বাসে ওঠার সময় উল্টোও শোনা যায়, 'জায়গা নেই'। যদিও এই জায়গা শুধু নারীর জন্যই থাকে না।
এই বৈপরীত্যটাই গোলাপি বাসের প্রয়োজনীয়তার সামাজিক পটভূমি।
এবার যে গোলাপি বাস নামছে, তার আগে ঢাকার রাস্তায় নারীদের জন্য বাস চলেছে।
১৯৯৮ সালে বিআরটিসি পরীক্ষামূলকভাবে মহিলা বাস সার্ভিস চালু করেছিল। ২০০১ সালে তা ঢাকা ও আশপাশের এলাকায় সম্প্রসারণ করা হয়। পরে সেবাটি প্রায় বন্ধ হয়ে যায়। ২০০৯ সালে আবার তা পুনরুজ্জীবিত করার উদ্যোগ নেওয়া হয়। ২০১৮ সালে বেসরকারি উদ্যোগে 'দোলনচাঁপা' নামে চারটি বাসও চালু হয়েছিল; কিন্তু প্রায় চার বছর পর ২০২২ সালের অক্টোবরে সেই সেবাও বন্ধ হয়ে যায়।
এখানেই নতুন গোলাপি বাসের সবচেয়ে বড় প্রশ্নটি দাঁড়িয়ে আছে। আগেরগুলো টেকেনি কেন?
শুধু বাস নামালেই কি নারী যাত্রী তৈরি হয়?
নাকি নারী যাত্রীর জন্য এমন সেবা তৈরি করতে হয়, যা তার জীবনযাত্রার সঙ্গে মেলে?
একজন অফিসগামী নারী সকাল ৮টায় বাস পেলেন; কিন্তু সন্ধ্যা ৭টায় ফেরার সময় বাস পেলেন না- তাহলে সেবা কতটা কার্যকর?
একজন পোশাককর্মী কম ভাড়ায় কর্মস্থলে যেতে চান। একজন বিশ্ববিদ্যালয়ছাত্রী চান নির্দিষ্ট সময়ে ক্লাসে পৌঁছাতে। একজন নার্সের ডিউটি হয়তো রাতেও। তাদের প্রয়োজন এক নয়।
নারীর জন্য বাস মানেই শুধু আলাদা বাস নয়।
নারীর সময়কে বোঝা, তার অর্থনৈতিক সামর্থ্যকে বোঝা এবং তার নিরাপত্তাকে পরিবহন পরিকল্পনার অংশ করা।
নতুন উদ্যোগের আরেকটি তাৎপর্য এখানেই। এই বাসে শুধু যাত্রীই নারী নন; চালক ও কন্ডাক্টর হিসেবেও নারীরা থাকবেন। ঢাকায় প্রাথমিকভাবে ১০টি গোলাপি বাস চালুর কথা জানিয়েছে বিআরটিসি। ভবিষ্যতে যাত্রী চাহিদা অনুযায়ী বাসের সংখ্যা বাড়ানোর কথাও বলা হয়েছে।
এটি শুধু নারী যাত্রীর নিরাপত্তার প্রশ্ন নয়।
এটি শ্রমবাজারেরও একটি ছবি।
যে পেশাগুলো দীর্ঘদিন পুরুষের বলে ধরে নেওয়া হয়েছে, সেখানে নারী ঢুকছেন। স্টিয়ারিংয়ের সামনে বসছেন। গণপরিবহনের কর্মী হচ্ছেন। অর্থাৎ গোলাপি বাসের ভেতরে একসঙ্গে দুটি পরিবর্তনের সম্ভাবনা আছে- নারীর যাত্রী হওয়া এবং নারীর পরিবহনকর্মী হওয়া।
তবে এখানেও সাফল্য মাপার জন্য উদ্বোধনের দিনের ছবি যথেষ্ট নয়।
নারীচালকরা কতদিন এই পেশায় থাকবেন? তাদের কর্মপরিবেশ কেমন হবে? তাদের নিরাপত্তা কতটা নিশ্চিত হবে? যাত্রীদের আচরণ কেমন হবে? সেবাটি নিয়মিত থাকবে তো?
এসব প্রশ্নের উত্তরই ঠিক করবে, গোলাপি বাস আসলে পরিবর্তনের বাহন হবে, নাকি কিছুদিন পর আরেকটি স্মৃতি।
গোলাপি রঙটি তাই এখানে গুরুত্বপূর্ণ- আবার খুব গুরুত্বপূর্ণ নয়ও। গুরুত্বপূর্ণ, কারণ রাস্তায় দূর থেকেই বাসটিকে আলাদা করে চেনা যাবে। গুরুত্বপূর্ণ নয়, কারণ শেষ পর্যন্ত একটি বাসের সাফল্য তার রঙে নির্ধারিত হয় না।
বাস গোলাপি হতে পারে; কিন্তু সময়মতো না এলে সেটি নারীর জীবনকে সহজ করবে না। বাসে নারীচালক থাকতে পারেন; কিন্তু রুট যদি কর্মজীবী নারীর প্রয়োজনের সঙ্গে না মেলে, তাহলে সেই উদ্যোগ পূর্ণতা পাবে না। বাস সুন্দর হতে পারে; কিন্তু সেবা অনিয়মিত হলে রঙটি একসময় শুধু বিজ্ঞাপনের অংশ হয়ে থাকবে। তাই আসল পরিবর্তন বাসের গায়ে নয়। পরিবর্তন হতে হবে ব্যবস্থাপনায়।
১৯৭৮-এর গোলাপীকে সমাজ কাজ করতে দেখেছিল সন্দেহের চোখে। তার জীবিকার পথ ছিল কঠিন। দরিদ্র মানুষের জন্য বেঁচে থাকার পথ কতটা সংকীর্ণ- সিনেমাটি সেই বাস্তবতাই সামনে এনেছিল। ২০২৬-এর নারী অনেক দূর এগিয়েছেন। তিনি অফিসে যান। বিশ্ববিদ্যালয়ে পড়েন। হাসপাতাল চালান। কারখানায় কাজ করেন। ব্যবসা করেন। প্রশাসনে যান। প্রযুক্তি প্রতিষ্ঠানে কাজ করেন। সংবাদপত্রে কাজ করেন। আদালতে যান। কিন্তু তারও একটি ট্রেন, একটি বাস, একটি রিকশা, একটি রাস্তা দরকার। কারণ অর্থনৈতিক স্বাধীনতা ঘরের দরজা পেরোলেই শেষ হয় না। অর্থনৈতিক স্বাধীনতারও একটি যাতায়াতব্যবস্থা লাগে।
একজন নারী চাকরি পেলেন; কিন্তু অফিসে যাওয়া যদি অনিরাপদ হয়, সেই চাকরি তার কাছে কতটা টেকসই? একজন ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলেন- কিন্তু প্রতিদিন যাতায়াতের ভয় যদি তাকে ক্লান্ত করে, সেই শিক্ষার সুযোগ কতটা পূর্ণ? একজন মা কাজ করতে চান- কিন্তু সন্তানকে রেখে দীর্ঘ ও অনিরাপদ যাত্রা করতে হলে তার সিদ্ধান্ত কতটা সহজ?
এই ছোট ছোট প্রশ্নগুলোর যোগফলই আসলে একটি দেশের আর্থ-সামাজিক বাস্তবতা। গোলাপি বাস তাই একা কোনো সমাধান নয়। এটি একটি দরজা খুলতে পারে; কিন্তু দরজার ওপাশে পথটিও তৈরি করতে হবে।
নারীর জন্য নিরাপদ গণপরিবহন দরকার। একই সঙ্গে দরকার সাধারণ গণপরিবহন ব্যবস্থার নিরাপত্তা ও শৃঙ্খলা। কারণ সব নারী সবসময় গোলাপি বাসে উঠবেন না, উঠতে পারবেনও না। একটি শহরের অধিকাংশ নারী প্রতিদিন যে সাধারণ বাসে চলেন, সেই বাসও নিরাপদ হতে হবে।
এ কারণে গোলাপি বাসের সাফল্য শেষ পর্যন্ত শুধু ১০টি বাসের যাত্রীসংখ্যা দিয়ে মাপা উচিত নয়। মাপা উচিত- কতজন নারী নিয়মিত যাতায়াতের সুযোগ পেলেন। কতজন নারী কর্মক্ষেত্রে যেতে পারলেন। কতজন শিক্ষার্থী নিরাপদে ক্লাসে পৌঁছালেন। কতজন নারী পরিবহন খাতে কাজ পেলেন। এবং সবচেয়ে বড় কথা- কতটা বদলাল সেই ধারণা, যে শহরের রাস্তায় নারীর চলাচল যেন একটি বাড়তি ব্যবস্থা, স্বাভাবিক অধিকার নয়।
'গোলাপী এখন ট্রেনে' আমাদের মনে করিয়ে দেয়, একটি ট্রেনের কামরার ভেতরেও একটি দেশের শ্রেণি, দারিদ্র্য, ক্ষমতা ও বঞ্চনার গল্প লুকিয়ে থাকতে পারে। আজ গোলাপি বাস ঢাকার রাস্তায় নামছে। এই বাসের ভেতরেও তাই একটি শহরের গল্প থাকবে। কেউ উঠবেন জীবিকার জন্য। কেউ শিক্ষার জন্য। কেউ সংসারের জন্য। কেউ নিজের স্বপ্নের জন্য।
বাসটি যখন যানজট পেরিয়ে এগোবে, তখন হয়তো বাইরে দেখা যাবে সেই একই ঢাকা- উঁচু ভবন, ফুটপাতের ভিড়, দোকানপাট, কর্মব্যস্ত মানুষ, ছুটে চলা গাড়ি। শুধু বাসটির ভেতরে থাকবে একটি ছোট পরিবর্তনের সম্ভাবনা। একটি মেয়ে হয়তো জানালার পাশে বসে ভাববে- এই শহরে তারও একটি জায়গা আছে। একজন নারী চালকের আসনে বসে স্টিয়ারিং ঘোরাবেন-এবং হয়তো তার উপস্থিতিই কোনো আরেকজন মেয়েকে ভাবাবে, এই পেশাটিও তার হতে পারে। তখন গোলাপি রঙটি আর শুধু রঙ থাকবে না।
তবে তার আগে অনেক পথ। কারণ বাস নামানো সহজ। বাস চালু রাখা কঠিন। আর একটি সেবাকে মানুষের জীবনের অংশ করে তোলা আরও কঠিন। ১৯৭৮-এর সিনেমার গোলাপী ট্রেনে উঠেছিল জীবনের প্রয়োজনে। ২০২৬-এর গোলাপি বাস সড়কে নামছে নারীর সেই প্রয়োজনটিকে একটু স্বীকৃতি দিতে। ট্রেন বদলে বাস হয়েছে। গ্রাম বদলে মহানগর হয়েছে। জীবিকার ধরন বদলেছে; কিন্তু মানুষের বেঁচে থাকার জন্য চলার প্রয়োজন বদলায়নি।
এবার দেখার বিষয়- গোলাপি বাস শুধু রঙ বদলাবে, নাকি ঢাকার রাস্তায় নারীর চলার বাস্তবতাটাও একটু বদলাবে। কারণ শেষ পর্যন্ত প্রশ্নটি কোনো গোলাপীর নয়, কোনো গোলাপি বাসেরও নয়। প্রশ্নটি- এই শহরের রাস্তা আসলে কার জন্য?
লেখক : সিনিয়র রিপোর্টার, আগামীর সময়।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?
- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# Marriage Media

# পাত্র-পাত্রী

## খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

**খান ভাই**

**646-637-7590**

Email: khanma663@gmail.com



COOL Multiservices LLC
Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service



**শাহ্ হামজার স্মরণে**
**বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ**

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

**আমাদের প্রধান সেবাসমূহ**

* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
